ACHIEVERS | *Collectors' Handbook of Infotainment*

ডব্লিউবিসিএস প্ল্যানার

- বিদেশমন্ত্রীর শ্রীলঙ্কা সফর
- প্রধানমন্ত্রী সারাদেশে করোনা টিকাদান কর্মসূচির সূচনা করলেন
- আলোর উপর গবেষণা করে আন্তর্জাতিক পুরস্কার বাঙালি নির্মাল্য ঘোষের
- পদ্ম পুরস্কার – ২০২১
- স্কচ অ্যাওয়ার্ডে বাংলার জয়জয়কার
- ব্যাঙ্ক ও অর্থনীতি বিষয়ক গুরুত্বপূর্ণ তথ্যাবলি

PRACTICE SETS ON

WBCS (Main) Exam (Paper - III to VI) ● WBCS Preliminary Exam. ● SSC CGL (Tier-I) Exam.

সম্পাদকীয়

বাস্তব জীবনের রুক্ষ কঠোর ভূমিতে বার বার হোঁচট খেতে খেতে আমাদের সবাইকে চরৈবেতির মন্ত্রে এগিয়ে যেতে হয়। আসলে এই পথ চলা হল জীবনকে সার্থকভাবে গড়ে তুলতে এবং স্বাবলম্বী হতে। বর্তমান যুব সমাজের কাছে স্বাবলম্বী হওয়ার অন্যতম হাতিয়ার হল সরকারি চাকরি, যা এনে দেয় সামাজিক সম্মান, অর্থনৈতিক স্বাচ্ছন্দ্য ও প্রশাসনিক ক্ষমতা। সরকারি চাকরি পাওয়ার জন্য চাই অদম্য উৎসাহ, দৃঢ় আত্মপ্রত্যয়, স্থির লক্ষ্য ও সঠিক পথপ্রদর্শক। এই বিষয়ে GSCE থেকে প্রকাশিত মাসিক পত্রিকা 'অ্যাচিভার্স' এক উল্লেখযোগ্য পথপ্রদর্শকের ভূমিকা পালন করে চলছে; হয়ে উঠেছে চাকরি প্রার্থীদের প্রধান ভরসাস্থল। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও স্নাতক যোগ্যতার নিরিখে যে সমস্ত সরকারি চাকরির পরীক্ষা দেওয়া যায়, তা পাওয়ার জন্য সমস্ত বিভাগের ছাত্রছাত্রীদের কাছে এক উল্লেখযোগ্য পথপ্রদর্শক হয়ে উঠুক এই সংখ্যার 'অ্যাচিভার্স'।

'অ্যাচিভার্স'-এর ফেব্রুয়ারি সংখ্যায় সম্প্রতি ঘটে যাওয়া রাজ্য, দেশ-বিদেশের খবর, প্রয়াণ, জাতীয় ও আন্তর্জাতিক নিয়োগ, পুরস্কার ও সম্মান এবং খেলাধুলার খবরাখবর যেমন রয়েছে, তেমনি রয়েছে বিভিন্ন পরীক্ষাকেন্দ্রিক বিশেষ তথ্যের সম্ভার ডব্লিউবিসিএস প্ল্যানার। আসন্ন পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন পরিচালিত ডব্লিউবিসিএস, ওয়েস্ট বেঙ্গল পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড পরিচালিত ডব্লিউবি পুলিশ কনস্টেবল ও সাব ইন্সপেক্টর, স্টাফ সিলেকশন কমিশন পরিচালিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেবেল প্রভৃতি রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন চাকরির পরীক্ষার সঠিক ও পরিকল্পনামাফিক প্রস্তুতির জন্য সরকারি চাকরি প্রার্থীদের কাছে 'অ্যাচিভার্স' হয়ে উঠুক এক যথার্থ পত্রিকা— এই শুভকামনাই রইল।

ফেব্রুয়ারি, ২০২১
কলকাতা

—: মুদ্রক, প্রকাশক ও পরামর্শদাতা :—

হরনাথ দাস

—: মুদ্রণ :—

নবমুদ্রণ প্রাইভেট লিমিটেড

ব্লক- CP, প্লট-4, সেক্টর-V, সল্টলেক, কলকাতা- 9

—: প্রকাশিত :—

31A, এস পি মুখার্জি রোড, কলকাতা- 700025

—: সম্পাদক :—

অয়ন সরকার

—: তথ্য সংগ্রহ এবং কপি রাইটার :—

কমল কুমার বাগ, অয়ন ভড়, তানিয়া ভট্টাচার্য, শুভাশিস দত্ত

—: প্রুফ রিডার :—

অভিষেক সাহা ও শুভেন্দু পাল

—: অক্ষরবিন্যাস, অলংকরণ, পুস্তকবিন্যাস :—

কল্যাণ চক্রবর্তী ও সুদীপ খাটা

ফোন : 033 40014606, 9830277461

ই-মেল : gscepublications@gmail.com

ওয়েবসাইট : www.gsceindia.org

অ্যাচিভার্সের নিজস্ব টেলিগ্রাম চ্যানেল: https://t.me/Achievers_Magazine

— সূচিপত্র —

সাম্প্রতিক খবরের শিরোনাম

দ্বিতীয়বার ট্রাম্পের বিরুদ্ধে ইমপিচমেন্ট প্রস্তাব পাশ

বিদায়বেলায় ইতিহাস সৃষ্টি করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে এই ইতিহাস লজ্জার, কলঙ্কেরও। মার্কিন যুক্তরাষ্ট্রের প্রায় ২৫০ বছরের গণতন্ত্রের ইতিহাসে এই প্রথম কোনও প্রেসিডেন্টকে দু'বার ইমপিচমেন্টের মুখোমুখি হতে হল। বিদ্রোহে ইন্ধন জোগানোর জন্য মার্কিন কংগ্রেসের নিম্নকক্ষ হাউস অফ রিপ্রেজেন্টেটিভ। ২৩২-১৯৭ ভোটে পাশ হয় ট্রাম্পের বিরুদ্ধে ইমপিচমেন্ট প্রস্তাব। ইমপিচমেন্টের পক্ষে ভোট দেন ট্রাম্পের রিপাবলিক দলের ১০ সদস্য। চারজন ভোটদানে বিরত ছিলেন। এর আগে প্রতিদ্বন্দ্বী বাইডেনকে কোণঠাসা করতে ইউক্রেনে প্রভাব বিস্তারের অভিযোগ উঠেছিল ট্রাম্পের বিরুদ্ধে। এর বিনিময়ে ৪০ কোটি ডলার প্রতিরক্ষা সাহায্য করার প্রতিশ্রুতি দেওয়া হয় বলে অভিযোগ। সেই অভিযোগে ২০১৯ সালের ১৮ ডিসেম্বর হাউস অফ রিপ্রেজেন্টেটিভসে ইমপিচমেন্ট প্রস্তাব পাশ হয়। তবে ২০২০ সালের ৫ ফেব্রুয়ারি সেই প্রস্তাব খারিজ করে দেয় রিপাবলিক সংখ্যাগরিষ্ঠ সেনেট।

নিম্নকক্ষে ইমপিচমেন্ট প্রস্তাব পাশ হওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন পরবর্তী প্রেসিডেন্ট জো বাইডেন। প্রথম থেকেই ট্রাম্পের অপসারণ নিয়ে সোচ্চার ছিলেন হাউস স্পিকার ন্যান্সি পেলসি। সংবিধানের ২৫তম সংশোধনী অনুযায়ী ট্রাম্পকে সরানোর প্রস্তাব ২২৩-২০৫ ভোটে পাশ হয়। তবে এবার ব্যবধান আরও বেড়েছে। মার্কিন সংবিধান অনুযায়ী এইবার ইমপিচমেন্ট প্রস্তাব কংগ্রেসের উচ্চকক্ষে সেনেটে পেশ করা হবে। সেখানে ভোটাভুটিতে প্রস্তাব পাশ হলে ইমপিচমেন্ট প্রক্রিয়া সম্পূর্ণ হবে। আর তা হলে পরবর্তী সময়ে আর প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না ট্রাম্প।

১৯ জানুয়ারি পর্যন্ত সেনেটের অধিবেশন বন্ধ রয়েছে। ২০ তারিখে শপথ নিলেন জো বাইডেন। ১৭টি রিপাবলিক ভোট পেলেই সেনেটে ট্রাম্পের বিরুদ্ধে ইমপিচমেন্ট প্রস্তাব পাশ হয়ে যাবে। এখনই অবশ্য ট্রাম্পকে হোয়াইট হাউস ছাড়তে হচ্ছে না। মেয়াদ পূর্ণ হওয়া পর্যন্ত তিনি সেখানে থাকতে পারবেন। তবে নতুন সরকার গড়ার পরেও ট্রাম্পের বিরুদ্ধে সেনেটে ইমপিচমেন্ট প্রক্রিয়া চালানো যাবে।

ইমপিচের সম্মুখীন মার্কিন প্রেসিডেন্ট

- অ্যান্ড্রু জনসন ১৮৬৮
- রিচার্ড নিক্সন ১৯৭৩
- বিল ক্লিনটন ১৯৯৮
- ডোনাল্ড ট্রাম্প ২০১৯, ২০২০

বিদেশমন্ত্রীর শ্রীলঙ্কা সফর

৫-৭ জানুয়ারি শ্রীলঙ্কার বিদেশমন্ত্রী মাননীয় দীনেশ গুণওয়ার্দেনার আমন্ত্রণে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর শ্রীলঙ্কায় সরকারি সফর করলেন। তিনি শ্রীলঙ্কায় তাঁর সমপদস্থ নেতৃত্বের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক বিষয়ে বিস্তারিত আলোচনা করলেন। ২০২১ সালে বিদেশমন্ত্রীর এটি প্রথম বিদেশ সফর এবং শ্রীলঙ্কাতেও নতুন বছরে এটি প্রথম কোনও বিশিষ্ট ব্যক্তিত্বের বিদেশ সফর। এই হিসাবে, উভয় দেশ পারস্পরিক স্বার্থজড়িত সমস্ত ক্ষেত্রে তাদের ঘনিষ্ঠ এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক আরও দৃঢ় করার অগ্রাধিকারের ইঙ্গিত দেয়।

প্রধানমন্ত্রী সারাদেশে করোনা টিকাদান কর্মসূচির সূচনা করলেন

১৬ জানুয়ারি প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ভিডিও কনফারেন্সের মাধ্যমে সারা দেশ জুড়ে টিকাকরণ কর্মসূচির সূচনা করেছেন। এটি বিশ্বের মধ্যে বৃহত্তম টিকাকরণ অভিযান।

প্রধানমন্ত্রীর উদ্বোধনের সময় সারাদেশের ৩ হাজার ৬টি সংযোগের মাধ্যমে তা দেখানো হয়। প্রধানমন্ত্রী তাঁর ভাষণে প্রথমেই এই করোনা টিকাকরণ কর্মসূচির সফল রূপায়নের ক্ষেত্রে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট বিজ্ঞানীদের অভিনন্দন জানান। তিন বলেন, ভ্যাকসিন তৈরি করতে দীর্ঘ সময় লাগে। কিন্তু এত স্বল্প সময়ের মধ্যে দেশে নির্মিত একটি নয়, দুটি ভ্যাকসিন বের করা হয়েছে। ভ্যাকসিনের দুটি ডোজ নিতে যাতে কেউ ভুলে না যায় সে জন্য তিনি দেশবাসীকে সাবধান করে দেন। তিনি বলেন, দুটি ডোজের মধ্যে এক মাসের ব্যবধান রয়েছে। তিনি বলেন দ্বিতীয় ডোজ নেওয়ার পর মানবদেহে করোনার বিরুদ্ধে প্রয়োজনীয় রোগ প্রতিরোধ ক্ষমতার বিকাশ ঘটে। প্রধানমন্ত্রী এই টিকাদান কর্মসূচি নজিরবিহীন বলে উল্লেখ করে বলেন, প্রথম দফায় ভারতের ৩ কোটি প্রথম সারির যোদ্ধা এই টিকা গ্রহণ করছেন। যা বিশ্বের কমপক্ষে একশোটি দেশের জনসংখ্যার চেয়ে বেশি। তিনি বলেন যে, দ্বিতীয় দফায় যখন প্রবীণ এবং আনুষঙ্গিক উপসর্গ রয়েছে এমন ব্যক্তিরা ভ্যাকসিন নেবেন তখন সেই সংখ্যাটা হবে ৩০ কোটি। বিশ্বে ভারত, মার্কিন যুক্তরাষ্ট্র এবং চীন কেবল এই তিনটি দেশেই রয়েছে যাদের জনসংখ্যা ৩০ কোটির বেশি। প্রধানমন্ত্রী জনগণের কাছে আবেদন জানান যে, ভ্যাকসিন ও ভ্যাকসিন তৈরির সঙ্গে যুক্ত বিজ্ঞানী, চিকিৎসা ব্যবস্থা প্রভৃতি নিয়ে গুজব ও কোনরকম ষড়যন্ত্রে যেন কান না দেয়। কেননা ভারতে তৈরি এই ভ্যাকসিন আন্তর্জাতিক স্তরে স্বীকৃত। প্রধানমন্ত্রী করোনার বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে সাহসীকতার সঙ্গে লড়াই করার জন্য দেশবাসীকে শুভেচ্ছা জানান। তিনি করোনার প্রতি ভারতীয়দের প্রতিক্রিয়াটিকে

Clinology — *Study of aging or individual decline after ...*

আত্মবিশ্বাস ও স্বনির্ভরতা প্রকৃষ্ট উদাহরণ হিসেবে অভিহিত করেন। প্রতিটি ভারতীয়ের আত্মবিশ্বাসকে দুর্বল না হতে দেওয়ার জন্য তিনি আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন চিকিৎসক, নার্স, প্যারামেডিক্যাল কর্মী, অ্যাম্বুলেন্স চালক, আশা কর্মী, স্যানিটেশন কর্মী, পুলিশ এবং অন্যান্য সামনের সারির কর্মীরা অন্যের জীবন বাঁচাতে নিজেদের জীবন বিপন্ন করে তুলেছেন। এর মধ্যে অনেকেই আর তাঁদের বাড়িতে ফিরে আসেননি। কেননা তাঁরা করোনা ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে প্রাণ হারিয়েছেন। প্রথম সারির করোনা যোদ্ধারা হতাশা এবং ভয়ের পরিবেশের মধ্যে আশা নিয়ে এসেছিলেন, তাই আজ প্রথমে টিকা দেওয়ার মাধ্যমে দেশ কৃতজ্ঞতার সঙ্গে তাঁদের অবদানকে স্বীকার করছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন।

করোনা জনিত অতিমারির প্রথম দিনগুলির কথা স্মরণ করে প্রধানমন্ত্রী বলেন, ভারত সতর্কতা দেখিয়েছে এবং সঠিক সিদ্ধান্ত নিয়েছে। দেশে সর্বপ্রথম ২০২০-র ৩০ জানুয়ারি প্রথম করোনায় আক্রান্ত হওয়ার ঘটনায় দু সপ্তাহ আগে ভারত উচ্চপর্যায়ে কমিটি গঠন করে। আজ থেকে ঠিক এক বছর আগে ১৭ জানুয়ারি ভারত সঠিকভাবে নজরদারির কাজ শুরু করেছিল। ভারত-ই একমাত্র দেশ যার উপদেষ্টা কমিটি গঠন করে এবং বিমানবন্দরগুলিতে যাত্রীদের স্ক্রিনিং করার কাজ শুরু করে। জনতা কার্ফু চলাকালীন শৃঙ্খল ও ধৈর্যের সঙ্গে পরিস্থিতি মোকাবিলার সহযোগিতার জন্য প্রধানমন্ত্রী দেশবাসীকে অভিনন্দন জানান। তিনি বলেন, এর জন্য দেশকে মানসিকভাবে প্রস্তুত করেছে। প্রধানমন্ত্রী এদিন তাঁর ভাষণে বিদেশে আটকে থাকা ভারতীয়দের দেশে ফিরিয়ে নিয়ে আসার কথা উল্লেখ করে বলেন, ভারত কেবল নিজের নাগরিকদের নয়, অন্য দেশের নাগরিকদের সরিয়ে নিয়ে যাওয়ার ব্যবস্থা করেছিল। একটি দেশে সম্পূর্ণ ল্যাব প্রেরণের কথাও প্রধানমন্ত্রী তাঁর ভাষণে বলেন। যেখানে ভারতীয়দের পরীক্ষা করার কাজটি ছিল যথেষ্ট কঠিন। প্রধানমন্ত্রী বলেন, সংকট জনিত পরিস্থিতি নিয়ে ভারতের প্রতিক্রিয়া বিশ্বব্যাপী স্বীকৃত হয়েছে।

উদ্ভূত পরিস্থিতির কথা ভেবে কেন্দ্র, রাজ্য, স্থানীয়ভাবে চলা সরকার, সরকারি দপ্তর, সামাজিক সংস্থা সকলেই দক্ষতার সঙ্গে সমন্বিতভাবে কাজ করেছেন। নিউ দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সের স্যানিটেশন কর্মী মনীশ কুমার প্রথম ভারতীয় যে ভ্যাকসিন গ্রহণ করেন।

★★★

রাজ্যের উল্লেখযোগ্য খবর

২৬তম কলকাতা ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল–২০২১

৮ জানুয়ারি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় উদ্বোধন করলেন সাতদিন ব্যাপি ২৬তম কলকাতা ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল ২০২১। পশ্চিমবঙ্গের ব্র্যান্ড অ্যাম্বাসাডর শাহরুখ খান ভার্চুয়ালি এই অনুষ্ঠানে মুম্বাই থেকে যোগদান করেছিলেন। উদ্বোধনী চলচ্চিত্র হিসাবে সত্যজিৎ রায়ের 'অপুর সংসার' দেখানো হয়। এই অনুষ্ঠানে ৮১টি পূর্ণ দৈর্ঘ্য, ৫০টি স্বল্প দৈর্ঘ্য এবং ৪৫টির বেশি দেশের ডকুমেন্টারি আটটি জায়গা থেকে প্রদর্শন করানো হয়। যার মধ্যে নন্দন, রবীন্দ্র সদন, শিশির মঞ্চ এবং ক্যালকাটা ইনফর্মেশন সেন্টার অন্যতম।

হাওড়া-দিল্লি-কালকা মেলের নাম পরিবর্তন

ভারতীয় রেলের তরফ থেকে নেতাজি সুভাষ চন্দ্র বসুকে সম্মান জানাতে তাঁর ১২৫তম জন্মবার্ষিকীতে হাওড়া-দিল্লি-কালকা মেলের নাম পরিবর্তন করে রাখা হল নেতাজি এক্সপ্রেস। যা ২০২১ এর ২৩ জানুয়ারি থেকে কার্যকর হল। এটি দেশের অন্যতম পুরাতন এক্সপ্রেস যা ১৮৬৬ সালে চালু হয় হাওড়া-পেশোয়ার পর্যন্ত। ১৯৪০ সালে এই ট্রেনের সাহায্যেই সুভাষচন্দ্র বসু ব্রিটিশ প্রশাসনের চোখে ধুলো দিয়ে পালিয়ে ছিলেন।

আলোর উপর গবেষণা করে আন্তর্জাতিক পুরস্কার বাঙালি বিজ্ঞানী নির্মাল্য ঘোষের

আলোর মেরুকরণের ক্ষেত্রে মৌলিক ব্যবহারিক বিষয় সংক্রান্ত গবেষণার জন্য আন্তর্জাতিক পুরস্কার পেলেন ক্ষীরপাই শহরের ২ নম্বর ওয়ার্ড মালপাড়ার বাসিন্দা নির্মাল্য ঘোষ। নির্মাল্যবাবু কলকাতা আইজারের (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ) অধ্যাপক। আমেরিকার ইন্টারন্যাশনাল সোসাইটি ফর অপটিকস অ্যান্ড ফটোনিকস ২০০৪ সাল থেকে আলোক মেরুকরণের মৌলিক ব্যবহারিক বিষয় নিয়ে গবেষণার জন্য প্রত্যেক বছর সারা বিশ্বে একজনকে 'জি জি স্টোকস অ্যাওয়ার্ড' দিয়ে থাকে। ২০২১ সালের ওই পুরস্কার পেলেন ক্ষীরপাইয়ের বাসিন্দা ওই বিজ্ঞানী। ভারতে এই পুরস্কার এর আগে কেউই পাননি। নির্মাল্যবাবুর গবেষণায় আবিষ্কৃত পদ্ধতিতে নির্দিষ্ট তরঙ্গ দৈর্ঘ্যের মেরুকৃত আলো পদার্থের উপর ফেলে বিচ্ছুরিত বর্ণালী পর্যবেক্ষণের দ্বারা পদার্থের কম্পোজিশন সম্পর্কে ধারণা পাওয়া যাবে। বর্তমানের টেকনোলজি ব্যবহার করে অনেক সময় কোষ বা কোষের ভেতরকার বিষয়গুলো নিখুঁত করে দেখা যায় না। কিন্তু আলোর মেরুকরণের বিশেষ এই তত্ত্ব স্বাস্থ্যবিজ্ঞানে বিভিন্ন রোগকে প্রাথমিকভাবে নির্ণয় করতে ভীষণভাবে কাজে লাগবে। এই প্রযুক্তি অতি সংবেদনশীল সেন্সর হিসেবে কাজ করে বলে ক্যান্সার রোগীদের প্রথম অবস্থায় শনাক্ত করতে এই পদ্ধতি বিশেষ সুবিধা দেবে। তাছাড়াও বিভিন্ন ধরনের ক্ষুদ্রাতিক্ষুদ্র জৈব-রাসায়নিক এবং রাসায়নিক পদার্থকে শনাক্ত করতে এই তত্ত্বকে কাজে লাগানো যাবে। সেই সঙ্গে আলোক নির্ভর ন্যানো টেকনোলজিতেও এই তত্ত্ব প্রয়োগ করে অনেক উন্নতমানের ব্যবহারিক বৈদ্যুতিন (ইলেকট্রনিক্স) যন্ত্র তৈরি করা যেতে পারে। আইজারের ওই অধ্যাপকের আবিষ্কৃত নয়া তত্ত্বকে কাজে লাগিয়ে ইতি মধ্যেই গবেষণাগারে বেশ কিছু অত্যাধুনিক যন্ত্রপাতির মডেল তৈরি হচ্ছে। যা আগামী দিনে স্বাস্থ্য বিজ্ঞান এবং ন্যানো টেকনোলজির ক্ষেত্রে নতুন দিশা দেখাতে পারে।

স্কচ অ্যাওয়ার্ডে বাংলার জয়জয়কার

করোনাকালে কর্মসংস্থান থেকে পরিযায়ী শ্রমিকদের বাড়ি ফিরিয়ে আনা, স্বচ্ছতার সঙ্গে সরকারি বাস পরিষেবা চালু করার জন্য দেশের অত্যন্ত গুরুত্বপূর্ণ স্কচ অ্যাওয়ার্ডে উল্লেখযোগ্য সাফল্য পেল বাংলা। চলতি বছরে যেখানে লক্ষ লক্ষ মানুষ কাজ হারিয়েছেন, সেখানে রাজ্যের স্বনির্ভর ও সেলফ এমপ্লয়মেন্ট দপ্তর বহু মানুষকে আর্থিকভাবে স্বাবলম্বী করেছে। জাগো প্রকল্প গ্রামীণ মেয়েদের আর্থিক পাঁচ হাজার টাকা করে সাহায্য করেছে। এরজন্যই স্কচগোল্ড অ্যাওয়ার্ড জিতেছে বাংলা। এছাড়া পরিযায়ী শ্রমিকদের বাংলায় ফিরিয়ে আনা ও বাড়ি বাড়ি পৌঁছে দেওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয় এসবিএসটিসি। সেই কারণে তারা সোনা জিতেছে। একইভাবে সরকারি অধীনস্থ বা সংস্থা হয়েও স্বচ্ছতা বজায় রাখতে পুরো ব্যবস্থাপনা অনলাইন মনিটরিং সিস্টেমের মাধ্যমে আনার জন্য স্কচ অ্যাওয়ার্ড হিসেবে গোল্ড জিতেছে এসবিএসটিসি। বাংলার ঝুলিতে দুটি দপ্তরের জন্য মোট তিনটি সোনা। স্বনির্ভর দলের মেয়েদের জন্য জাগো প্রকল্পের সূচনা করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাঁচ হাজার টাকা করে আর্থিক সাহায্য মেলে এই প্রকল্পে। ইতিমধ্যেই এক দফায় টাকা দেওয়া হয়েছে। দ্বিতীয় দফার কাজ শুরু হয়েছে।

প্রাণিসম্পদ বিকাশ মেলা রাজারহাটে

রাজারহাট পঞ্চায়েত সমিতি এবং পাথরঘাটা গ্রাম পঞ্চায়েতের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হল 'প্রাণিসম্পদ বিকাশ মেলা ২০২১'। কালিকাপুর অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের ময়দানে মেলার আয়োজন করা হয়। সেখানে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির সভাপতি প্রবীর কর। এছাড়াও সেখানে ছিলেন বিডিও জয়ন্ত চট্টোপাধ্যায়।

ভিক্টোরিয়া মেমোরিয়ালে পরাক্রম দিবস পালন

২৩ জানুয়ারি নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৫তম জন্মদিন উপলক্ষ্যে কলকাতার ভিক্টোরিয়া মেমোরিয়ালে পরাক্রম দিবস পালন করা হল। এই দিবস উপলক্ষ্যে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হল। এই দিবস উপলক্ষ্যে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী প্রহ্লাদ সিং প্যাটেল, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং পশ্চিমবঙ্গের রাজ্যপাল জগদীপ ধনকড়।

দেশ ও বিদেশের উল্লেখযোগ্য খবর

সম্প্রতি সংঘটিত দেশ ও বিদেশের গুরুত্বপূর্ণ ঘটনার খবর আলাদা আলাদাভাবে এই অংশে উপস্থাপিত করা হল। এতে পাঠককুল দেশ ও বিদেশের সমস্ত গুরুত্বপূর্ণ খবর একসঙ্গে জানতে পারবেন এবং মনে রাখতে খুব সুবিধা হবে।

প্রকল্প/অ্যাপ/পোর্টাল/পরিষেবা

কোচি-ম্যাঙ্গালুরু ন্যাচারাল গ্যাস পাইপলাইন

৫ জানুয়ারি ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৪৫০ কিমি কোচি ম্যাঙ্গালুরু ন্যাচারাল গ্যাস পাইপলাইন ভার্চুয়ালি উদ্বোধন করলেন। এই পাইপলাইন কেরালার কোচি থেকে কর্ণাটকের ম্যাঙ্গালুরু পর্যন্ত প্রাকৃতিক গ্যাস বহন করে নিয়ে যাবে। এটির নির্মাতা GAIL India Pvt. Ltd. এর জন্য কেন্দ্রীয় সরকারের খরচ হচ্ছে ৩০০০ কোটি টাকা।

Toycathon পোর্টাল

৫ জানুয়ারি আন্তঃমন্ত্রক উদ্যোগ Toycathon 2021 যৌথভাবে চালু করলেন কেন্দ্রীয় নারী ও শিশুকল্যাণ মন্ত্রী স্মৃতি ভুবিন ইরানি ও কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী রমেশ পোখরিয়াল নিশাঙ্ক। সেই সঙ্গে চালু করা হল Toycathon পোর্টাল। Toycathon 2021 এর সরকারি ম্যাসকট হল Toycoo। এর মূল উদ্দেশ্য হল ভারতকে বিশ্বমানের খেলনা প্রস্তুতকারক দেশে পরিণত করা।

ভারতীয় রেলের ফ্রেইট বিজনেস ডেভেলপমেন্ট পোর্টাল

৫ জানুয়ারি কেন্দ্রীয় রেলমন্ত্রী পীযূষ গোয়েল ভারতীয় রেলের প্রথম ডেডিকেটেড ফ্রেইট পোর্টাল 'ফ্রেইট বিজনেস ডেভেলপমেন্ট পোর্টাল' চালু করলেন। এই পোর্টালের মাধ্যমে ক্রেতারা তাদের পণ্যের অবস্থান সম্পর্কে জানতে পারবে।

উত্তরপ্রদেশ সরকারের 'কিষাণ কল্যাণ মিশন'

৬ জানুয়ারি উত্তরপ্রদেশ সরকার কৃষকদের আয় দ্বিগুণ করতে তিন সপ্তাহ ব্যাপী 'কিষাণ কল্যাণ মিশন' উদ্বোধন করল। এটি রাজ্যের ৭৫টি জেলাতে চালু করা হবে। এই মিশনের মাধ্যমে সরকার কৃষকদের নতুন প্রযুক্তি সম্পর্কে অবগত করবে। কেন্দ্রীয় সরকারের সমস্ত পরিষেবার সুবিধা যাতে কৃষকেরা সহজে পেতে পারে সেই জন্য এই মিশন চালু করা হল।

পাঞ্জাব সরকারের মহিলা শিশুদের জন্য জনস্বার্থ প্রকল্প

৭ জানুয়ারি পাঞ্জাবের মুখ্যমন্ত্রী অমরিন্দর সিংহ রাজ্যের মহিলা শিশুদের জন্য জনস্বার্থ প্রকল্প চালু করলেন। তিনি ২০২১ সালের জানুয়ারি মাসকে 'ধিঁয়া দি লোহরি' হিসাবে উৎসর্গ করলেন। এই প্রকল্পের আওতায় মুখ্যমন্ত্রী পাঁচজন কন্যা সন্তান ও তাদের মাকে ৫,১০০ টাকা এবং শিশুর কিট প্রদান করলেন।

জম্মু কাশ্মীর সরকারের মোবাইল অ্যাপ 'Satark Nagrik' এবং ডিপার্টমেন্ট ভিজিলেন্স অফিসারস পোর্টাল

৭ জানুয়ারি জম্মু ও কাশ্মীরের লেফটেন্যান্ট গভর্নর মনোজ সিনহা 'সতর্ক নাগরিক' মোবাইল অ্যাপ এবং 'ডিপার্টমেন্ট ভিজিল্যান্স অফিসারস পোর্টাল' চালু করলেন। এর মাধ্যমে জম্মু কাশ্মীর সরকার দুর্নীতি সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলবে। এছাড়া এর মাধ্যমে জনগণ তাঁদের অভিযোগ সহজেই সরকারের কাছে পৌঁছে দিতে পারবে।

মণিপুর সরকারের 'COSFOM' ওয়েবসাইট

৮ জানুয়ারি মণিপুর সরকারের বন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আংবয় নিউবাই 'COSFOM' (কমিউনিটি রেসড সাসটেনেবল ফরেস্ট ম্যানেজমেন্ট ফর ওয়াটার রিসোর্স কনজারভেশনস ইন মণিপুর) ওয়েবসাইট চালু করলেন। এটি ভারত সরকারের একটি প্রোজেক্ট। মণিপুর বন বিভাগ এই প্রোজেক্টের কার্যকরী সংস্থা।

দিল্লি সরকারের শিল্পীদের জন্য ফেলোশিপ স্কিম

১৫ জানুয়ারি দিল্লির উপমুখ্যমন্ত্রী মনীশ সিসোদিয়া শিল্পীদের জন্য 'স্ট্রিট থিয়েটার অ্যান্ড পারফর্মিং আর্টস ফেলোশিপ' প্রকল্প চালু করলেন। এই প্রকল্পের জন্য থিয়েটার, সঙ্গীত, চারুকলা বিভাগ থেকে ৫০০ জন শিল্পীকে নির্বাচন করা হয়েছে। শিল্পীরা ১০ জন সদস্যের গ্রুপ তৈরি করে প্রতি সপ্তাহে দিল্লির পাবলিক প্লেসে পারফর্ম করবে।

পাঞ্জাব সরকারের ব্যবসায়ীদের জন্য 'One Time Settlement Scheme'

১১ জানুয়ারি পাঞ্জাবের মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিংহ ব্যবসায়ীদের জন্য 'One Time Settlement Scheme' চালু করলেন। এর মাধ্যমে ব্যবসায়ীরা পাঞ্জাব ভ্যালু অ্যাডেড ট্যাক্স ২০০৫ এবং সেন্ট্রাল সেলস ট্যাক্স অ্যাক্ট, ২০০৬ এর অধীনে বকেয়া সংক্রান্ত বিবাদের নিষ্পত্তি

Aceology — *Therapeutics* • **Acology** — *Study of medical remedies*

করতে পারবে। এর জন্য পাঞ্জাব সরকার ১২১.০৬ কোটি টাকা খরচ করবে।

ভারতের প্রথম 'মাইগ্রেন্ট ওয়ার্কার সেল'

কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান ভারতের প্রথম মাইগ্রেন্ট ওয়ার্কার সেল গুজরাটের সুরাটে উদ্বোধন করলেন। এটি 'সুরাট মিউনিসিপ্যাল কর্পোরেশন'-এর একটি উদ্যোগ। ওড়িশা ও তার আশপাশের রাজ্যে অভিবাসীরা সুরাটের বিভিন্ন শিল্পতে যাতে কাজ পায় তার জন্য এই সেল কাজ করবে।

সিবিআইসির ফ্ল্যাগশিপ ইনিসিয়েটিভ 'Liberalised MSME AEO Package'

কোভিড-১৯ মহামারির কারণে ছোট ক্ষুদ্র ও মাঝারি শিল্প যে সমস্ত সমস্যার সম্মুখীন হয়েছে তার সমাধানে সিবিআইসি তার ফ্ল্যাগশিপ ইনশিয়েটিভ 'Liberalised MSME AEO Package' চালু করল। এর মাধ্যমে ছোট ক্ষুদ্র ও মাঝারি শিল্প অথোরাইজড ইকনমিক অপারেশনস হিসাবে কাজ করবে যার মাধ্যমে দ্রুততর কাস্টমস ক্লিয়ারেন্স পাওয়া যাবে।

কয়লা দপ্তরের 'সিঙ্গল উইন্ডো ক্লিয়ারেন্স সিস্টেম'

১১ জানুয়ারি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কয়লা খনির জন্য 'সিঙ্গল উইন্ডো ক্লিয়ারেন্স সিস্টেম' চালু করলেন। কয়লা খনির কার্য প্রণালী মসৃণ করার জন্য এই সিস্টেমটির উদ্বোধন করা হল। এই সিঙ্গেল উইন্ডো ক্লিয়ারেন্স সিস্টেম স্বচ্ছতা বৃদ্ধি করতে এবং ইজ অফ ডুয়িং বিজনেসকে প্রোমোট করতে সাহায্য করবে।

ভারতের প্রথম এয়ার ট্যাক্সি সার্ভিস

১৪ জানুয়ারি হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহর লাল খট্টর ভারতের প্রথম এয়ার ট্যাক্সি সার্ভিস হরিয়ানার চণ্ডীগড় থেকে হিসার এয়ারপোর্ট পর্যন্ত চালু করলেন। এটি RCS–UDAN প্রকল্পের একটি অংশ।

প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা ৩.০–২০২০-২১

১৫ জানুয়ারি কেন্দ্রীয় দক্ষতা উন্নয়ন এবং উদ্যোক্তা মন্ত্রী ডঃ মহীন্দ্রনাথ পাণ্ডে প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনার তৃতীয় পর্যায় দেশজুড়ে ৬০০টি জেলাতে চালু করলেন। এর জন্য বরাদ্দ অর্থ ৯৪৮.৯ কোটি টাকা। কেন্দ্রীয় দক্ষতা উন্নয়ন এবং উদ্যোক্তা মন্ত্রক এই যোজনার কার্যকরী সংস্থা। এর মূল উদ্দেশ্য হল চাহিদা ভিত্তিক দক্ষতা উন্নয়ন, ডিজিটাল প্রযুক্তি এবং ইন্ডাস্ট্রি ৪.০ স্কিলসের উপর লক্ষ্য রাখা।

ডপলার ওয়েদার র‍্যাডারস

১৫ জানুয়ারি 'ইন্ডিয়ান মেটেরোলজিক্যাল ডিপার্টমেন্ট'-এর ১৪৬তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে ডঃ হর্ষ বর্ধন 'ডপলার ওয়েদার র‍্যাডারস' উত্তরাখণ্ডের মুক্তেশ্বর এবং হিমাচল প্রদেশের খুপরিতে উদ্বোধন করলেন।

ন্যাশনাল ইনোভেশন ফান্ডের ন্যাশনাল ইনোভেশনস পোর্টাল

১৫ জানুয়ারি কেন্দ্রীয় বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রী ডঃ হর্ষ বর্ধন ন্যাশনাল ইনোভেশন ফান্ডের তৈরি ন্যাশনাল ইনোভেশন পোর্টাল' দেশের উদ্দেশ্যে উৎসর্গ করলেন। এই পোর্টাল এর মাধ্যমে দেশবাসীরা ডাটাবেসে কী কী প্রযুক্তি উপলব্ধ আছে তা জানতে পারবে সহজেই। এই পোর্টালে বর্তমানে জনসাধারণের ১.১৫ লক্ষ ইনোভেশন উপলব্ধ আছে।

ঝাড়খণ্ড সরকারের 'কিষাণ ফসল রাহত যোজনা'

ঝাড়খণ্ড সরকার 'কিষাণ ফসল রাহত যোজনা' চালু করল। এটি ভারত সরকারের ফসল বিমা প্রকল্প প্রধানমন্ত্রী 'ফসল বিমা যোজনার' পরিবর্তে চালু করা হল। এই প্রকল্পের উদ্দেশ্য হল খাদ্য নিরাপত্তা, ফসলের বৈচিত্র্যতা, কৃষিক্ষেত্রের দ্রুত উন্নতি। ০.১ থেকে ৫ একর জমির ক্ষেত্রে ক্ষতিপূরণ দেওয়া হবে ৩৫০০ টাকা প্রতি একর হিসাবে।

ভারতীয় বিমানবাহিনীর ই-গভর্ন্যান্স পোর্টাল 'e-office'

ভারতীয় বিমানবাহিনীর এয়ার চিফ মার্শাল আর কে এস ভাদুরিয়া ই-গভর্ন্যান্স পোর্টাল e-office এর ভার্চুয়াল উদ্বোধন করলেন। এই পোর্টালটি তৈরি করেছে ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টার।

মধ্যপ্রদেশ সরকারের 'লঞ্চ প্যাড স্কিম'

মধ্যপ্রদেশ সরকারের মহিলা এবং শিশু কল্যাণ দপ্তর 'লঞ্চ প্যাড স্কিম' চালু করল। এর মাধ্যমে রাজ্যের ছেলেমেয়েদের কাজের সুযোগ করে দেওয়া হবে যাতে তারা আত্মনির্ভর হতে পারে। এর মাধ্যমে রাজ্যের ছেলেমেয়েদের কফির দোকান, স্টেশনারি দোকান, ফোটোকপির দোকান খুলে দেওয়া হবে।

পাঞ্জাব সরকারের মোবাইল অ্যাপ 'ডিজিনেস্ট'

পাঞ্জাব সরকারের মুখ্যমন্ত্রী ক্যাপ্টেন অমরিন্দর সিংহ একটি মোবাইল অ্যাপ 'ডিজিনেস্ট' চালু করল। এর মাধ্যমে পাঞ্জাব রাজ্যের মানুষ খুব সহজেই রাজ্যের অফিসারদের সঙ্গে যোগাযোগ করতে পারবে ফোনে বা ই-মেলের মাধ্যমে। এর সঙ্গে মুখ্যমন্ত্রী একটি অনলাইন পাঞ্জাব অ্যাডভারটাইজমেন্ট রিলিজ অর্ডার সিস্টেম চালু করল। এর মাধ্যমে রাজ্য সরকারের বিজ্ঞাপন ও মিডিয়া হাউসের পেমেন্টের ক্ষেত্রে স্বচ্ছতা আনা হবে।

বিদেশ মন্ত্রকের 'গ্লোবাল প্রবাসী রিস্তা পোর্টাল' এবং মোবাইল অ্যাপ

কেন্দ্রীয় বিদেশ মন্ত্রক সারা বিশ্বের প্রবাসী ভারতীয়দের সঙ্গে যুক্ত হবার জন্য 'গ্লোবাল প্রবাসী রিস্তা পোর্টাল এবং মোবাইল অ্যাপ' চালু করল। ভি মুরলীধরন বিদেশ প্রতিমন্ত্রী এই পোর্টাল এবং অ্যাপ চালু করলেন।

মণিপুর সরকারের 'এম পেনশন মণিপুর' অ্যাপ

মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিংহ 'এম পেনশনস মণিপুর' অ্যাপ চালু করলেন। এই অ্যাপের মাধ্যমে রাজ্যের পেনশন গ্রাহকরা তাঁদের ছবি আপডেট করতে পারবে। তার জন্য ট্রেজারি অফিসে যাবার প্রয়োজন নেই।

খাদি এবং ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশনের প্রথম ই-কমার্স পোর্টাল

কেন্দ্রীয় সরকারের অন্তর্গত 'খাদি এবং ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশন' এর প্রথম ই-কমার্স পোর্টাল ekhadiIndia.com চালু করল। এটি গ্রামীণ অর্থনীতি এবং স্বনির্ভর উদ্যোগকে প্রচার করার জন্য চালু করা হল।

পাঞ্জাব সরকারের 'ঘর ঘর রোজগার তে কারোবার মিশন'

পাঞ্জাবের মুখ্যমন্ত্রী অমরিন্দর সিংহ ৭২১৯টি ন্যায্য মূল্যের দোকান খোলার অনুমতি দিলেন 'ঘর ঘর রোজগার তে কারোবার মিশন' এর মাধ্যমে। ন্যায্য মূল্যের দোকানের মাধ্যমে পাঞ্জাব সরকার রাজ্যবাসীদের আর্থিক অবস্থার উন্নতি ঘটানো ও পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমকে উন্নততর করে তোলার চেষ্টা করছে। এই মিশনের মাধ্যমে প্রায় ৩০,০০০ রাজ্যবাসী উপকৃত হবে।

'NCD PHC' মোবাইল অ্যাপ

ডেল টেকনোলজি, কেন্দ্রীয় পরিবার এবং স্বাস্থ্যকল্যাণ মন্ত্রক এবং টাটা ট্রাস্ট যৌথভাবে একটি মোবাইল অ্যাপ্লিকেশন 'NCD PHC' চালু করল। এর মাধ্যমে সরকারের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র অসংক্রামক ব্যাধির চিকিৎসা আরো ভালোভাবে করতে পারবে। এই অ্যাপটি ডেল টেকনোলজির 'ডিজিলাইফ কেয়ার' এর উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে।

মধ্যপ্রদেশ সরকারের 'পাওয়ার সাবসিডি স্কিম'

মধ্যপ্রদেশ সরকার রাজ্যের কৃষকদের জন্য 'পাওয়ার সাবসিডি স্কিম' প্রকল্প চালু করল। ডাইরেক্ট বেনেফিট ট্রান্সফার (ডিবিটি) এর মাধ্যমে এই প্রকল্পের সুবিধা কৃষকদের কাছে পৌঁছে দেওয়া হবে। এর মাধ্যমে মধ্যপ্রদেশ সরকার দেশের প্রথম রাজ্য হিসাবে কৃষকদের জন্য ইলেকট্রিসিটি সাবসিডি চালু করল।

গুজরাট সরকারের 'মুখ্যমন্ত্রী বগায়াত বিকাশ মিশন'

১৯ জানুয়ারি গুজরাটের মুখ্যমন্ত্রী বিজয় রূপানি রাজ্যের কৃষি ও উদ্যানপালনবিদ্যার অগ্রগতির জন্য এবং ভেষজ উদ্ভিদ চাষের প্রচার করার জন্য 'মুখ্যমন্ত্রী বগায়ত বিকাশ মিশন' চালু করলেন। এর মাধ্যমে রাজ্যের কৃষিক্ষেত্রে কর্মসংস্থানের সুযোগও বৃদ্ধি পাবে। এই প্রকল্পের আওতায় সরকারের ২০ হাজার আকর্ষণীয় জমি কৃষিকাজের জন্য ৩০ বছরের এই লিজে দেওয়া হবে।

'Aero India-21' মোবাইল অ্যাপ

কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহ 'Aero India 2021' নামে একটি মোবাইল অ্যাপ কর্ণাটকের বেঙ্গালুরুতে অ্যাপেক্স কমিটি মিটিং এর সময় উদ্বোধন করলেন। এই অ্যাপটির নির্মাতা হল 'ইভেন্ট এজ'। এই অ্যাপ ১৩তম Aero India ২০২১-এ একটি ইন্টারঅ্যাক্টিভ ইন্টারফেস প্রদান করবে।

কর্ণাটক সরকারের 'Avolokana Software'

২০ জানুয়ারি কর্ণাটকের মুখ্যমন্ত্রী বি. এস ইয়েদুরাপ্পা 'Avolokana Software' নামে একটি ট্রান্সপারেন্ট ই-গভর্ন্যান্স টুল-এর উদ্বোধন করলেন। এই সফটওয়্যার এর মাধ্যমে সরকারের ৩৯টি দপ্তর এর অধীনে যে ১৮০০টি প্রোগ্রাম আছে সেগুলোকে সঠিকভাবে নিরীক্ষণ করার কাজ করা হবে।

'Regulatory Compliance Burden Portal'

ডিপার্টমেন্ট ফর প্রোমোশন অফ ইন্ডাস্ট্রি অ্যান্ড ইন্টারনাল ট্রেড (ডিপিআইআইটি) 'Regulatory Compliance Burden Portal' নামে একটি নতুন পোর্টালের সূচনা করল। এই পোর্টালটি দেশবাসী শিল্প এবং সরকারের মধ্যে একটি সেতু হিসাবে কাজ করবে।

ফ্লিপকার্ট নীতি আয়োগের 'রিভ্যাম্পড ওম্যান' এন্টারপ্রেনিয়রশিপ প্ল্যাটফর্ম

ফ্লিপকার্ট নীতি আয়োগের যৌথ উদ্যোগে 'রিভ্যাম্পড ওম্যান' এন্টারপ্রেনিয়রশিপ প্ল্যাটফর্ম চালু হল। দেশে মহিলা উদ্যোক্তাদের অভিজ্ঞতা বৃদ্ধি করার জন্য এই প্ল্যাটফর্ম চালু করা হয়েছে। এই প্ল্যাটফর্মের মাধ্যমে মহিলা উদ্যোক্তারা অন্যান্য মহিলা উদ্যোক্তাদের সঙ্গে যোগাযোগ এবং মেন্টরদের সান্নিধ্যে আরো ভালোভাবে কাজ করার সুযোগ পাবে।

সামিট/বৈঠক/অধিবেশন/উৎসব/সম্মেলন

চেরি ব্লসম মাও ফেস্টিভ্যাল

৯ জানুয়ারি মণিপুরের সেনাপতি জেলার মাওতে অনুষ্ঠিত হল বাৎসরিক চেরি ব্লসম মাও ফেস্টিভ্যাল। মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেন সিং ভার্চুয়ালি উদ্বোধন করলেন এই উৎসবের। জেলাতে গোলাপি মরসুমের সূচনা হিসাবে এই উৎসব পালন করা হয়ে থাকে।

ন্যাশনাল মেট্রোলজি কনক্লেভ—২০২১

৪ জানুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ন্যাশনাল মেট্রোলজি কনক্লেভ -২০২১ ভার্চুয়ালি উদ্বোধন করলেন। এই উপলক্ষ্যে প্রধানমন্ত্রী দেশবাসীর উদ্দেশ্যে ভারতীয় নির্দেশক দ্রব্য এবং 'ন্যাশনাল অ্যাটোমিক টাইমস্কেল' উৎসর্গ করলেন। এই কনক্লেভ এর আয়োজক সিএসআইআর ন্যাশনাল

ফিজিক্যাল ল্যাবরেটরি। এবারের থিম– *'Metrology for the Inclusive Growth of the Nation'*।

ভারত-ফ্রান্স স্ট্যাটেজিক ডায়ালগ

৭ জানুয়ারি নিউ দিল্লিতে ভারত ও ফ্রান্সের মধ্যে অনুষ্ঠিত হল বাৎসরিক ভারত-ফ্রান্স স্ট্যাটেজিক ডায়ালগ। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোবাল এবং ফ্রান্সের তরফ থেকে ছিলেন কূটনৈতিক উপদেষ্টা ইমানুয়েল বন। কোভিড-১৯ ভ্যাকসিন, ইন্দো-প্যাসিফিক অঞ্চলে সহযোগিতা, নিউক্লিয়ার, স্পেস, সামুদ্রিক নিরাপত্তা, পরিবেশ, ডিজিটাল অর্থনীতি, সন্ত্রাসবাদ প্রতিরোধ, সাইবার নিরাপত্তা ও প্রতিরক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ আলোচনা হয়।

ভার্চুয়াল ইন্টারন্যাশনাল অখণ্ড কনফারেন্স 'EDUCON-2020'

৭-৮ জানুয়ারি দুই দিনব্যাপী ভার্চুয়াল ইন্টারন্যাশনাল অখণ্ড কনফারেন্স 'EDUCON-2020' উদ্বোধন করলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী রমেশ পোখরিয়াল নিশাঙ্ক। ৩১ ঘন্টাব্যাপী এই কনফারেন্সে বিশ্বব্যাপী বিশেষজ্ঞরা তথ্য এবং যোগাযোগ প্রযুক্তিকে কিভাবে উচ্চশিক্ষার ক্ষেত্রে কাজে লাগানো যায় তা নিয়ে আলোচনা করে। এই কনফারেন্সের থিম– Envisioning Education for Transforming Youth to Restore Global Peace'।

চতুর্থ ওয়ান প্ল্যানেট সামিট–২০২১

১১ জানুয়ারি ভার্চুয়ালি অনুষ্ঠিত হল চতুর্থ ওয়ান প্ল্যানেট সামিট -২০২১। এই সামিট আয়োজনের দায়িত্বে ছিল ফ্রান্স। ইউনাইটেড নেশনস এবং বিশ্ব ব্যাঙ্ক। এই সামিট জীববৈচিত্র সংরক্ষণের জন্য আয়োজিত হল। এবছরের থিম হল–'Let's act together for nature! সামিটের সূচনা করেন ইউনাইটেড নেশনসের সেক্রেটারি জেনারেল অ্যান্টোনিও গুতারেস, ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রন এবং বিশ্ব ব্যাঙ্কের প্রেসিডেন্ট ডেবিড ম্যালপাস। ভারত, ব্রাজিল, রাশিয়া এবং মার্কিন যুক্তরাষ্ট্র এই সামিটে অংশগ্রহণ করেনি।

তৃতীয় সিনিয়ার অফিশিয়ালস মিটিং অফ আরব-ইন্ডিয়া কোঅপারেশন ফোরাম

১২ জানুয়ারি ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত হল তৃতীয় সিনিয়ার অফিশিয়ালস মিটিং অফ আরব-ইন্ডিয়া কোঅপারেশন ফোরাম। বৈঠকে ভারতের তরফ থেকে অংশগ্রহণ করেছিলেন কেন্দ্রীয় বিদেশ সচিব সঞ্জয় ভট্টাচার্য এবং লিগ অফ আরব স্টেটের ইজিপ্টের স্থায়ী প্রতিনিধি এবং সহকারী বিদেশ মন্ত্রী অ্যাম্বাসাডর মহম্মদ আবু আল খেইর। বৈঠকে ঠিক হয় ভারত আরব অ্যাকাডেমিক সহযোগিতা স্থাপনের জন্য এক মিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক সাহায্য করবে।

১৩তম ভারত-ভিয়েতনাম ডিফেন্স সিকিউরিটি ডায়ালগ

১২ জানুয়ারি ভার্চুয়ালি অনুষ্ঠিত হল ১৩তম ভারত-ভিয়েতনাম ডিফেন্স সিকিউরিটি ডায়ালগ। ভারত সরকারের প্রতিরক্ষা সচিব অজয় কুমার এবং ভিয়েতনামের ডেপুটি প্রতিরক্ষা মন্ত্রী লেফটেনান্ট জেনারেল নিগুয়েন চি ভিন বৈঠকে অংশগ্রহণ করেছিলেন। বৈঠকে প্রতিরক্ষা ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে আলোচনা হয়।

২৪তম ন্যাশনাল ইয়ুথ ফেস্টিভ্যাল–২০২১

১২-১৬ জানুয়ারি ভার্চুয়ালি অনুষ্ঠিত হল ২৪তম ন্যাশনাল ইয়ুথ ফেস্টিভ্যাল-২০২১। স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকীকে স্মরণীয় করে রাখতে প্রতি বছর এই উৎসবের আয়োজন করা হয়। এই উৎসবে নেহেরু যুব কেন্দ্র সংগঠন এবং ন্যাশনাল সার্ভিস স্কিমের যুব স্বেচ্ছাসেবীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে। এই উৎসবের এই বছরের থিম– *'YUVAAH – Utsah Naye Bharat Ka'*।

ষষ্ঠ ভারত-নেপাল জয়েন্ট কমিশন মিটিং

১৫ জানুয়ারি নিউ দিল্লিতে অনুষ্ঠিত হল ষষ্ঠ ভারত-নেপাল জয়েন্ট কমিশন মিটিং। এই বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় বিদেশ মন্ত্রী এস জয়শঙ্কর এবং নেপালের তরফ থেকে উপস্থিত ছিলেন নেপালের বিদেশমন্ত্রী প্রদীপ কুমার গাওয়ালি। বৈঠকে দুই দেশের মধ্যে ব্যবসা বাণিজ্যের উন্নতি, সীমান্ত সমস্যা এবং কোভিড-১৯ পরস্পরের সহযোগিতা নিয়ে আলোচনা হয়। এই বৈঠকে নেপালের বিদেশ মন্ত্রী প্রদীপ কুমার গাওয়ালির ভারত সফর উপলক্ষ্যে অনুষ্ঠিত হল।

Prarambh-স্টার্ট আপ ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সামিট

১৫-১৬ জানুয়ারি দুই দিন ব্যাপী ভার্চুয়ালি অনুষ্ঠিত হল Prarambh -স্টার্ট আপ ইন্ডিয়া ইন্টারন্যাশনাল সামিট। এই সামিট নিউ দিল্লি থেকে আয়োজন করেছিল শিল্প এবং আন্তর্জাতিক বাণিজ্য প্রচার দপ্তর এবং কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রক। এই সামিটের উদ্বোধন করলেন কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্প মন্ত্রক পীযুষ গোয়েল। উদ্বোধনী সামিটে যোগদান করেছিল বিমস্টেক সদস্যভুক্ত দেশগুলি।

পক্ষী উৎসব 'কলরব'

BIHAR HOSTED A THREE-DAY

১৫-১৭ জানুয়ারি বিহারের জামুই জেলার নাগি পক্ষী অভয়ারণ্য এবং নাকটি পক্ষী অভয়ারন্যে অনুষ্ঠিত হল পক্ষী উৎসব 'কলরব'। এটি বিহারের প্রথম পক্ষী উৎসব। ১৬ জানুয়ারি বিহারের মুখ্যমন্ত্রী নীতিশ কুমার উদ্বোধন করেন। পক্ষী বিশেষত পরিযায়ী পাখিদের ব্যাপারে জনসচেতনতা গড়ে তুলতে এই উৎসবের আয়োজন করা হয়েছিল।

Agri India Hackathon

কেন্দ্রীয় কৃষি মন্ত্রী নরেন্দ্র সিংহ তোমার নতুন দিল্লিতে Agri India Hackathon ভার্চুয়ালি উদ্বোধন করলেন। এই হ্যাকাথনের উদ্যোক্তা

হল নিউ দিল্লির পুশা কৃষি ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচার রিসার্চ। এটি ভারতীয় কৃষির ইতিহাসে সবচেয়ে বড় ভার্চুয়াল ইভেন্ট।

প্রথম ভারত-ইউরোপিয়ান ইউনিয়ন ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস ডায়ালগ

১৯ জানুয়ারি ভার্চুয়ালি অনুষ্ঠিত হল প্রথম ভারত-ইউরোপিয়ান ইউনিয়ন ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস ডায়ালগ। বৈঠকে ভারতের তরফ থেকে শিল্প এবং আন্তর্জাতিক বাণিজ্য প্রচার দপ্তরের জয়েন্ট সেক্রেটারি রবীন্দ্র এবং ইউরোপিয়ান ইউনিয়নের তরফ থেকে উপস্থিত ছিলেন ইউরোপীয় ইউনিয়নের ব্যবসা ক্ষেত্রের ডিরেক্টর জেনারেল এবং ইউনিট ইনভেস্টমেন্ট ও ইন্টেলেকচুয়াল প্রপার্টি ক্ষেত্রের প্রধান কার্লো পেট্টিনাটো। ইন্টেলেকচুয়াল প্রপার্টি রাইটস ক্ষেত্রে দুই দেশের অর্থনৈতিক সম্পর্ক মজবুত করতে এই বৈঠক অনুষ্ঠিত হল।

পঞ্চম ভারত-সিঙ্গাপুর ডিফেন্স মিনিস্টার ডায়ালগ

২০ জানুয়ারি ভার্চুয়ালি অনুষ্ঠিত হল পঞ্চম ভারত-সিঙ্গাপুর ডিফেন্স মিনিস্টার ডায়ালগ। বৈঠকে ভারতের তরফ থেকে উপস্থিত ছিলেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ও প্রতিরক্ষা সচিব ডঃ অজয় কুমার এবং সিঙ্গাপুরের তরফ থেকে উপস্থিত ছিলেন প্রতিরক্ষা মন্ত্রী ডঃ এনজি ইং এন। বৈঠকে দুই দেশের মধ্যে প্রতিরক্ষা বিষয়ে পারস্পরিক সহযোগিতা নিয়ে আলোচনা হয়।

প্রতিরক্ষা

এয়ার ড্রপাবেল কন্টেনার 'SAHAYAK-NG'-এর সফল পরীক্ষা

ডিআরডিও এবং ভারতীয় নৌবাহিনীর তরফ থেকে প্রথমবার সফলভাবে পরীক্ষা করা হল এয়ার ড্রপাবেল কন্টেনার 'SAHAYAK-NG'। এটি ভারতের স্বদেশীয় পদ্ধতিতে তৈরি প্রথম এয়ার ড্রপাবেল কন্টেনার। এটি গোয়াতে ভারতীয় নৌ বাহিনীর IL 38SD এয়ারক্রাফট থেকে পরীক্ষা করা হয়।

ভারতীয় নৌবাহিনীতে IN LCU L-58 জাহাজ সরবরাহ করল গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড

কলকাতার গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেডের তরফ থেকে ভারতীয় নৌবাহিনীকে IN LCU L-58 যুদ্ধ জাহাজ সরবরাহ করা হল। এটি গার্ডেনরিচ শিপ বিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেডের তরফ থেকে ভারতীয় নৌবাহিনীকে সরবরাহ করা অষ্টম ও MK IV শ্রেণির শেষ যুদ্ধ জাহাজ।

বৃহত্তম উপকূলীয় প্রতিরক্ষা মহড়া Sea Vigil-21

১২-১৩ জানুয়ারি ভারতীয় নৌবাহিনীর সমন্বয়ে অনুষ্ঠিত হল বৃহত্তম উপকূলীয় প্রতিরক্ষা মহড়া Sea Vigil-21। এটি এই মহড়ার দ্বিতীয় সংস্করণ। ভারতীয় উপকূল রেখার ৭৫১৬ কিমি দৈর্ঘ্য জুড়ে এবং ১৩টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এই মহড়া অনুষ্ঠিত হল। ভারতীয় নৌবাহিনী ছাড়া ভারতীয় বায়ুসেনা, ভারতীয় উপকূলরক্ষী বাহিনী, ন্যাশনাল সিকিউরিটি গার্ড এবং বর্ডার সিকিউরিটি ফোর্স এই মহড়ায় অংশগ্রহণ করেছিল।

ভারতের প্রথম স্বদেশীয় পিস্তল ASMI

ডিআরডিও এর পুণের আর্মামেন্ট রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট এস্টাবলিশমেন্ট এবং ভারতীয় সেনার মউ এর ইনফেন্ট্রি স্কুল যৌথভাবে প্রস্তুত করল ভারতের প্রথম স্বদেশীয় পদ্ধতিতে নির্মিত 9 mm মেশিন পিস্তল ASMI। এটি তৈরি করেছেন লেফটেন্যান্ট কর্ণেল প্রসাদ বানসোদ। এছাড়া চেন্নাইয়ে ডিআরডিও এর কমব্যাট ভেহিক্যালস রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট এস্টাবলিশমেন্ট এর তরফ থেকে নির্মিত রিট্রাকটেবল ল্যান্ডিং গিয়ার সিস্টেমটি ভারতীয় নৌবাহিনীর হাতে তুলে দেওয়া হল।

৮৩টি তেজস ভারতীয় বায়ুসেনাকে সরবরাহ করবে হ্যাল

১৩ জানুয়ারি প্রতিরক্ষা বিষয়ক ক্যাবিনেট কমিটি সিদ্ধান্ত নিল ভারতীয় বায়ুসেনাকে ৮৩টি লাইট কমব্যাট এয়ারক্রাফট তেজস সরবরাহ করবে হ্যাল। যার মধ্যে ৭৩টি এলসিএ তেজস এম কে-1 এ ফাইটার এয়ারক্রাফট ও বাকি ১০টি এলসিএ তেজস এম কে-1 ট্রেনার এয়ারক্রাফট। এর জন্য মোট খরচ ৪৫,৬৯৬ কোটি টাকা।

সিআরপিএফ-এর মোটরবাইক অ্যাম্বুলেন্স 'Rakshita'

১৮ জানুয়ারি ইনস্টিটিউট অফ নিউক্লিয়ার মেডিসিন অ্যান্ড অ্যালিয়েড সায়েন্সেস এর তরফ থেকে নির্মিত মোটরবাইক অ্যাম্বুলেন্স 'Rakshita' সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সকে তাদের সদরদপ্তর নিউ দিল্লিতে হস্তান্তর করা হল। এই মোটরবাইক অ্যাম্বুলেন্সটি রয়্যাল এনফিল্ড ক্ল্যাসিক 350CC পদ্ধতিতে নির্মাণ করা হয়েছে।

ভারতীয় বায়ুসেনার S-400 মিসাইলের প্রশিক্ষণ

ভারত তাদের প্রথম গ্রুপের ভারতীয় বায়ুসেনাদের রাশিয়ার মস্কোতে পাঠাতে চলেছে S-400 মিসাইলের প্রশিক্ষণের জন্য। ভারত ২০২১এর শেষে S-400 এর প্রথম দফার অস্ত্র পেতে চলেছে। এটি প্রস্তুত করেছে আলমাজ সেন্ট্রাল ডিজাইন ব্যুরো অফ রাশিয়া।

Aerodonetics — Science on Study of gliding

কমিটি / কমিশন / দল

ইউনাইটেড নেশনস সিকিউরিটি কাউন্সিলে ভারত তিনটি কমিটির প্রধান

ইউনাইটেড নেশনসে ভারতের স্থায়ী প্রতিনিধি টি এস তিরুমূর্তি ঘোষণা করলেন, ইউনাইটেড নেশনস সিকিউরিটি কাউন্সিলের তিনটি কমিটির প্রধান হতে চলেছে ভারত। কমিটি তিনটি হল কাউন্টার টেররিজম কমিটি, তালিবান স্যাঙ্কচান কমিটি ও লিবিয়া স্যাঙ্কচান কমিটি। ২০২২ সালে এই কমিটিগুলির প্রধান হবে ভারত।

নেতাজির ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে কমিটি

নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৫তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে কমিটি গঠন করা হল। এই কমিটির প্রধান হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এছাড়া কমিটির অন্যান্য সদস্যরা হলেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংহ, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়ক, বিসিসিআই এর প্রেসিডেন্ট সৌরভ গাঙ্গুলি প্রমুখ। এই কমিটি আজাদ হিন্দ ফৌজের সঙ্গে যুক্ত স্থানগুলিতে একবছর ধরে অনুষ্ঠান পালন করবে।

ইনডেক্স/রিপোর্ট/স্টাডি/র‍্যাঙ্কিং

ব্লুমবার্গ বিলিওনারিস ইনডেক্স–২০২১

প্রকাশিত হল ব্লুমবার্গ বিলিওনারিসি ইনডেক্স-২০২১। এই তালিকা অনুযায়ী প্রথম স্থানে রয়েছেন আমাজনের সিইও জেফ বেজস। দ্বিতীয় স্থানে রয়েছেন Space X এর সিইও এলন আর মস্ক ও তৃতীয় স্থানে রয়েছে মাইক্রোসফটের সহ প্রতিষ্ঠাতা বিল গেটস। ভারতের মুকেশ আম্বানি দ্বাদশ স্থানে রয়েছেন।

র‍্যাঙ্ক	নাম	মোট সম্পত্তি
১.	জেফ বেজস	১৯০ বিলিয়ন মার্কিন ডলার
২.	এলন আর মাস্ক	১৭০ বিলিয়ন মার্কিন ডলার
৩.	বিল গেটস	১৩২ বিলিয়ন মার্কিন ডলার
১২.	মুকেশ আম্বানি	৭৬.৭ বিলিয়ন মার্কিন ডলার

হুরুন গ্লোবাল রিচ লিস্ট–২০২০

প্রকাশিত হল হুরুন গ্লোবাল রিচ লিস্ট-২০২০। এই তালিকা অনুযায়ী প্রথম স্থানে রয়েছেন আমাজনের সিইও জেফ বেজস। দ্বিতীয় স্থানে রয়েছেন টেসলার প্রতিষ্ঠাতা এলন মাস্ক ও তৃতীয় স্থানে রয়েছেন বানার্ড আর্নল্ট। অষ্টম স্থানে রয়েছে মুকেশ অম্বানি।

ডিজিটাল ইভোলুশন স্কোরবোর্ড–২০২০

১১ জানুয়ারি প্রকাশিত হল তৃতীয় ডিজিটাল ইভোলুশন স্কোরকার্ড -২০২০। এটি প্রস্তুত করেছে টুফট বিশ্ববিদ্যালয়ের ফ্লেচার স্কুল। এই স্কোরকার্ডে সবার উপরে রয়েছে চীন। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে আজারবাইজান ও ইন্দোনেশিয়া। ভারত এই স্কোরকার্ডের চতুর্থ স্থানে রয়েছে।

ইন্টারন্যাশনাল মাইগ্রেশন ২০২০ হাইলাইটস

ইউনাইটেড নেশনস ডিপার্টমেন্ট অফ ইকনমিক অ্যান্ড সোশ্যাল অ্যাফেয়ার্স কর্তৃক প্রকাশিত ইন্টারন্যাশনাল মাইগ্রেশন ২০২০ হাইলাইটস প্রতিবেদন। এই প্রতিবেদন অনুযায়ী ভারতের ১৮ মিলিয়ন মানুষ তাদের দেশের পাইরে বসবাস করে এবং তা বিশ্বের বৃহত্তম আন্তঃজাতীয় সম্প্রদায়। দ্বিতীয় স্থানে রয়েছে মেক্সিকো ও রাশিয়া এবং তৃতীয় স্থানে রয়েছে চীন।

পিপিই কিট ও স্যুইট প্রস্তুতে দ্বিতীয় ভারত

কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী স্মৃতি ইরানি ঘোষণা করলেন পার্সোনাল প্রোটেক্টিভ ইক্যুইপমেন্ট বা পিপিই কিট ও স্যুট উৎপাদনে দ্বিতীয় স্থানে রয়েছে ভারত। চীন প্রথম স্থানে রয়েছে।

গ্লোবাল ফায়ার পাওয়ার নেশনস ইনডেক্স–২০২১

সম্প্রতি গ্লোবাল ফায়ার পাওয়ার নেশনস ইনডেক্স-২০২১ এর মিলিটারি স্ট্রেজ র‍্যাঙ্কিং প্রকাশিত হল। এই তালিকার প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে রাশিয়া ও চীন। ভারত রয়েছে চতুর্থ স্থানে।

র‍্যাঙ্ক	দেশ	পাওয়ার ইনডেক্স
১.	মার্কিন যুক্তরাষ্ট্র	.০৭২১
২.	রাশিয়া	.০৭৯৬
৩.	চীন	.০৮৫৮
৪.	ভারত	.১২১৪

২০২০ হুরুন গ্লোবাল ৫০০ তালিকা

প্রকাশিত হল ২০২০ হুরুন গ্লোবাল ৫০০ তালিকা। এই তালিকায় রয়েছে ভারতের ১১টি সংস্থা। প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের সংস্থা অ্যাপেল। ভারতীয় সংস্থাগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ। দেশগুলির মধ্যে ২৪২টি সংস্থা নিয়ে প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। ভারত রয়েছে তালিকার প্রথম স্থানে।

হেনলি পাসপোর্ট ইনডেক্স : Q1২০২১ গ্লোবাল র‍্যাঙ্কিং

প্রকাশিত হল হেনলি পাসপোর্ট ইনডেক্স : Q1২০২১ গ্লোবাল র‍্যাঙ্কিং। এই ইনডেক্সের প্রথম স্থানে রয়েছে জাপান। দ্বিতীয় স্থানে রয়েছে সিঙ্গাপুর এবং তৃতীয় স্থানে রয়েছে জার্মানি ও দক্ষিণ কোরিয়া। ভারতের স্থান ৮৫তম। ২০২০ সালে ভারতের স্থান ছিল ৮৪তে।

র‍্যাঙ্ক	পাসপোর্ট	ভিসা ফ্রি স্কোর
১.	জাপান	১৯১
২.	সিঙ্গাপুর	১৯০
৩.	জার্মানি এবং দক্ষিণ কোরিয়া	১৮৯
৮৫.	ভারত	৫৮

দ্বিতীয় ইন্ডিয়া ইনোভেশন ইনডেক্স

২০ জানুয়ারি নীতি আয়োগ কর্তৃক ভার্চুয়ালি প্রকাশ করা হল দ্বিতীয় ইন্ডিয়া ইনোভেশন ইনডেক্স। এই ইনডেক্সে বৃহৎ রাজ্যগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে কর্ণাটক। কেন্দ্রশাসিত অঞ্চলগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে দিল্লি। উত্তরপূর্ব ও পার্বত্য রাজ্যগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে হিমাচল প্রদেশ।

র‍্যাঙ্ক	বৃহৎ রাজ্য	স্কোর
১.	কর্ণাটক	৪২.৫০
২.	মহারাষ্ট্র	৩৮.০৩

র‍্যাঙ্ক	বৃহৎ রাজ্য	স্কোর
৩.	তামিলনাড়ু	৩৭.৯১
১১.	পশ্চিমবঙ্গ	২১.৬৯

র‍্যাঙ্ক	কেন্দ্রশাসিত অঞ্চল	স্কোর
১.	দিল্লি	৪৬.৬০
২.	চণ্ডীগড়	৩৮.৫৭
৩.	দমন ও দিউ	২৬.৭৬

র‍্যাঙ্ক	উত্তরপূর্ব এবং পার্বত্য রাজ্য	স্কোর
১.	হিমাচল প্রদেশ	২৫.০৬
২.	উত্তরাখণ্ড	২৩.৫০
৩.	মণিপুর	২২.৭৮

গুরুত্বপূর্ণ দিবস/সপ্তাহ

৪ জানুয়ারি : ওয়ার্ল্ড ব্রেইল ডে

৪ জানুয়ারি 'ওয়ার্ল্ড ব্রেইল ডে' হিসাবে পালন করা হল। এই দিনটি ব্রেইল ল্যাঙ্গুয়েজ এর প্রতিষ্ঠাতা লুইস ব্রেইলের জন্মবার্ষিকী হিসাবে পালন করা হয়। প্রথম ওয়ার্ল্ড ব্রেইল ডে পালন করা হয় ২০১৯ সালে।

৬ জানুয়ারি : ওয়ার্ল্ড ওয়্যার অরফ্যানস ডে

৬ জানুয়ারি বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ওয়্যার অরফ্যানস ডে পালন করা হল। যুদ্ধের ফলে যে সমস্ত শিশুদের কঠিন সমস্যার সম্মুখীন হতে হয় তার বিরুদ্ধে জনসচেতনতা তৈরি করতে এবং সেই সমস্ত শিশুদের যত্ন করার জন্যে এই দিনটি পালন করা হয়।

৬ জানুয়ারি : মারাঠি জার্নালিস্ট ডে

৬ জানুয়ারি মহারাষ্ট্র সরকার 'বালশাস্ত্রী জাম্ভেকর' এর স্মরণে মারাঠি জার্নালিস্ট ডে পালন করল। বালশাস্ত্রী জাম্ভেকরকে বলা হয় 'ফাদার অফ মারাঠি জার্নালিজম'। প্রথম মারাঠি পত্রিকা 'দর্পন' এর প্রতিষ্ঠাতা হলেন বালশাস্ত্রী জাম্ভেকর।

৯ জানুয়ারি : প্রবাসী ভারতীয় দিবস

৯ জানুয়ারি প্রবাসী ভারতীয় দিবস হিসাবে পালন করা হল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই দিনে ১৬তম প্রবাসী ভারতীয় দিবস-২০২১ অনুষ্ঠানের ভার্চুয়াল উদ্বোধন করলেন। এই অনুষ্ঠানের থিম হল– *'Contributing to Atmanirbhar Bharat'*। এই অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন সুরিনামের প্রেসিডেন্ট সানতোকি।

১০ জানুয়ারি : ওয়ার্ল্ড হিন্দি ডে

১০ জানুয়ারি 'ওয়ার্ল্ড হিন্দি ডে' পালন করা হল। সারাবিশ্বে হিন্দি ভাষার প্রচার ও তার সার্বিক উন্নতির জন্য এই দিনটি পালন করা হয়।

১২ জানুয়ারি : ন্যাশনাল ইয়ুথ ডে

১২ জানুয়ারি দেশজুড়ে ন্যাশনাল ইয়ুথ ডে হিসাবে পালন করা হল। এই দিনটিতে ১৮৬৩ সালে স্বামী বিবেকানন্দ জন্মগ্রহণ করেন। ভারতবর্ষের যুবক-যুবতীকে এই দিনটিতে একজন ভালো মানুষ হয়ে ওঠা এবং অন্যান্য জীবনকাল পালন করতে উদ্বুদ্ধ করা হয়ে থাকে।

১৪ জানুয়ারি : ইন্ডিয়ান আর্মড ফোর্সেস ভেটোরেন ডে

১৪ জানুয়ারি ভারতীয় সেনাবাহিনী ইন্ডিয়ান আর্মড ফোর্সেস ভেটোরেন ডে হিসাবে পালন করল। ভারতীয় সেনাবাহিনীর প্রথম ফিল্ড মার্শাল কে এম কারিয়াপ্পা ১৪ জানুয়ারি ১৯৫৩ সালে অবসর গ্রহণ করেন। এই দিনটিকে স্মরণ করে ১৪ জানুয়ারি আর্মড ফোর্সেস ভেটেরান ডে হিসাবে পালন করা হয়।

১৫ জানুয়ারি : ৭৩তম আর্মি ডে

১৫ জানুয়ারি ৭৩তম আর্মি ডে হিসাবে পালন করা হল। ভারতীয় সৈনিকদের দেশের প্রতি দায়বদ্ধতা ও বলিদান সম্পর্কে জনসচেতনতা তৈরি করতে এই দিনটি পালন করা হল। ১৫ জানুয়ারি ১৯৪৯ সালে লেফটেন্যান্ট জেনারেল কে এম কারিয়াপ্পা ভারতীয় সেনাবাহিনীর প্রথম কম্যান্ডার-ইন-চিফ হিসাবে দায়িত্বভার গ্রহণ করেন।

১৮ জানুয়ারি থেকে ১৭ ফেব্রুয়ারি : রাষ্ট্রীয় রোড সেফটি মান্থ

১৮ জানুয়ারি থেকে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রালয় প্রথম রাষ্ট্রীয় রোড সেফটি মান্থ ২০২১ পালন করছে। এর থিম *'Sadak Suraksha – Jeevan Raksha'*। কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রী শ্রী নীতিন গডকড়ি নতুন দিল্লির বিজ্ঞান ভবনে এটির উদ্বোধন করলেন।

১৯ জানুয়ারি : ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স রেজিং ডে

১৯ জানুয়ারি সারা দেশজুড়ে ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স রেজিং ডে হিসাবে পালন করা হল। ২০২১ সালে এটির ১৬তম দিবস পালন করা হল। ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফোর্স ১৯ জানুয়ারি ২০০৬ সালে গঠিত হয়।

১৯ জানুয়ারি : ৪২তম 'ককবরক ডে'

১৯ জানুয়ারি ত্রিপুরা সরকার ৪২তম 'ককবরক ডে' হিসাবে পালন করল। ১৯৭৯ সালে ভারত সরকার ককবরক ভাষাকে ত্রিপুরা রাজ্যের সরকারি ভাষা হিসাবে স্বীকৃতি দেয়। সেই দিনটিকে স্মরণ করে এই দিনটি পালন করা হয়।

২৩ জানুয়ারি : পরাক্রম দিবস

সম্প্রতি ভারত সরকার নেতাজী সুভাষচন্দ্র বসুর ১২৫তম জন্মবার্ষিকীকে পরাক্রম দিবস হিসাবে পালন করল। নেতাজির জন্ম হয় ২৩ জানুয়ারি ১৮৯৭ সালে। সেই দিনটিকে স্মরণ করে এই দিবস পালন করা হল। ভারত সরকারের সিদ্ধান্ত অনুযায়ী নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিনকে এবার থেকে 'পরাক্রম দিবস' হিসাবে পালন করা হবে।

বই ও লেখক

'Sabarimala Vijnaanakosham' – কে এস বিজয়নাথ

কেরালার গভর্নর আরিফ মহম্মদ খান কে এস বিজয়নাথের লেখা 'Sabarimala Vijnanaakosham' বইটি প্রকাশ করলেন। বইটির প্রথম অনুলিপিটি তিনি কেরালার ইন্সপেক্টর জেনারেল অফ পুলিশ এস. শ্রীজিত-এর হাতে তুলে দেন।

'Making of a General – A Himalayan Echo' – লেফটেন্যান্ট জেনারেল কোনসাম হিমালয় সিংহ

৮ জানুয়ারি মণিপুরের গভর্নর ডঃ নাজমা হেপাতুল্লা 'Making of a General – A Himalayan Echo' নামে একটি বই মণিপুরের রাজভবনে প্রকাশ করলেন। বইটির লেখক হলেন প্রাক্তন লেফটেন্যান্ট জেনারেল কোনসাম হিমালয় সিংহ। এই বইটির প্রকাশক কোনার্ক পাবলিশার্স প্রাইভেট লিমিটেড। এই বইটিতে লেখক তার মণিপুরের ছোট গ্রাম থেকে সেনাবাহিনীর লেফটেন্যান্ট জেনারেল হয়ে ওঠার পুরো সফরকে বর্ণনা করেছেন।

'Collab CAD 3D modelling 1.0' – এনআইসি, সিবিএসআই, এআইএম, নীতি আয়োগের ই-বুক

১৩ জানুয়ারি ন্যাশনাল ইনফরমেটিক্স সেন্টার (এনআইসি), সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনস (সিবিএসই), অটল ইনোভেশনস মিশনস (এআইএম), নীতি আয়োগ তাদের ই বুক 'Collab CAD 3D modelling 1.0' নতুন দিল্লিতে প্রকাশ করল। এই বইটি CAD ছাত্রদের শিক্ষানবিশ এবং পেশাদারদের CallabCAD Software এর ব্যবহার সম্বন্ধে বুঝতে সাহায্য করবে।

'Manohar Parikkar – Off the Record' – বামন সুভা প্রভু

১৫ জানুয়ারি গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়াত প্রবীণ সাংবাদিক বামন সুভা প্রভুর লেখা বই 'Manohar Parikkar – Off the Record' বইটির প্রকাশ করলেন। এই বইটিতে প্রবীণ সাংবাদিক মনোহর পরীক্কর এর সাথে যে সময় কাটিয়েছেন তার কথাই এই বইটিতে লিখেছেন।

'Gazing Eastwords : Of Buddhist Monks and Revolutionaries in China 1957' – রোমিলা থাপার

ভারতের ঐতিহাসিক রোমিলা থাপার তার নতুন বই 'Gazing Eastwords : Of Buddhist Monks and revolutionaries in China 1957' বইটির প্রকাশ করলেন। ১৯৫৭ সালে রোমিলা থাপার চীনে কিছু মাস কাটিয়েছিলেন শ্রীলঙ্কার শিল্প ইতিহাসবিদ অনিল ডি সিলভারের সঙ্গে সেখানে তারা দুটো গুহা সাইটে কাজ করেছিলেন। চীনে থেকে কাজ করার অভিজ্ঞতা রোমিলা থাপার এই বইটিতে বর্ণনা করেছেন।

'India's 71 year test : The Journey to triumph in Australia' – আর কৌশিক

ভারতের প্রাক্তন অলরাউন্ডার এবং বর্তমান হেড কোচ রবি শাস্ত্রী আর কৌশিক এর লেখা নতুন বই 'India's 71 year test : The Journey to triumph in Australia' বইটির প্রকাশ করলেন। বইটির প্রকাশক চার্চিল প্রেস। এই বইটিতে ভারতের প্রথম ১২টি অস্ট্রেলিয়া ট্যুর সম্বন্ধে বর্ণনা দেওয়া হয়েছে।

'Right under your nose' – আর গিরিধরন

রিজার্ভ ব্যাঙ্ক ইন্ডিয়ার ম্যানেজার আর গিরিধরন তাঁর প্রথম বই 'Right under your nose' বইটির প্রকাশ করলেন। এই বইটির প্রকাশক হল রূপা পাবলিকেশন। এই বইটিতে গিরিধরন তাঁর সুপারিনটেন্ডেন্ড শ্রীবিজয় এবং দালভি দেবী এবং জার্নালিস্ট পদ্মিনী। কীভাবে একজন খুনিকে ধরেছিলেন তার কাহিনি প্রকাশ করা হয়েছে।

'Abdul Kalam – Ninaivugalukku Maranamillai' – ডঃ এপিজেএম মারাইকায়ার

১৬ জানুয়ারি উপরাষ্ট্রপতি ভেঙ্কাইয়া নাইডু একটি তামিল বই 'Abdul Kalam– Ninaivugalukku Maranamillai' চেন্নাইয়ের রাজভবনে প্রকাশ করলেন। এই বইটির লেখক ডঃ এপিজেএম মারাইকায়ার এবং ডঃ ওয়াই এস রাজন। এটি ভারতের প্রাক্তন রাষ্ট্রপতির জীবনী।

'Unscripted : Conversations on Life and Cinema' – বিধু বিনোদ চোপড়া, অভিজাত যোশী

ভারতীয় চিত্র নির্দেশক বিধু বিনোদ চোপড়া এবং সৃজনকর্তা, চিত্র নির্দেশক অভিজাত যোশী তাঁদের লেখা নতুন বই 'Unscripted : Conversations on Life and Cinema' বইটির প্রকাশ করলেন। এই বইটিতে বিধু বিনোদ চোপড়া এবং অভিজাত যোশী তাদের জীবন কাহিনি তুলে ধরেছেন। এই বইটির প্রকাশক 'পেঙ্গুইন ইবারি প্রেস'।

'The Population Myth : Islam Family Planning and Politics in India' – এস ওয়াই কুরেশি

প্রাক্তন মুখ্য ইলেকশন কমিশনার এস ওয়াই কুরেশি তার নতুন বই 'The Population Myth : Islam Family Planning and Politics in India' প্রকাশ করতে চলেছেন। এই বইটির প্রকাশক হার্পার কলিন্স ইন্ডিয়া।

'A textbook of Urban Planning and Geography' – ডঃ সমীর শর্মা

২০ জানুয়ারি ভারতের উপরাষ্ট্রপতি বেঙ্কাইয়া নাইডু ডঃ সমীর শর্মার লেখা নতুন বই 'A textbook of Urban Planning and Geography' ভার্চুয়ালি উদ্বোধন করলেন এই বইটির প্রকাশক পিএইচআই লার্নিং প্রাইভেট লিমিটেড।

বিজ্ঞান ও প্রযুক্তি

কঠিন জ্বালানি সম্বন্ধিত রকেট ইঞ্জিন Kalam-5 এর সফল পরীক্ষা

- কঠিন জ্বালানি সম্বন্ধিত রকেট ইঞ্জিন Kalam-5 এর সফল পরীক্ষা করা হল।
- Skyroot Aerospace হল প্রথম ভারতীয় সংস্থা যা সফলভাবে এই পরীক্ষাটি অনুষ্ঠিত করল।
- মহারাষ্ট্রের নাগপুরে এই পরীক্ষাটি অনুষ্ঠিত হল।

বিশ্বের প্রথম কাঠের উপগ্রহ

- 2023 সালের মধ্যে বিশ্বের প্রথম কাঠের উপগ্রহ লঞ্চ করতে চলেছে জাপান।
- জাপানের সুমিটোমো ফরেস্ট্রি কোম্পানি এবং কিয়োটো বিশ্ববিদ্যালয়ের তরফ থেকে এই উপগ্রহ লঞ্চ করা হবে।
- স্পেস জাঙ্ক মহাকাশে কমানোর উদ্দেশ্যে এই উপগ্রহটি নির্মাণ করা হবে।

পাকিস্তানের গাইডেড মাল্টি লঞ্চ রকেট সিস্টেম Fatah-1 এর সফল পরীক্ষা

- 7 জানুয়ারি পাকিস্তানের তরফ থেকে সফলভাবে পরীক্ষা করা হল গাইডেড মাল্টি লঞ্চ রকেট সিস্টেম Fatah-1।
- এটির রেঞ্জ হল 140 কিমি।
- এটি পাকিস্তানের স্বদেশীয় পদ্ধতিতে নির্মিত।

উপকূল গবেষণা ভেসেল 'Sagar Anveshika'-এর উদ্বোধন

- 9 জানুয়ারি কেন্দ্রীয় ভূ-বিজ্ঞান মন্ত্রী হর্ষ বর্ধন চেন্নাই বন্দরে উদ্বোধন করলেন উপকূল গবেষণা ভেসেল 'Sagar Anveshika'।
- এটি ন্যাশনাল ইন্সটিটিউট অফ ওসেন্স টেকনোলজির গবেষণার কাজে ব্যবহৃত হবে।
- এটি নির্মাণ করেছে কলকাতার টিটাগড় ওয়াগন।
- এর সাহায্যে সমুদ্র বিজ্ঞানীরা সমুদ্রের অভ্যন্তরে 6 কিমি পথ অতিক্রম করতে পারবে।

রিট্র্যাক্টেবল ল্যান্ডিং গিয়ার সিস্টেম

- 10 জানুয়ারি প্রতিরক্ষা মন্ত্রককে TAPAS (Tactical Airborne Platform for Aerial Surveillance-Beyond Horizon 201 or Tapas BH-201) এবং SWIFT (Stealth Wing Flying Testbed) ড্রোনের জন্য রিট্র্যাক্টেবল ল্যান্ডিং গিয়ার সিস্টেম সরবরাহ করল ডিআরডিও।
- স্বদেশীয় পদ্ধতিতে কমব্যাট ভেহিক্যাল রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অফ এস্টাবলিশমেন্ট এটি নির্মাণ করেছে।

দেশের প্রথম চালকহীন মেট্রো গাড়ি

- 15 জানুয়ারি প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং উন্মোচিত করলেন দেশের প্রথম চালকহীন মেট্রো গাড়ি।
- এটি মুম্বাই মেট্রোপলিটনের জন্য নির্মাণ করেছে BEML।
- এটি স্বদেশীয় পদ্ধতিতে তৈরি করা হয়েছে।
- এই প্রোজেক্টের মাধ্যমে 2024 সালের জানুয়ারির মধ্যে 576টি গাড়ি সরবরাহ করা হবে।

কোয়ান্টাম কম্পিউটিং অ্যাপ্লিকেশন ল্যাব

- কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক অ্যামাজন ওয়েব সার্ভিসের সঙ্গে যুক্ত হল কোয়ান্টাম কম্পিউটিং অ্যাপ্লিকেশন ল্যাব স্থাপনের জন্য।
- এটি বিশ্বের প্রথম কোয়ান্টাম কম্পিউটিং অ্যাপ্লিকেশন ল্যাব।

ভারত পেতে চলেছে ডাইভার্টার স্টেন্ট ও ডিভাইস

- বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তরের তরফ থেকে ঘোষণা করা হল ভারত পেতে চলেছে ডাইভার্টার স্টেন্ট ও ডিভাইজ।
- এটি স্বদেশীয় পদ্ধতিতে নির্মিত হবে।
- এটি হৃদয় নিরাময়ের জন্য ব্যবহৃত হবে।

Shaheen-III এর সফল পরীক্ষা পাকিস্তানের

- 20 জানুয়ারি পাকিস্তানের তরফ থেকে সফল পরীক্ষা করা হল Shaheen-III এর।
- এটি একটি নিউক্লিয়ার বহনযোগ্য ভূমি থেকে ভূমি প্রকৃতির ব্যালিস্টিক মিসাইল।
- এটির রেঞ্জ 2750 কিমি যা পাকিস্তানের মিসাইলগুলির মধ্যে সর্বোচ্চ।

স্মার্ট অ্যান্টি এয়ারফিল্ড ওয়েপনের সফল পরীক্ষা হ্যালের

- হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড বা হ্যাল সফলভাবে পরীক্ষা করল স্মার্ট অ্যান্টি এয়ারফিল্ড ওয়েপন বা এসএএডব্লু।
- ওড়িশা উপকূলের নিকটে হক-আই (Hawk-i) এয়ারক্রাফট থেকে এর পরীক্ষা করা হল।
- এটি হ্যালের হক আই প্রোগ্রামের অধীনে হায়দ্রাবাদের ডিফেন্স রিসার্চ ডেভেলপমেন্ট অর্গানাইজেশনের রিসার্চ সেন্টার ইমারাতের তরফ থেকে নির্মাণ করা হয়েছে।

RBI-এর ম্যানেজার আর গিরিধরণ প্রকাশ করলেন তার প্রথম বই 'Right Under Your Nose

২০২১ সালের জানুয়ারি মাসে স্বাক্ষরিত জাতীয় ও আন্তর্জাতিক মউ/চুক্তি

যাদের মধ্যে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে *	তারিখ	যে যে বিষয়ে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে
ভারতীয় কোস্ট গার্ড এবং জাপান, ফিলিপিন্স, শ্রীলঙ্কা, মায়ানমার, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া ও ভিয়েতনাম	জানুয়ারি মাসের প্রথম সপ্তাহ	সামুদ্রিক খোঁজ এবং উদ্ধারের সহযোগিতার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
দিল্লি সরকার, কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন এবং ওকরিজ এনার্জি	জানুয়ারি মাসের প্রথম সপ্তাহ	এক হাজার স্কুলে সৌর বিদ্যুতের প্ল্যান্ট স্থাপনের জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
ভারতীয় বায়ুসেনা এবং IDSR, গুজরাট বিশ্ববিদ্যালয়	জানুয়ারির প্রথম সপ্তাহ	ভারতীয় বায়ুসেনার অফিসারদের উচ্চ শিক্ষায় যুক্ত করার জন্য এই মউ স্বাক্ষরিত হল। ভারতীয় বায়ুসেনার প্রোজেক্ট আকাশদ্বীপের অংশ হিসাবে এই মউ স্বাক্ষরিত হল।
ভারতীয় সেনাবাহিনী এবং গোয়া শিপইয়ার্ড লিমিটেড	১ জানুয়ারি	বারোটি পেট্রল বোট নির্মাণ করে লাদাখের প্যাংগং লেকে নজরদারির জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
জম্মু ও কাশ্মীর এবং NAFED	১ জানুয়ারি	হর্টিকালচার মার্কেটিং এর উন্নতির জন্য এই মউ স্বাক্ষরিত হল।
NHPC, PDD এবং জম্মু ও কাশ্মীর	৩ জানুয়ারি	জম্মু ও কাশ্মীরের হাইড্রোপাওয়ার প্রোজেক্ট কার্যকর করার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
টিআরআইএফইডি এবং অখিল ভারতীয় বনবাসী কল্যাণ আশ্রম	৩ জানুয়ারি	মধ্যপ্রদেশের পাঁচটি জেলায় TRIFOOD পার্ক স্থাপনের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
এনবিসিসি এবং জেকেআইটি	৪ জানুয়ারি	জম্মু ও শ্রীনগরে তথ্য প্রযুক্তি টাওয়ার স্থাপন করার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ডিআরডিও এবং মহামেট্রো	৫ জানুয়ারি	মেট্রো রেল নেটওয়ার্কে অ্যাডভান্সড বায়োডাইজেস্টর MK-II প্রযুক্তি কার্যকর করার জন্য এই মউ স্বাক্ষরিত হল
বন্ধন ব্যাঙ্ক এবং ভারতীয় সেনাবাহিনী	৫ জানুয়ারি	ভারতীয় সেনাবাহিনীর কর্মীদের বেতন অ্যাকাউন্ট যার নাম বন্ধন ব্যাঙ্ক শৌর্য স্যালারি অ্যাকাউন্ট খোলবার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ভারত এবং জাপান	৬ জানুয়ারি	ভারতের নির্দিষ্ট দক্ষ কর্মী জাপানে প্রেরণ করার উদ্দেশ্যে এই এমওসি চুক্তি স্বাক্ষরিত হল।
ব্যাঙ্ক অফ বরোদা এবং SIDBI	৬ জানুয়ারি	ছোট, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগগুলি যাতে একবার পুনর্গঠনের জন্য অনলাইনে আবেদন করতে সক্ষম হয় তার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
KVIC এবং ITBP	জানুয়ারির প্রথম সপ্তাহ	প্রতিবছর ১,৭২,০০০ কটন সামগ্রী সরবরাহের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
এয়ারটেল এবং NSIC	জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ	এনএসআইসি এর ডিজিটাল সার্ভিসেসের আইসিটি এর অধীনে ছোট, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যোগগুলির ডিজিটাল রূপান্তরকরণের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
CSIR NIO/NGRI এবং POIFEB, রাশিয়ান অ্যাকাডেমি অফ সায়েন্স	জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ	সামুদ্রিক বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি করতে এই মউ স্বাক্ষরিত হল।
ফ্লিপকার্ট এবং এলএসসি	৭ জানুয়ারি	বেঙ্গালুরুতে সেন্টার অফ এক্সিলেন্স স্থাপনের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
সিবিওআই এবং নব ফাউন্ডেশন	৭ জানুয়ারি	মাই প্যাড মাই রাইট প্রোজেক্টের মাধ্যমে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে ঋণ প্রদানের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।

Aeronautics — Study of navigation through air or space

অন্ধ্রপ্রদেশ হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন অরূপ কুমার গোস্বামী

যাদের মধ্যে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে	তারিখ	যে যে বিষয়ে মউ/চুক্তি স্বাক্ষরিত হয়েছে
IREDA এবং NHPC লিমিটেড	৮ জানুয়ারি	পরবর্তী পাঁচ বছরের জন্য কারিগরি দক্ষতা সরবরাহের মাধ্যমে পুনর্নবীকরণযোগ্য শক্তি প্রোজেক্টের উন্নতির জন্য এই মউ স্বাক্ষরিত হল।
অন্ধ্রপ্রদেশ সরকার এবং কেমব্রিজ বিশ্ববিদ্যালয়	৮ জানুয়ারি	রাজ্যের ছাত্র ও শিক্ষকদের ইংরেজি ভাষার দক্ষতা বৃদ্ধি করতে এই মউ স্বাক্ষরিত হল।
ইইএসএল এবং এনএইচএআই	৮ জানুয়ারি	ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়ার এস্টাবলিশমেন্ট ক্লিন ও এনার্জি এফিসিয়েন্ট ইন্টারভেনশন স্থাপন করতে এই মউ স্বাক্ষরিত হল।
কেভিজিবি এবং জয় কিষাণ	১২ জানুয়ারি	কর্ণাটকে অর্থনৈতিক পরিষেবা ক্ষেত্র প্রসারের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
মহীন্দ্রা লাইফস্পেস ডেভলপার্স এবং এসবিআই	১২ জানুয়ারি	গৃহঋণ অনুমোদনের গতি বাড়ানোর জন্য এবং গ্রাহক ও কর্মচারীদের বিশেষ ছাড় প্রদানের উদ্দেশ্যে এই মউ সাক্ষরিত হল।
জম্মু ও কাশ্মীর সরকার এবং NECBDC	১৩ জানুয়ারি	বাঁশ ক্ষেত্রের প্রচারের উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
বিডিএল এবং টেলস	১৩ জানুয়ারি	STARStreak মিসাইল সিস্টেম তৈরির জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
ভারত এবং জাপান	১৫ জানুয়ারি	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতার উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
ভারতীয় সেনা এবং আইডিয়াফোর্জ	জানুয়ারির তৃতীয় সপ্তাহ	এক বছরের জন্য ২০ মিলিয়ন মার্কিন ডলারের বিনিময়ে সুইচ ড্রোন সরবরাহের জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
GRSEএবং গায়ানা সরকার	জানুয়ারির তৃতীয় সপ্তাহ	সমুদ্রে চলাচল করা ভেসেল নির্মাণের জন্য এই মউ স্বাক্ষরিত হল ১২.৭ মিলিয়ন মার্কিন ডলারের বিনিময়ে।
এনএইচএআই এবং আইআরটিই, আইডিসি	জানুয়ারির তৃতীয় সপ্তাহ	সড়ক সুরক্ষা প্রচার এবং ট্রাফিক ব্যবস্থাপনা ক্ষেত্রে সহযোগিতার উদ্দেশে এই মউ স্বাক্ষরিত হল।
মধ্যপ্রদেশ সরকার এবং কেরল সরকার	জানুয়ারির তৃতীয় সপ্তাহ	দায়িত্বশীল পর্যটন প্রতিলিপি গঠনের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
টিআরআইএফইডি এবং আইএফএফডিসি	জানুয়ারির তৃতীয় সপ্তাহ	উপজাতিদের জীবিকা নির্বাহের প্রচারের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
তেলেঙ্গানা এবং গুজরাট	জানুয়ারির তৃতীয় সপ্তাহ	মহিলা উদ্যোক্তাদের সহযোগিতার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
সড়ক পরিবহণ ও হাইওয়ে মন্ত্রক এবং ডিআরডিও	জানুয়ারির তৃতীয় সপ্তাহ	জিও হ্যাজার্ড ম্যানেজমেন্টে সহযোগিতা বৃদ্ধির উদ্দেশ্যে এই মউ স্বাক্ষরিত হল।
বিএসই এবং মহারাষ্ট্র সরকার	জানুয়ারির তৃতীয় সপ্তাহ	মহারাষ্ট্রের ক্ষুদ্র এবং মাঝারি উদ্যোগগুলির মধ্যে সচেতনতা গড়ে তুলতে এই মউ স্বাক্ষরিত হল।
ডিপার্টমেন্ট অফ স্কিল ডেভেলপমেন্ট এবং আইআইটি জম্মু	১৯ জানুয়ারি	ছাত্রছাত্রীদের দক্ষতা বৃদ্ধি এবং চাকরির সুযোগ বৃদ্ধির জন্য যাতে তারা নতুন প্রযুক্তি ব্যবহার করতে পারে তার জন্য এই মউ স্বাক্ষরিত হল।
উচ্চশিক্ষা দপ্তর এবং আইসিএসআই	১৯ জানুয়ারি	ছাত্রছাত্রী যারা শ্রীনগর ও জম্মুর ক্লাস্টার বিশ্ববিদ্যালয়ে তালিকাভুক্ত হয়েছে তাদের দক্ষতা বৃদ্ধির জন্য এই মউ স্বাক্ষরিত হল।
রাজস্থান সরকার এবং RSMML ও MECL	২১ জানুয়ারি	নাগপুর-গঙ্গানগর অঞ্চলে পটাশ মাইনিং এর সম্ভাবনা নিয়ে গবেষণার জন্য এই চুক্তি স্বাক্ষরিত হল।
কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও হাইওয়ে মন্ত্রক এবং আইআইটি রুরকি	জানুয়ারির তৃতীয় সপ্তাহ	সড়ক ক্ষেত্রে গবেষণা ও উন্নতি ত্বরান্বিত করতে ও আইআইটি রুরকিতে কেন্দ্রীয় সড়ক ও পরিবহণ মন্ত্রকের প্রফেসনাল চেয়ার স্থাপনের জন্য এই মউ স্বাক্ষরিত হল।
ভারতীয় সেনা এবং SIDM	২১ জানুয়ারি	দেশীয়করণ ও নতুনত্ব অংশীদারিত্বের জন্য এই মউ স্বাক্ষরিত হল।

Aerophilately — Collecting of air-mail stamps

অন্যান্য

এশিয়ার চারটি চা উৎপাদক অঞ্চল বিশ্বব্যাপী গুরুত্বপূর্ণ কৃষি ঐতিহ্য ব্যবস্থার স্বীকৃতি পেল

ফুড অ্যান্ড এগ্রিকালচার অর্গানাইজেশনের তরফ থেকে এশিয়ার চারটি চা উৎপাদক অঞ্চল বিশ্বব্যাপী গুরুত্বপূর্ণ কৃষি ঐতিহ্য ব্যবস্থার স্বীকৃতি পেল। চারটি অঞ্চলের দুটি চীনে, একটি দক্ষিণ কোরিয়া ও অপর একটি জাপানে অবস্থিত। চারটি অঞ্চল হল চীনের দ্য পুয়ের ট্রাডিশনাল টি এগ্রোসিস্টেম এবং ফুজো জ্যাসমিনি অ্যান্ড টি কালচার সিস্টেম, জাপানের সিজোকা ট্রাডিশনাল টি গ্রাস ইন্টিগ্রেটেড সিস্টেম এবং দক্ষিণ কোরিয়ার হাগা-মিয়নের ট্রাডিশনাল হ্যাডং টি এগ্রোসিস্টেম।

শীঘ্রই চালু হতে চলেছে মৈত্রী সেতু

দক্ষিণ ত্রিপুরার সঙ্গে বাংলাদেশের রামগড়ের মধ্যে যোগাযোগ স্থাপনের জন্য ফেনি নদীর উপরে নির্মিত হওয়া মৈত্রী সেতু শীঘ্রই চালু হতে চলেছে। ব্রিজটি ১.৯ কিমি দীর্ঘ।

ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ সিকিউরিটিজ কমিশনের অ্যাসোসিয়েট সদস্য হল আইএফএসসিএ

১ জানুয়ারি ইন্টারন্যাশনাল অর্গানাইজেশন অফ সিকিউরিটি কমিশনের অ্যাসোসিয়েট সদস্য হল ইন্টারন্যাশনাল ফিনান্সিয়াল সার্ভিস সেন্টার অথরিটি (আইএফএসসিএ)। আইএফএসসিএ এর সদর দপ্তর গুজরাটের গান্ধীনগরে অবস্থিত।

কেরলের মথিকেটান শোলা ন্যাশনাল পার্কের ১ কিমি সীমান্ত অঞ্চল ইকো সেনটিটিভ জোন

১ জানুয়ারি কেন্দ্রীয় সরকার কেরলের ইড্ডুকি জেলার মথিকেটান শোলা ন্যাশনাল পার্কের ১ কিমি সীমান্ত অঞ্চলকে ইকো সেনটিটিভ জোন হিসাবে ঘোষণা করল। ইকো সেনসিটিভ জোনের ক্ষেত্রফল ১৭.৫ বর্গ কিমি।

বিশ্বের দীর্ঘতম রেলওয়ে প্ল্যাটফর্ম হতে চলেছে হুবলি রেলওয়ে স্টেশন

কর্ণাটকের হুবলি রেলওয়ে স্টেশন বিশ্বের দীর্ঘতম রেলওয়ে প্ল্যাটফর্ম হতে চলেছে। যার দৈর্ঘ্য ১৫০০ মিটারের বেশি এবং প্রস্থ হবে ১০ মিটার। ২০২১ সালের মার্চ মাসে প্ল্যাটফর্মটির উদ্বোধন করা হবে।

চতুর্থ গ্লোবাল আয়ুর্বেদ ফেস্টিভ্যাল ২০২১ আয়োজন করবে কেরল

কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী তথা গ্লোবাল আয়ুর্বেদ ফেস্টিভ্যালের চেয়ারম্যান ভি মুরলীধরন ঘোষণা করলেন চতুর্থ গ্লোবাল আয়ুর্বেদ ফেস্টিভ্যাল-২০২১ আয়োজন করবে কেরল। ১২-১৯ মার্চ বিশ্বের বৃহত্তম আয়ুর্বেদ ফেস্টিভ্যাল ভার্চুয়াল স্পেসে অনুষ্ঠিত হবে। সেন্টার ফর ইনোভেশন ইন সায়েন্স অ্যান্ড সোশ্যাল অ্যাকশন, আয়ুর্বেদ মেডিক্যাল অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া এবং আয়ুর্বেদ হসপিটাল ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন এই অনুষ্ঠান আয়োজন করবে। এই অনুষ্ঠানের সহযোগী হল ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স।

চল্লিশতম ইন্ডিয়ান সায়েন্টিফিক এক্সপেডিশন টু অ্যান্টর্কটিকা

৫ জানুয়ারি গোয়ার মার্মাগাও পোর্ট থেকে সূচনা করা হল চল্লিশতম ইন্ডিয়ান সায়েন্টিফিক এক্সপেডিশন টু অ্যান্টর্কটিকা। এই অভিযানে ৪৩ জন সদস্য এম ভি ভেসিলি গ্লোবোনিন জাহাজের মাধ্যমে অ্যান্টর্কটিকার উদ্দেশ্যে যাত্রা শুরু করল।

সেন্টেনিয়াল অবজার্ভিং স্টেশন স্ট্যাটাস পেল পাটনা মেটেওরোলজিক্যাল অবজার্ভেটরি

ওয়ার্ল্ড মেটেওরোলজিক্যাল অর্গানাইজেশনের তরফ থেকে সেন্টেনিয়াল অবজার্ভিং স্টেশন স্ট্যাটাসের মর্যাদা পেল পাটনা মেটেওরোলজিক্যাল অবজার্ভেটরি। একশো বছরের বেশি অবদানের জন্য এই সম্মান প্রদান করা হল। এটি ১৮৬৭ সালে ব্রিটিশ কর্পস অফ ইঞ্জিনিয়ার্স কর্তৃক স্থাপন করা হয়েছিল।

উচ্চগতি সম্পন্ন রিজিওনাল র‍্যাপিড ট্রানজিট সিস্টেমের জন্য ব্যবহার করা হবে নীরব ট্র্যাক

ন্যাশনাল ক্যাপিটাল রিজিয়ন ট্রান্সপোর্ট কর্পোরেশন উচ্চগতি সম্পন্ন রিজিওনাল র‍্যাপিড ট্রানজিট সিস্টেমের জন্য ব্যবহার করবে স্বদেশীয় পদ্ধতিতে তৈরি নীরব ট্র্যাক। যার উপর দিয়ে ঘণ্টায় ১৮০ কিমি বেগে ট্রেন চলাচল করতে পারবে।

TIHAN Foundation এর শিলান্যাস

স্বশাসিত নেভিগেশন এবং তথ্য অধিগ্রহণ সিস্টেমের জন্য ভারতের প্রথম টেস্টিং হাব TIHAN Foundation এর শিলান্যাস করা হল। এটি আইআইটি হায়দ্রাবাদের অন্তর্গত। এর শিলান্যাস করলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী রমেশ পোখরিয়াল নিশাঙ্ক।

১৯০১ এর পর অষ্টম উষ্ণতম বর্ষ হল ২০২০

ভারতীয় আবহাওয়া দপ্তরের ক্লাইমেট রিসার্চ অ্যান্ড সার্ভিসেস কর্তৃক প্রকাশিত Statement on climate of India during-2020 অনুযায়ী ১৯০১ এর পর ভারতের অষ্টম উষ্ণতম বর্ষ হল ২০২০।

SLNP এবং UJALA প্রোগ্রামের ছয় বছর পূর্ণ

৫ জানুয়ারি Unnat Jyoti by Affordable LEDs for All (UJALA) এবং Street Lighting National Programme (SLNP) এর ছয় বছর পূর্ণ হল। ২০১৫ সালের ৫ জানুয়ারি এনার্জি এফিসিয়েন্সি সার্ভিসেস লিমিটেডের তরফ থেকে এই দুটি প্রোগ্রামের সূচনা করা হয়েছিল।

Aerostatics — Science of air pressure; Art of ballooning

রেয়ারি-মাডার ফ্রেইট করিডর সেকশনের উদ্বোধন

৭ জানুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়ালি উদ্বোধন করলেন হরিয়ানার রেয়ারি থেকে রাজস্থানের মাডার পর্যন্ত ৩০৬ কিমি দীর্ঘ ফ্রেইট করিডরের। সেই সঙ্গে সূচনা করলেন বিশ্বের প্রথম ডাবল স্ট্যাক লং হল কন্টেনার ট্রেনের যা ১.৫ কিমি দীর্ঘ এবং হরিয়ানার আটেলা থেকে রাজস্থানের কিশনগড়ের মধ্যে যাতায়াত করবে।

মধ্যপ্রদেশে স্থাপন হতে চলেছে বিশ্বের বৃহত্তম ভাসমান সৌরশক্তি প্রোজেক্ট

মধ্যপ্রদেশের খান্ডওয়া জেলার নর্মদা নদীর ওপর অবস্থিত ওমকারেশ্বর ড্যামের ওপর স্থাপন হতে চলেছে বিশ্বের বৃহত্তম ভাসমান সৌরশক্তি প্রোজেক্ট। যা ২০২২-২৩ সালে বিদ্যুৎ উৎপাদন করতে চলেছে। এর বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতা ৬০০ মেগাওয়াট।

ফ্রুট ফ্লাইয়ের নতুন প্রজাতি

তামিলনাড়ুর কোয়েম্বাটোর জেলার সিরুবানিতে আবিষ্কৃত হল ফ্রুট ফ্লাইয়ের নতুন প্রজাতি যার নাম রাখা হল Euphranta Siruvani। পশ্চিমঘাট পর্বতমালার সিরুবানি অঞ্চলের নামানুসারে এর নাম রাখা হল। জুট্যাক্সা জার্নালে এটি প্রকাশিত হল।

প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার পাঁচ বছর পূর্ণ

১৩ জানুয়ারি কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনার পাঁচ বছর পূর্ণ হল। ২০১৬ সালের ১৩ জানুয়ারি এই প্রকল্প চালু হয়েছিল। ওয়ান নেশন ওয়ান স্কিম থিমের অধীনে এই প্রকল্প চালু করা হয়েছিল।

দেশের প্রথম ফায়ার পার্কের উদ্বোধন হল ওড়িশায়

৫ জানুয়ারি ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়ক ভার্চুয়ালি উদ্বোধন করলেন দেশের প্রথম ফায়ার পার্কের। এটি স্থাপন করা হয়েছে ওড়িশার ভুবনেশ্বরে। সেইসঙ্গে চালু করা হল Agnishama Seva নামক ভার্চুয়াল প্ল্যাটফর্মের।

CSIR-NIScPR এর উদ্বোধন

১৪ জানুয়ারি কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি, ভূবিজ্ঞান এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডঃ হর্ষ বর্ধন উদ্বোধন করলেন CSIR – NIScPR (CSIR – National Institute of Science Communication & Policy Researh) এর। CSIR–NISCAIR (CSIR – National Institute of Science Communication & Information Resources) এবং CSIR–NISTADS (CSIR–National Instute of Science, Technology & Development Studies) এর সংযুক্তিকরণের মাধ্যমে নতুন দিল্লিতে CSIR–NISCPR এর উদ্বোধন করা হল।

স্ট্যাচু অফ ইউনিটিতে যোগাযোগের জন্য আটটি ট্রেন

১৭ জানুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভার্চুয়ালি সূচনা করলেন গুজরাতের কেবাদিয়ার স্ট্যাচু অফ ইউনিটিতে যোগাযোগের আটটি ট্রেনের। পর্যটনের প্রসারের উদ্দেশ্যে এই ট্রেনগুলি চালু করা হল। ট্রেনগুলি উত্তরপ্রদেশের বারাণসী, মহারাষ্ট্রের দাদার, গুজরাটের আহমেদাবাদ ও প্রতাপগড়, মধ্যপ্রদেশের রেয়া, নিউ দিল্লির হজরত নিজামুদ্দিন এবং তামিলনাড়ুর চেন্নাই থেকে গুজরাটের কেবাদিয়ার মধ্যে যোগাযোগ স্থাপন করবে।

আলপুজ্জাহতে স্থাপিত হবে শ্রমিক আন্দোলন মিউজিয়াম

দেশের প্রথম শ্রমিক আন্দোলন মিউজিয়াম স্থাপিত হতে চলেছে কেরলের আলপুজ্জাহতে। এই ধরনের মিউজিয়াম ভারত প্রথম। এই মিউজিয়ামে বিশ্বের বিভিন্ন শ্রমিক আন্দোলনের ইতিহাস প্রদর্শন করানো হবে। এটি নির্মাণ করতে খরচ হয়েছে ৯.৯৫ কোটি টাকা।

ইরানে দুটি মোবাইল হারবার ক্রেন সরবরাহ করল ভারত

ইরানের চাবাহার পোর্টে দুটি মোবাইল হারবার ক্রেন সরবরাহ করল ভারত। ছয়টি ক্রেনের জন্য মোট ২৫ মিলিয়ন মার্কিন ডলারের চুক্তি স্বাক্ষরিত হয়েছিল। যার মধ্যে বর্তমানে দুটি ক্রেন সরবরাহ করা হল।

নাগপুরের গোরেয়াদা আন্তর্জাতিক চিড়িয়াখানার নাম পরিবর্তন

১৮ জানুয়ারি মহারাষ্ট্র সরকার নাগপুরের গোরেয়াদা আন্তর্জাতিক চিড়িয়াখানার নাম পরিবর্তন করল। নতুন নাম হল 'বালসাহেব ঠাকরে গোরেয়াদা আন্তর্জাতিক জুলজিক্যাল পার্ক। বালসাহেব ঠাকরের সম্মানার্থে এই নাম পরিবর্তন করা হল।

কৃষকদের বিদ্যুৎ ভর্তুকি প্রদান করবে মধ্যপ্রদেশ

ডাইরেক্ট বেনিফিট ট্রান্সফারের মাধ্যমে কৃষকদের বিদ্যুৎ ভর্তুকি প্রদান করবে মধ্যপ্রদেশ। দেশের মধ্যে প্রথম রাজ্য হিসাবে মধ্যপ্রদেশ এই সিদ্ধান্ত নিয়েছে।

অসমের টেপাসিয়াতে সায়েন্স সিটির শিলান্যাস

১৮ জানুয়ারি অসমের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়াল অসমের টেপাসিয়াতে সায়েন্স সিটির শিলান্যাস করলেন। এই সায়েন্স সিটি নির্মাণে ১৮৪ কোটি টাকা খরচ হবে। তৃণমূল স্তরে বিজ্ঞান ও প্রযুক্তির প্রসারের জন্য এই সায়েন্স সিটি গড়ে তোলা হচ্ছে।

ইন্ডিয়া আফ্রিকা ট্রেড কাউন্সিল ২০২১ এর উদ্বোধন

২২ জানুয়ারি তামিলনাড়ুর চেন্নাইয়ে হোটেল ক্রাউন প্লাজায় ইন্ডিয়া আফ্রিকা ট্রেড কাউন্সিল ২০২১ এর উদ্বোধন করা হল। ভারত এবং আফ্রিকার মধ্যে ব্যবসায়ী সম্পর্ক স্থাপনের জন্য এটির উদ্বোধন করা হল। এটির উদ্বোধন করেন আফ্রিকার কেন্দ্রীয় বিদেশমন্ত্রকের অতিরিক্ত সচিব অ্যাম্বাসাডর নাগমা মালিক এবং ভারতে ইথিওপিয়ার রাষ্ট্রদূত ডঃ তিজিটা মুলুগেটা ইমাম। ইন্ডিয়া আফ্রিকা ট্রেড কাউন্সিলের ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন রামকিষাণ।

❖ এমিনেন্ট ইঞ্জিনিয়ার অ্যাওয়ার্ড – ২০২০ :

সম্প্রতি ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি কর্তৃক প্রদত্ত ২০২০ সালের এমিনেন্ট ইঞ্জিনিয়াঁর অ্যাওয়ার্ডে ভারতীয় রেলওয়ে বোর্ডের প্রাক্তন চেয়ারম্যান ভি কে যাদব। ভারতীয় রেলের আধুনিকীকরণ ও পুনর্গঠনের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হল। ১৯৮০ সালের ব্যাচের ইন্ডিয়ান রেলওয়ে সার্ভিস অফিসার ভি কে যাদব ২০১৮ সালে রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান নির্বাচিত হয়েছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি হল বিশ্বের এক নামী ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান যার সদর দপ্তর ব্রিটিশ যুক্তরাজ্যের স্টেভাঞ্জে অবস্থিত।

❖ তানসেন সম্মান — ২০২০ :

সম্প্রতি মধ্যপ্রদেশের গোয়ালিয়রে অনুষ্ঠিত ৯৬তম তানসেন সংগীত সমারোহ-২০২০-তে বিভিন্ন পুরস্কার প্রাপকদের হাতে বিবিধ পুরস্কার তুলে দেওয়া হল। মধ্যপ্রদেশ সরকারের সংস্কৃতি বিভাগ এবং উস্তাদ আলাউদ্দিন খান কলা ইভাম সংগীত অ্যাকাডেমি কর্তৃক যৌথভাবে এই সংগীত সমারোহের আয়োজন করেছিল। এবারে তানসেন সম্মানে ভূষিত হয়েছেন পণ্ডিত সতীশ ব্যাস। হিন্দুস্থানি সংগীতের ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হয়েছে। এই পুরস্কারের সম্মান স্বরূপ তাঁকে নগদ এক লক্ষ টাকা এবং একটি শংসাপত্র প্রদান করা হয়েছে। এছাড়া এই অনুষ্ঠানে রাজা মহাসিং তোমর অ্যাওয়ার্ড-২০২০ তে ভূষিত হয়েছে ভোপালের 'অভিনব কলা পরিষদ'।

❖ কোরিয়া প্রজাতন্ত্র সেনাবাহিনী কর্তৃক প্রদত্ত গার্ড অফ অনার :

সম্প্রতি ভারতীয় সেনাবাহিনীর জেনারেল মনোজ মুকুন্দ নারাভানেকে কোরিয়া প্রজাতন্ত্রের সেনাবাহিনী কর্তৃক গার্ড অফ অনার সম্মানে ভূষিত করা হয়েছে। সম্প্রতি কোরিয়া প্রজাতন্ত্র এবং ভারতের মধ্যে প্রতিরক্ষা ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধির উদ্দেশ্যে তিনি কোরিয়া প্রজাতন্ত্রে সফর করেছিলেন। সফরকালীন সময়ে তাঁকে এই সম্মানে ভূষিত করা হয়েছে।

❖ কুইন এলিজাবেথ -II অনার— ২০২১ :

ভারতের কলিঙ্গ ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস (KIMS) Ushalakshmi Centre for Breast Disease-এর ডিরেক্টর এবং ব্রেস্ট সার্জেন ডক্টর রঘুরাম পিল্লারি শেট্টি সম্প্রতি ব্রিটিশ সরকার কর্তৃক প্রদত্ত কুইন এলিজাবেথ-II অনার ২০২১ এ ভূষিত হয়েছেন। ভারত এবং ব্রিটেনের মধ্যে ব্রেস্ট ক্যান্সার বিষয়ে চিকিৎসার অগ্রগতি এবং চিকিৎসা পরিষেবা প্রদানের মানোন্নয়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরূপ তাঁকে এই সম্মানে ভূষিত করা হয়েছে।

❖ প্রধানমন্ত্রী আবাস যোজনা (আর্বান) অ্যাওয়ার্ড– ২০১৯ :

১ জানুয়ারি ২০২১ তারিখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এক ভার্চুয়াল প্ল্যাটফর্মে ২০১৯ সালের প্রধানমন্ত্রী আবাস যোজনা (আর্বান) অ্যাওয়ার্ড তুলে দিল বিভিন্ন রাজ্যের হাতে। ২০১৯ সালে প্রধানমন্ত্রী আবাস যোজনা (আর্বান) বাস্তবায়িত করার ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্যের খতিয়ান বিচার করে এই পুরস্কার তুলে দেওয়া হয়েছে। নীচে বিভাগ অনুযায়ী পুরস্কার প্রাপকদের নাম দেওয়া হল—

পুরস্কারের বিভাগ	পুরস্কার প্রাপক
বেস্ট প্র্যাকটিস অ্যান্ড ইনোভেশন অ্যাওয়ার্ড	কাঞ্চিপুরম, তামিলনাড়ু
বেস্ট পারফর্মিং স্টেট	১। উত্তরপ্রদেশ
	২। মধ্যপ্রদেশ
	৩। অন্ধ্রপ্রদেশ
বেস্ট পারফর্মেন্স (উত্তর-পূর্বাঞ্চল এবং পার্বত্য রাজ্য)	ত্রিপুরা
বেস্ট পারফর্মিং মিউনিসিপ্যাল কর্পোরেশন	বিশাখাপত্তনম, অন্ধ্রপ্রদেশ
বেস্ট পারফর্মিং মিউনিসিপ্যাল কর্পোরেশন (উত্তর-পূর্বাঞ্চল এবং পার্বত্য রাজ্য)	আগরতলা, ত্রিপুরা
বেস্ট পারফর্মিং মিউনিসিপ্যাল কাউন্সিল	মির্জাপুর, উত্তরপ্রদেশ
বেস্ট পারফর্মিং মিউনিসিপ্যাল কাউন্সিল (উত্তর-পূর্বাঞ্চল এবং পার্বত্য রাজ্য)	থৌবাল, মণিপুর
বেস্ট পারফর্মিং নগর পঞ্চায়েত	মালিহাবাদ, উত্তরপ্রদেশ
বেস্ট পারফর্মিং নগর পঞ্চায়েত (উত্তর-পূর্বাঞ্চল এবং পার্বত্য রাজ্য)	দীনেশপুর, উত্তরাখণ্ড

এছাড়াও স্পেশাল ক্যাটাগরিতে আরো যাঁদেরকে পুরস্কৃত করা হয়েছে নীচে তাঁদের নাম দেওয়া হল।

- বেস্ট পারফর্মিং ইউনিয়ন টেরিটোরি — পুদুচেরি।
- প্রোজেক্ট মনিটরিং টুলস — অন্ধ্রপ্রদেশ।
- পলিসি ইনিসিয়েটিভস — গুজরাট।
- ইনোভেটিভ কনস্ট্রাকশন টেকনোলজি — অন্ধ্রপ্রদেশ।
- বেস্ট এএইচপি অন প্রাইভেট ল্যান্ড — গুজরাট।
- বেস্ট আইএসএসআর প্রোজেক্ট — গুজরাট।
- বেস্ট এএইচপি অন পাবলিক ল্যান্ড — মধ্যপ্রদেশ।
- কমিউনিটি মোবিলাইজেশন ইনিশিয়েটিভ — ঝাড়খণ্ড।
- কনভারজেনসেস — ছত্তিশগড়।

❖ কয়াকল্প অ্যাওয়ার্ড — ২০১৯-২০ :

১৩ জানুয়ারি এক ভার্চুয়াল প্ল্যাটফর্মে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডক্টর হর্ষ বর্ধন ২০১৯-২০ সালের কয়াকল্প অ্যাওয়ার্ড

তুলে দিলেন বিভিন্ন চিকিৎসা সংস্থার হাতে। 'ক্যাটাগরি এ'-তে প্রথম পুরস্কারে ভূষিত হয়েছে ডিস্ট্রিক্ট হসপিটাল রেয়াসি (জম্মু-কাশ্মীর) এবং দ্বিতীয় পুরস্কারে ভূষিত হয়েছে জওহরলাল ইনস্টিটিউট অফ পোস্ট গ্র্যাজুয়েট মেডিক্যাল এডুকেশন অ্যান্ড রিসার্চ (পুদুচেরি)। 'ক্যাটাগরি বি'-তে পুরস্কৃত হয়েছে ভুবনেশ্বর এইমস হাসপাতাল। 'হসপিটাল ক্যাটাগরি'তে পুরস্কৃত হয়েছে ওড়িশার আঙ্গুল ডিস্ট্রিক্ট হেডকোয়ার্টার্স হসপিটাল। 'সাব ডিভিশনাল হসপিটাল/কমিউনিটি হেলথ সেন্টার ক্যাটাগরি'তে পুরস্কৃত হয়েছে ময়ূরভঞ্জ জেলার রাইরংপুর সাব ডিভিশনাল হসপিটাল।

❖ ইউএন ওমেন এশিয়া প্যাসিফিক ওমেন্স এম্পাওয়ারমেন্ট প্রিন্সিপালস রিজিওনাল অ্যাওয়ার্ড :

সম্প্রতি ইউরোপিয়ান ইউনিয়ন এবং ইউএন ওমেন কর্তৃক যৌথভাবে প্রদত্ত এশিয়া-প্যাসিফিক ওমেন্স এম্পাওয়ারমেন্ট প্রিন্সিপালস রিজিওনাল অ্যাওয়ার্ডে ভূষিত হলেন বিভিন্ন স্বরোজগারী মহিলা এবং সংস্থা। নীচে এবারের পুরস্কার প্রাপকদের নাম দেওয়া হল—

বিভাগ	বিজয়ী	দেশ
জেন্ডার ইনক্লুসিভ ওয়ার্ক প্লেস	Ikea India Pvt. Ltd.	ভারত
লিডারশিপ কমিটমেন্ট	অধ্যাপক দুরেন শাহনাজ (IIX-এর CEO)	সিঙ্গাপুর
ইউথ লিডারশিপ	ক্যাটরিনা চ্যাং–QBO ইনোভেশন হাবের ED	ফিলিপিন্স
জেন্ডার রেসপনসিভ মার্কেট প্লেস	ইউনিলিভার	থাইল্যান্ড
কমিউনিটি অ্যান্ড ইন্ডাস্ট্রি এনগেজমেন্ট	কোকাকোলা ফার ইস্ট লিমিটেড	ফিলিপিন্স
কোভিড-১৯ অ্যাকশন	কাসভ ফাউন্ডেশন	পাকিস্তান

❖ নেলসন মেন্ডেলা ওয়ার্ল্ড হিউম্যানেটোরিয়ান অ্যাওয়ার্ড:

সম্প্রতি নেলসন মেন্ডেলা ওয়ার্ল্ড হিউম্যানেটোরিয়ান অ্যাওয়ার্ডে ভূষিত হলেন বহুমুখী প্রতিভার অধিকারী ও বিশ্বমানবতাবাদী রবি গাইকোয়াড়। তিনি একাধারে শিক্ষাবিদ, ক্রীড়াব্যক্তিত্ব, অন্যদিকে মানবহিতৈষীও বটে। তাঁর মানবহিতৈষী মূলক কাজকর্মে অসামান্য অবদানের জন্য তাঁকে এই পুরস্কারে ভূষিত করা হয়েছে।

❖ ইন্ডিয়ান পার্সোনালিটি অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ড :

সম্প্রতি বিশিষ্ট চলচ্চিত্র অভিনেতা, পরিচালক ও সংগীতশিল্পী বিশ্বজিৎ চ্যাটার্জি 'ইন্ডিয়ান পার্সোনালিটি অফ দ্য ইয়ার অ্যাওয়ার্ডে' ভূষিত হলেন। চলচ্চিত্র ক্ষেত্রে অভিনয় দক্ষতার গুণমান বিচার করে তাঁকে এই সম্মানে ভূষিত করা হল। ৮৪ বছর বয়সি এই অভিনেতা ১৯৫০ সালে অভিনয় জগতে প্রবেশ করেছিলেন। তাঁর অভিনীত কয়েকটি চলচ্চিত্র হল– 'কংস', 'মায়ামৃগ', 'নবদিগন্ত', 'মজবুর', 'সানাই', 'মেরে সনম', 'এপ্রিল ফুল', 'জাল', 'কিসমত' প্রভৃতি।

❖ সক্ষম অ্যাওয়ার্ড :

নতুন দিল্লির পেট্রোলিয়াম কনজারভেশন রিসার্চ অ্যাসোসিয়েশন ১৬ জানুয়ারি – ১৫ ফেব্রুয়ারি, ২০২১ পর্যন্ত প্রায় একমাসব্যাপী সক্ষম ক্ষমতা মহোৎসব নামক এক প্রচারাভিযান কর্মসূচী গ্রহণ করেছে। জীবাশ্ম জ্বালানি, স্বাস্থ্য ও পরিবেশ সংক্রান্ত নানা বিষয়ে সচেতনতার জন্য এই কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এই কর্মসূচীর ট্যাগলাইন হল– *'Green and Clean Energy'*। প্রতি বছর এই সমস্ত ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য সক্ষম পুরস্কারে ভূষিত করা হয় বিভিন্ন সংস্থাকে। এবারের ২০২১ সালের পুরস্কার প্রাপকদের নাম দেওয়া হল—

পুরস্কার	বিভাগ	বিজয়ী
বেস্ট ওভারঅল পারফর্মেন্স অ্যাওয়ার্ড ফর স্টেট লেভেল কো-অর্ডিনেটর	ক্যাটাগরি-১ (বড় রাজ্য)	তামিলনাড়ু ও পুদুচেরি
	ক্যাটাগরি-২ (ছোট রাজ্য)	চণ্ডীগড়
বেস্ট ওভারঅল পারফর্মেন্স অ্যাওয়ার্ড ফর স্টেট গভঃ	ক্যাটাগরি-১ (বড় রাজ্য)	তামিলনাড়ু
	ক্যাটাগরি-২ (ছোট রাজ্য)	চণ্ডীগড়
বেস্ট ওভারঅল পারফর্মেন্স অ্যাওয়ার্ড ফর আপস্ট্রিম সেক্টর	—	ওএনজিসি
বেস্ট ওভারঅল পারফর্মেন্স অ্যাওয়ার্ড ফর ওএমসি	—	আইওসিএল

❖ স্কচ অ্যাওয়ার্ড – ২০২১ :

১৬ জানুয়ারি নতুন দিল্লিতে অনুষ্ঠিত ৭০তম স্কচ সামিটে ২০২১ সালের স্কচ অ্যাওয়ার্ড তুলে দেওয়া হল বিভিন্ন মন্ত্রকের হাতে। বিভাগ অনুযায়ী পুরস্কার প্রাপকদের তালিকা দেওয়া হল—

পুরস্কারের বিভাগ	পুরস্কার প্রাপক
স্কচ চ্যালেঞ্জার অ্যাওয়ার্ড ফর ই-গভর্নেন্স	কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রক
স্কচ গোল্ড অ্যাওয়ার্ড ফর ইট্স ইনিশিয়েটিভ	কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রক (Ice-Stupa, Swasthya: Tribal Health and Nutritional Portal এবং Empowering Tribals Transforming India-কর্মসূচি)
স্কচ চ্যালেঞ্জার অ্যাওয়ার্ড ফর ট্রান্সপারেন্সি ইন গভর্ন্যান্স	কেন্দ্রীয় পঞ্চায়েতিরাজ মন্ত্রক
স্কচ সিলভার অ্যাওয়ার্ড ফর রেসপন্স টু কোভিড-১৯	দক্ষিণ রেলওয়ে
স্কচ চ্যালেঞ্জার অ্যাওয়ার্ড (ব্যক্তিগত)	করুণা গোপাল (ফিউচারেস্টিক সিটিজ ফাউন্ডেশনের প্রেসিডেন্ট)
	প্রদীপ এস মেহেতা (সিইউটিএস ইন্টারন্যাশনালের সেক্রেটারি জেনারেল)

বিভাগ/সেক্টর	সাব সেক্টর	প্রথম পুরস্কার	দ্বিতীয় পুরস্কার	সার্টিফিকেট অফ মেরিট
	অ্যালুমিনিয়াম (বৃহৎ)	বেদান্ত লিমিটেড স্মেল্টার প্ল্যান্ট, ঝারসুগুডা, ওড়িশা	—	—
	অ্যালুমিনিয়াম (ছোট)	বেদান্ত লিমিটেড, কালাহান্ডি, ওড়িশা	—	—
	পেট্রোলিয়াম শোধনাগার	IOCL-Paradip Refinery, ওড়িশা	—	ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন, কোচি রিফাইনারি
	অটোমোবাইল	টাটা মোটর্স লিমিটেড, জামশেদপুর	টাটা মোটর্স লিমিটেড, লক্ষ্ণৌ	টাটা মোটর লিমিটেড, উত্তরাখণ্ড
				হোন্ডা মোটর্স সাইকেল এবং স্কুটার ইন্ডিয়া প্রাঃলিঃ, কর্ণাটক
	সার	ইফকো লিমিটেড, ফুলপুর ইউনিট-১, প্রয়াগরাজ	ইফকো লিমিটেড, অ্যাওনলা ইউনিট-১, বেরিলি	ক্রিভকো ফার্টিলাইজার্স লিঃ উত্তরপ্রদেশ
				ইফকো লিমিটেড, অ্যাওনলা, ইউনিট-২, বেরিলি
	সেকেন্ডারি স্টিল	টাটা স্টিল লং প্রোডাক্ট লিমিটেড, জামশেদপুর	—	কির্লোসকর ফেরাস ইন্ডাস্ট্রিজ লিমিটেড, কর্ণাটক
	রেলওয়ে ওয়ার্কশপ	ডিজেল লোকো শেড, বিজয়ওয়াড়া, অন্ধ্রপ্রদেশ	কাছরাপাড়া ওয়ার্কশপ, উঃ ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ	মেকানিক্যাল ওয়ার্কশপ, বেরিলি, উত্তরপ্রদেশ
				সেন্ট্রাল রেলওয়ে ওয়ার্কশপ, মহীশূর, কর্ণাটক
				মেকানিক্যাল ওয়ার্কশপ, ডিব্রুগড়, অসম
				সেন্ট্রাল ওয়ার্কশপ, তিরুচিরাপল্লি, তামিলনাড়ু
পরিবহণ	জোনাল রেলওয়ে	ওয়েস্টার্ন রেলওয়ে, মুম্বাই, মহারাষ্ট্র	ইস্টার্ন রেলওয়ে, কলকাতা, পশ্চিমবঙ্গ	নর্থ-ইস্টার্ন রেলওয়ে, গোরখপুর, উত্তরপ্রদেশ
				সাউথ সেন্ট্রাল রেলওয়ে, সেকেন্দ্রাবাদ, তেলেঙ্গানা
ইনস্টিটিউশন	মিউনিসিপ্যালিটি	চণ্ডীগড় মিউনিসিপ্যালিটি, চণ্ডীগড়	—	নর্থ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশন, দিল্লি
বিল্ডিং	গভর্নমেন্ট অফিস	ডিআরএম অফিস, ওয়েস্টার্ন রেলওয়ে, ভাবনগর, গুজরাট	ডিআরএম অফিস বিল্ডিং, রাজকোট, গুজরাট	লেখা ভবন, সেকেন্দ্রবাদ, তেলেঙ্গানা এবং
				ইলেকট্রিক্যাল ডিপার্টমেন্ট, ডিআরএম অফিস, নর্থ ইস্টার্ন রেলওয়ে, উত্তরপ্রদেশ
	কর্পোরেট অফিস	ইউএন হাউস, দ্বারকা, নতুন দিল্লি	কান্দোর গুরগাঁও ওয়ান রিয়েলিটি প্রোজেক্ট প্রাঃলিঃ, হরিয়ানা	Alliance Technology SE এবং অ্যালায়েন্স সার্ভিস প্রাঃ লিঃ, কেরল
				WNS Global Services Ltd. এবং Weikfield IT-

পদ্ম পুরস্কার — ২০২১

২৬ জানুয়ারি প্রজাতন্ত্র দিবসের দিন ২০২১ সালের পদ্ম পুরস্কার প্রাপকের নাম ঘোষণা করা হল। তিনটি বিভাগে এই পুরস্কার প্রদান করা হয়— **'পদ্মবিভূষণ', 'পদ্মভূষণ'** এবং **'পদ্মশ্রী'**। শিল্পকলা, সমাজসেবা, জন পরিষেবা, বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং, চিকিৎসা বিদ্যা, সাহিত্য ও শিক্ষা, ক্রীড়া, সিভিল সার্ভিস, সংগীতশিল্প প্রভৃতি ক্ষেত্রে অসামান্য অবদানকারী ব্যক্তিদের এই পুরস্কারে ভূষিত করা হয়। এবারে মোট ১১৯ জনকে এই পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়েছে, যার মধ্যে ৭ জন পদ্মবিভূষণ, ১০ জন পদ্মভূষণ এবং ১০২ জন পদ্মশ্রী সম্মানে ভূষিত হবেন। মোট পুরস্কার প্রাপকদের মধ্যে ২৯ জন মহিলা, ১০ জন প্রবাসী, ১৬ জনকে মরণোত্তর সম্মানে এবং ১ জন রূপান্তরকামীকে ভূষিত করা হবে। **নীচে এবারের পুরস্কার প্রাপকদের সম্পূর্ণ তালিকা দেওয়া হল—**

প্রাপকের নাম	বিষয়/ক্ষেত্র	রাজ্য
পদ্মবিভূষণ (৭ জন)		
শ্রী শিনজো আবে	পাবলিক অ্যাফেয়ার্স	জাপান
শ্রী এসপি বালাসুব্রমনিয়াম (মরণোত্তর)	শিল্পকলা	তামিলনাড়ু
ডাঃ বেলী মোনাপ্পা হেগড়ে	ওষুধ	কর্ণাটক
শ্রী নরিন্দর সিং কাপানি (মরণোত্তর)	বিজ্ঞান ও প্রকৌশল	মার্কিন যুক্তরাষ্ট্র
মওলানা ওয়াহিদউদ্দিন খান	অন্যান্য-আধ্যাত্মিকতা	দিল্লি
শ্রী বিবি লাল	অন্যান্য- প্রত্নতত্ত্ব	দিল্লি
শ্রী সুদর্শন সাহু	শিল্পকলা	ওড়িশা
পদ্মভূষণ (১০ জন)		
কৃষ্ণন নায়ার শান্তকুমারী চিত্রা	শিল্পকলা	কেরল
শ্রী তরুণ গোগোই (মরণোত্তর)	পাবলিক অ্যাফেয়ার্স	অসম
শ্রী চন্দ্রশেখর কাম্বারা	সাহিত্য এবং শিক্ষা	কর্ণাটক
শ্রীমতী সুমিত্রা মহাজন	পাবলিক অ্যাফেয়ার্স	মধ্যপ্রদেশ
শ্রী নৃপেন্দ্র মিশ্রা	অসামরিক চাকুরি	উত্তরপ্রদেশ
শ্রী রাম বিলাস পাসওয়ান (মরণোত্তর)	পাবলিক অ্যাফেয়ার্স	বিহার
শ্রী কেশুভাই প্যাটেল (মরণোত্তর)	পাবলিক অ্যাফেয়ার্স	গুজরাট
শ্রী কালবে সাদিক (মরণোত্তর)	অন্যান্য-আধ্যাত্মিকতা	উত্তরপ্রদেশ
শ্রী রজনীকান্ত দেবীদাস শ্রফ	বাণিজ্য ও শিল্প	মহারাষ্ট্র
শ্রী তারলোচন সিং	পাবলিক অ্যাফেয়ার্স	হরিয়ানা
পদ্মশ্রী (১০২ জন)		
শ্রী গুলফাম আহমেদ	শিল্পকলা	উত্তরপ্রদেশ
মিসেস পি অনিথা	খেলাধুলা	তামিলনাড়ু
শ্রী রামা স্বামী অন্নবরপু	শিল্পকলা	অন্ধ্রপ্রদেশ
শ্রী সুব্বু আরুমুগম	শিল্পকলা	তামিলনাড়ু
শ্রী প্রকাশরাও আশাবাদি	সাহিত্য ও শিক্ষা	অন্ধ্রপ্রদেশ
শ্রীমতী ভূরি বাই	শিল্পকলা	মধ্যপ্রদেশ
শ্রী রাধে শ্যাম বারলে	শিল্পকলা	ছত্তীশগড়
শ্রী ধর্ম নারায়ণ বার্মা	সাহিত্য ও শিক্ষা	পশ্চিমবঙ্গ
মিসেস লখিমি বড়ুয়া	সমাজসেবা	অসম

প্রাপকের নাম	বিষয়/ক্ষেত্র	রাজ্য
শ্রী বীরেন কুমার বসাক	শিল্পকলা	পশ্চিমবঙ্গ
শ্রীমতী রজনী বেক্টর	বাণিজ্য ও শিল্প	পাঞ্জাব
শ্রী পিটার ব্রুক	শিল্পকলা	ব্রিটিশ যুক্তরাজ্য
শ্রী এস বুয়ালছুক	সমাজসেবা	মিজোরাম
শ্রী গোপীরাম বারগায়েন বুড়াভকত	শিল্পকলা	আসাম
শ্রীমতী বিজয়া চক্রবর্তী	পাবলিক অ্যাফেয়ার্স	অসম
শ্রী সুজিত চট্টোপাধ্যায়	সাহিত্য ও শিক্ষা	পশ্চিমবঙ্গ
শ্রী জগদীশ চৌধুরী (মরণোত্তর)	সমাজসেবা	উত্তরপ্রদেশ
শ্রী সুলত্রীম চঞ্জোর	সমাজসেবা	লাদাখ
শ্রীমতী মৌমা দাস	খেলাধুলা	পশ্চিমবঙ্গ
শ্রী শ্রীকান্ত দত্তর	সাহিত্য ও শিক্ষা	মার্কিন যুক্তরাষ্ট্র
শ্রী নারায়ণ দেবনাথ	শিল্পকলা	পশ্চিমবঙ্গ
শ্রীমতী চুতনি দেবী	সমাজসেবা	ঝাড়খণ্ড
শ্রীমতী দুলারী দেবী	শিল্পকলা	বিহার
শ্রীমতী রাধে দেবী	শিল্পকলা	মণিপুর
শ্রীমতী শান্তি দেবী	সমাজসেবা	ওড়িশা
শ্রী ওয়ান দ্বিবিয়া	শিল্পকলা	ইন্দোনেশিয়া
শ্রী দাদুদন গাদবী	সাহিত্য ও শিক্ষা	গুজরাট
শ্রী পরশুরাম আত্মারাম গঙ্গাবনে	শিল্পকলা	মহারাষ্ট্র
শ্রী জয় ভগবান গোয়েল	সাহিত্য ও শিক্ষা	হরিয়ানা
শ্রী জগদীশ চন্দ্র হালদার	সাহিত্য ও শিক্ষা	পশ্চিমবঙ্গ
শ্রী মঙ্গল সিং হাজোয়ারি	সাহিত্য ও শিক্ষা	অসম
শ্রীমতী আনশু জামসেনপা	খেলাধুলা	অরুণাচল প্রদেশ
শ্রীমতী পূর্ণামাসি জানি	শিল্পকলা	ওড়িশা
মাথা বি মনজাম্মা জোগাতি	শিল্পকলা	কর্ণাটক
শ্রী দামোদরন কৈঠাপরাম	শিল্পকলা	কেরল
শ্রী নামদেও সি কাম্বলে	সাহিত্য ও শিক্ষা	মহারাষ্ট্র
শ্রী মহেশভাই ও শ্রী নরেশভাই কানোদিয়া (দ্বৈত) (মরণোত্তর)	শিল্পকলা	গুজরাট
শ্রী রজত কুমার কর	সাহিত্য ও শিক্ষা	ওড়িশা
শ্রী রঙ্গসামি লক্ষ্মীনারায়ণ কাশ্যপ	সাহিত্য ও শিক্ষা	কর্ণাটক
শ্রীমতী প্রকাশ কৌর	সমাজসেবা	পাঞ্জাব
শ্রী নিকোলাস কাজানাস	সাহিত্য এবং শিক্ষা	গ্রিস

***Biometrics** — Study of biological measurement*

প্রাপকের নাম	বিষয়/ক্ষেত্র	রাজ্য
শ্রী কে কেশবসামি	শিল্পকলা	পুদুচেরি
শ্রী গুলাম রসুল খান	শিল্পকলা	জম্মু ও কাশ্মীর
শ্রী লাখা খান	শিল্পকলা	রাজস্থান
মিসেস সানজিদা খাতুন্ম	শিল্পকলা	বাংলাদেশ
শ্রী বিনায়াক বিষ্ণু খেদেকার	শিল্পকলা	গোয়া
শ্রীমতী নিরু কুমার	সমাজসেবা	দিল্লি
শ্রীমতী লাজবন্তী	শিল্পকলা	পাঞ্জাব
শ্রী রতন লাল	বিজ্ঞান ও প্রকৌশল	মার্কিন যুক্তরাষ্ট্র
শ্রী আলী মানিকফান	অন্যান্য-তৃণমূল উদ্ভাবন	লক্ষাদ্বীপ
শ্রী রামচন্দ্র মাঞ্জি	শিল্পকলা	বিহার
শ্রী দুলাল মানকি	শিল্পকলা	অসম
শ্রী নানাদ্রো বি মারাক	অন্যান্য-কৃষি	মেঘালয়
শ্রী রেবেন মাশংভা	শিল্পকলা	মণিপুর
শ্রী চন্দ্রকান্ত মেহতা	সাহিত্য ও শিক্ষা	গুজরাট
ডাঃ রতন লাল মিত্তাল	ওষুধ	পাঞ্জাব
শ্রী মাধবন নাম্বিয়ার	খেলাধুলা	কেরল
শ্রী শ্যাম সুন্দর পালিওয়াল	সমাজসেবা	রাজস্থান
ডাঃ চন্দ্রকান্ত সাম্বাজি পাণ্ডব	ওষুধ	দিল্লি
ডাঃ জে এন পাণ্ডে (মরণোত্তর)	ওষুধ	দিল্লি
শ্রী সলোমন পাপ্পায়া	সাহিত্য এবং শিক্ষা -সাংবাদিকতা	তামিলনাড়ু
শ্রীমতী পপ্পমল	অন্যান্য-কৃষি	তামিলনাড়ু
ডাঃ কৃষ্ণ মোহন পাথি	ওষুধ	ওড়িশা
শ্রীমতী জাসবন্তিবেন জামনদাস পোপাট	বাণিজ্য ও শিল্প	মহারাষ্ট্র
শ্রী গিরিশ প্রভুণে	সমাজসেবা	মহারাষ্ট্র
শ্রী নন্দা প্রস্টি	সাহিত্য ও শিক্ষা	ওড়িশা
শ্রী কে কে রামচন্দ্র পুলাভার	শিল্পকলা	কেরল
শ্রী বালান পুঠেরি	সাহিত্য ও শিক্ষা	কেরল
শ্রীমতী বীরুবালা রাভা	সমাজসেবা	অসম
শ্রী কনাকা রাজু	শিল্পকলা	তেলেঙ্গানা
শ্রীমতী বোম্বাই জয়শ্রী রামনাথ	শিল্পকলা	তামিলনাড়ু
শ্রী সত্যরাম রিয়াং	শিল্পকলা	ত্রিপুরা
ডাঃ ধনঞ্জয় দিবাকর সাগদেও	ওষুধ	কেরল

প্রাপকের নাম	বিষয়/ক্ষেত্র	রাজ্য
শ্রী অশোক কুমার সাহু	ওষুধ	উত্তরপ্রদেশ
ডাঃ ভূপেন্দ্র কুমার সিংহ সঞ্জয়	ওষুধ	উত্তরাখণ্ড
শ্রীমতী সিন্ধুতাই সপকাল	সমাজসেবা	মহারাষ্ট্র
শ্রী চমন লাল সাপ্রু (মরণোত্তর)	সাহিত্য ও শিক্ষা	জম্মু ও কাশ্মীর
শ্রী রোমান সরমাহ	সাহিত্য এবং শিক্ষা- সাংবাদিকতা	অসম
শ্রী ইমরান শাহ	সাহিত্য ও শিক্ষা	অসম
শ্রী প্রেম চাঁদ শর্মা	অন্যান্য-কৃষি	উত্তরাখণ্ড
শ্রী অর্জুন সিং শেখাওয়াত	সাহিত্য ও শিক্ষা	রাজস্থান
শ্রী রাম ইয়াতনা শুক্লা	সাহিত্য ও শিক্ষা	উত্তরপ্রদেশ
শ্রী জিতেন্দ্র সিং শান্টি	সমাজসেবা	দিল্লি
শ্রী কর্তার পারস রাম সিং	শিল্পকলা	হিমাচল প্রদেশ
শ্রী কর্তার সিংহ	শিল্পকলা	পাঞ্জাব
ডাঃ দিলীপ কুমার সিংহ	ওষুধ	বিহার
শ্রী চন্দ্র শেখর সিংহ	অন্যান্য-কৃষি	উত্তরপ্রদেশ
শ্রীমতী সুধা হরি নারায়ণ সিং	খেলাধুলা	উত্তরপ্রদেশ
শ্রী বীরেন্দ্র সিং	খেলাধুলা	হরিয়ানা
শ্রীমতী মৃদুলা সিন্‌হা (মরণোত্তর)	সাহিত্য ও শিক্ষা	বিহার
শ্রী কে সি শিবশঙ্কর (মরণোত্তর)	শিল্পকলা	তামিলনাড়ু
গুরু মা কমালী সোরেন	সমাজসেবা	পশ্চিমবঙ্গ
শ্রী মারাচি সুব্বুরমন	সমাজসেবা	তামিলনাড়ু
শ্রী পি সুব্রমনিয়ান (মরণোত্তর)	বাণিজ্য ও শিল্প	তামিলনাড়ু
শ্রীমতী নিড়ুমোলু সুমথি	শিল্পকলা	অন্ধ্রপ্রদেশ
শ্রী কপিল তিওয়ারি	সাহিত্য ও শিক্ষা	মধ্যপ্রদেশ
ফাদার ভ্যালিস (মরণোত্তর)	সাহিত্য এবং শিক্ষা	স্পেন
ডঃ তিরুভেঙ্গদম বীররঘাবন (মরণোত্তর)	ওষুধ	তামিলনাড়ু
শ্রী শ্রীধর ভেম্বু	বাণিজ্য ও শিল্প	তামিলনাড়ু
শ্রী কে ওয়াই ভেঙ্কটেশ	খেলাধুলা	কর্ণাটক
শ্রীমতী উষা যাদব	সাহিত্য ও শিক্ষা	উত্তরপ্রদেশ
কর্নেল কাজি সাজ্জাদ আলি জহির	পাবলিক অ্যাফেয়ার্স	বাংলাদেশ

তিনি পূর্ববর্তী পদাধিকারী লেফটেন্যান্ট জেনারেল এস এস হাস্নাবনিসের স্থলাভিষিক্ত হলেন।

○ অরূপ কুমার গোস্বামী – অন্ধ্রপ্রদেশ হাইকোর্টের প্রধান বিচারপতি :

৭ জানুয়ারি অন্ধ্রপ্রদেশের রাজ্যপাল বি বি হরিচন্দ্রন অন্ধ্রপ্রদেশ হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে অরূপ কুমার গোস্বামীকে নিযুক্ত করলেন। এই পদে তিনি পূর্ববর্তী পদাধিকারী জে কে মাহেশ্বরীর স্থলাভিষিক্ত হলেন। অরূপ কুমার গোস্বামী এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে অরুণাচল প্রদেশ, অসম, মনিপুর, মেঘালয়, ত্রিপুরা প্রভৃতি হাইকোর্টে দীর্ঘদিন কাজ করেছেন।

○ জিতেন্দ্র কুমার মাহেশ্বরী – সিকিম হাইকোর্টের প্রধান বিচারপতি :

৮ জানুয়ারি সিকিম হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হলেন বিচারপতি জিতেন্দ্র কুমার মাহেশ্বরী। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অরূপ কুমার গোস্বামীর স্থলাভিষিক্ত হলেন যিনি সম্প্রতি অন্ধ্রপ্রদেশ হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হয়েছেন। এদিন তাঁকে শপথবাক্য পাঠ করান রাজ্যপাল গঙ্গাপ্রসাদ।

○ সুধাংশু ধুলিয়া – গুয়াহাটি হাইকোর্টের প্রধান বিচারপতি :

৮ জানুয়ারি গুয়াহাটি হাইকোর্টের প্রধান বিচারপতি নিযুক্ত হলেন সুধাংশু ধুলিয়া। তিনি নিযুক্ত হওয়ার পূর্বে উত্তরাখণ্ড হাইকোর্টের বিচারপতি ছিলেন। ১৯৮৬ সালের ৭ জুলাই সুধাংশু ধুলিয়া অ্যাডভোকেট হিসাবে কর্মজীবন শুরু করেছিলেন। ২০০৮ সালে তিনি উত্তরাখণ্ড হাইকোর্টের স্থায়ী বিচারপতি নির্বাচিত হয়েছিলেন।

○ হিমা কোহলি – তেলেঙ্গানা হাইকোর্টের প্রথম মহিলা প্রধান বিচারপতি :

৮ জানুয়ারি তেলেঙ্গানা হাইকোর্টের প্রথম মহিলা বিচারপতি হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন হিমা কোহলি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী সি জে রাঘবেন্দ্র সিং চৌহানের স্থলাভিষিক্ত হলেন, যিনি সম্প্রতি উত্তরাখণ্ড হাইকোর্টের প্রধান বিচারপতি হিসাবে নিযুক্ত হয়েছেন।

○ অভিষেক যাদব – অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের ডেপুটি জেনারেল সেক্রেটারি :

৯ জানুয়ারি অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশনের প্রথম ডেপুটি জেনারেল সেক্রেটারি হিসাবে নিযুক্ত হলেন ভারতের প্রাক্তন স্ট্রাইকার অভিষেক যাদব। সম্প্রতি ভারতের ফুটবল ক্রীড়া নিয়ামক সংস্থা এআইএফএফ ডেপুটি জেনারেল সেক্রেটারি পদটি সৃষ্টি করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, তিনি ২০১৭ সালে অনূর্ধ্ব-১৭ ভারতীয় ফুটবল দলের চিফ অপারেটিং অফিসার হিসাবে নিযুক্ত হয়ে দক্ষতার সহিত দায়িত্ব পালন করেছেন।

○ আর এস শর্মা – কোভিড-১৯ ভ্যাকসিন কার্যকরী করার ক্ষেত্রে গঠিত এম্পাওয়ার্ড কমিটির প্রধান :

১২ জানুয়ারি কেন্দ্রীয় সরকার কোভিড-১৯ ভ্যাকসিন কার্যকরী করার ক্ষেত্রে গঠিত এম্পাওয়ার্ড কমিটির প্রধান হিসাবে নিযুক্ত হলেন আর এস শর্মা। এই কমিটির মোট সদস্য সংখ্যা ১০ জন। তিনি পূর্বে ট্রাই-এর প্রধান হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

○ সুভাষচন্দ্র খুন্টিয়া – IRDAI-এক্সপার্ট কমিটির চেয়ারম্যান :

১৫ জানুয়ারি বিমা সংক্রান্ত নানা বিষয়ে গুণমান বৃদ্ধি পর্যালোচনা করার উদ্দেশ্যে ভারতের বিমা নিয়ামক সংস্থা ইন্সিয়োরেন্স রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অফ ইন্ডিয়া (IRDAI) সুভাষচন্দ্র খুন্টিয়ার নেতৃত্বে এক এক্সপার্ট কমিটি গঠন করেছে। এই কমিটির অন্যান্য সদস্যরা হলেন নচিকেত মুর, এ কে চাঁদ, বি কে মোহান্তি, কে হরিপ্রসাদ এবং পঙ্কজ শর্মা।

○ সন্দীপ আগরওয়াল – TEPC-এর চেয়ারম্যান :

১৬ জানুয়ারি টেলিকম ইকুইপমেন্ট অ্যান্ড সার্ভিসেস এক্সপোর্ট প্রোমোশন কাউন্সিল (TEPC)-এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন সন্দীপ আগরওয়াল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী শ্যামল ঘোষের স্থলাভিষিক্ত হলেন। সন্দীপ আগরওয়াল পূর্বে প্যারামাউন্ট কমিউনিকেশনসের ম্যানেজিং ডিরেক্টর এবং প্রোমোটার হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন।

○ নরেন্দ্র মোদি – সোমনাথ মন্দির ট্রাস্টের চেয়ারম্যান :

১৮ জানুয়ারি সোমনাথ মন্দির ট্রাস্টের চেয়ারম্যান নির্বাচিত হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী কেশুভাই প্যাটেলের স্থলাভিষিক্ত হলেন, যিনি গুজরাটের প্রাক্তন মুখ্যমন্ত্রী।

○ বিশ্ববীর আহুজা – RBL-ব্যাঙ্কের এমডি এবং সিইও :

১৯ জানুয়ারি RBL ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে দ্বিতীয়বারের জন্য পুনর্নিযুক্ত হলেন বিশ্ববীর আহুজা। ৩০ জুন ২০২১ থেকে ২৯ জুন ২০২৪ সাল পর্যন্ত এই পদে তিনি নিযুক্ত থাকবেন। পূর্বে তিনি ব্যাঙ্ক অফ আমেরিকার এমডি এবং সিইও হিসাবে দীর্ঘকাল দায়িত্ব পালন করেছেন।

○ কিরেন রিজিজু – কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী :

১৯ জানুয়ারি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সুপারিশ মেনে রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রকের ভারপ্রাপ্ত মন্ত্রীর দায়িত্ব কিরেন রিজিজুর ওপর অর্পণ করলেন।

কে এস বিজয়নাথ রচিত Sabarimala Vijnaannakosham বইটি প্রকাশিত হল

কিরেন রিজিজু বর্তমানে যুবকল্যাণ ও ক্রীড়া মন্ত্রকের দায়িত্ব পালন করছেন। প্রসঙ্গত উল্লেখ্য, আয়ুষ মন্ত্রকের ভারপ্রাপ্ত মন্ত্রী এস ওয়াই নায়েকের অসুস্থতার কারণে কিরেন রিজিজুর ওপর এই অতিরিক্ত দায়িত্বভার অর্পণ করা হল।

O বংশীলাল ভাট – NCLAT-এর চেয়ারপার্সন :

১৯ জানুয়ারি কেন্দ্রীয় কর্পোরেট বিষয়ক মন্ত্রক ন্যাশনাল কোম্পানি ল' অ্যাপিলিয়েট ট্রাইব্যুনালের চেয়ারপার্সন হিসাবে বংশীলাল ভাটের কার্যকালের মেয়াদ পুনরায় বৃদ্ধি করল। তিনি ৬৭ বছর বয়স পর্যন্ত কিংবা পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত এই পদে নিযুক্ত থাকবেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৩ সালে ন্যাশনাল কোম্পানি ল' অ্যাপিলিয়েট ট্রাইব্যুনাল গঠিত হয়েছিল। এর সদর কার্যালয় নতুন দিল্লিতে অবস্থিত।

O সঞ্জীব কুমার — টেলিকমিউনিকেশনস কনসালটেন্ট ইন্ডিয়া লিমিটেডের সিএমডি :

২১ জানুয়ারি টেলিকমিউনিকেশনস কনসালটেন্ট ইন্ডিয়া লিমিটেডের সিএমডি হিসাবে নিযুক্ত হলেন সঞ্জীব কুমার। তিনি পূর্ববর্তী পদাধিকারী রাজীব গুপ্তার স্থলাভিষিক্ত হলেন। সঞ্জীব কুমার এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে মহানগর টেলিফোন নিগম লিমিটেডের টেকনিক্যাল বিষয়ক ডিরেক্টর ছিলেন।

O রাজীব লোচন — সুন্দরম ফিনান্স লিমিটেডের এমডি :

২১ জানুয়ারি সুন্দরম ফিনান্স লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নির্বাচিত হলেন রাজীব লোচন। তিনি চলতি বছরের ১ এপ্রিল থেকে আনুষ্ঠানিকভাবে এই পদের দায়িত্ব গ্রহণ করবেন। এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে তিনি ওই সংস্থার স্ট্র্যাটেজি ডিরেক্টর ছিলেন।

O সিদ্ধার্থ মোহান্তি – এলআইসি'র এমডি :

১ ফেব্রুয়ারি কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটির সুপারিশ মেনে লাইফ ইন্সিয়োরেন্স কর্পোরেশনের ম্যানেজার হিসাবে নিযুক্ত হলেন সিদ্ধার্থ মোহান্তি। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী টি সি সুশীল কুমারের স্থলাভিষিক্ত হলেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে এলআইসি হাউজিং ফিনান্সের এমডি এবং সিইও হিসাবে কর্মরত ছিলেন।

❖ সাম্প্রতিককালের আন্তর্জাতিক নতুন নিয়োগ ❖

O করন বাজোয়া — গুগল ক্লাউডের এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রধান :

৭ জানুয়ারি গুগল ক্লাউডের এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের প্রধান হিসাবে নিযুক্ত হলেন করন বাজোয়া। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রিক হার্সম্যানের স্থলাভিষিক্ত হলেন। করন বাজোয়া এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে গুগল ক্লাউড ইন্ডিয়ার প্রধান হিসাবে কর্মরত ছিলেন।

O ফাউস্টিন আর্চেঞ্জ তৌয়াদেরা – সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকের প্রেসিডেন্ট :

৭ জানুয়ারি সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকের প্রেসিডেন্ট নির্বাচনে পুনর্নির্বাচিত হলেন ফাউস্টিন আর্চেঞ্জ তৌয়াদেরা। তিনি এবারের নির্বাচনে ৫৩.৯ শতাংশ ভোট পেয়ে জয়লাভ করেছেন। প্রসঙ্গত উল্লেখ্য, এই পদে ২০১৬ সালে তিনি প্রথমবার নির্বাচিত হয়েছিলেন। তিনি ২০০৮-২০১৩ সাল পর্যন্ত সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকের প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করেছেন।

O জাপারোভ সাদার নুরগোজোভিচ – কিরগিজস্তানের রাষ্ট্রপতি :

১৩ জানুয়ারি কিরগিজস্তানের রাষ্ট্রপতি নির্বাচনে নির্বাচিত হয়েছেন প্যাট্রিয়টিক রাজনৈতিক দলের দলনেতা জাপারোভ সাদার নুরগোজোভিচ। তিনি এবারের নির্বাচনে ৮০ শতাংশ ভোট পেয়ে জয়লাভ করেছেন। পূর্বে তিনি সে দেশের কার্যকরী প্রেসিডেন্ট হিসাবে কিছুকাল দায়িত্ব পালন করেছেন।

O প্যাট গেলসিঙ্গার – ইনটেলের সিইও :

১৫ জানুয়ারি মার্কিন যুক্তরাষ্ট্রের মাল্টি ন্যাশনাল কোম্পানি ইনটেল-এর চিফ এগজিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন প্যাট গেলসিঙ্গার। তিনি এই পদে পূববর্তী পদাধিকারী বব সোয়ানের স্থলাভিষিক্ত হলেন। তিনি দীর্ঘ চার দশকের বেশি প্রযুক্তি ক্ষেত্রে কর্মরত রয়েছেন।

O কিরণ মজুমদার শাহ – USIBC-এর ভাইস চেয়ারম্যান :

১৮ জানুয়ারি ইউএস-ইন্ডিয়া বিজনেস কাউন্সিল (USIBC)-এর পরিচালন বোর্ডের ভাইস চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কিরণ মজুমদার শাহ। এদিন কিরণ মজুমদার শাহ ব্যতীত আরো যে দু'জন ভাইস চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হয়েছেন তাঁরা হলেন মিলিন্দ পন্থ এবং এডওয়ার্ড নাইট।

O ওয়াই কাগুতা মুসেভেনি – উগান্ডার প্রেসিডেন্ট :

১৯ জানুয়ারি উগান্ডার রাষ্ট্রপতি নির্বাচনে ষষ্ঠবারের জন্য পুনর্নির্বাচিত হলেন ওয়াই কাগুতা মুসেভেনি। তিনি এবারের নির্বাচনে ৫৮.৬৪ শতাংশ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৮৬ সালের ২৯ জানুয়ারি উগান্ডার রাষ্ট্রপতি পদে প্রথমবার নির্বাচিত হয়েছিলেন।

Algology — Study of algae

❖ সাম্প্রতিককালের প্রয়াণ ❖

নাম	জন্ম, মৃত্যু, মৃত্যুস্থান ও মৃত্যুকালীন বয়স	পরিচিতি
জন ফুল্টন রেইড	জন্ম : ৩ মার্চ, ১৯৫৬ মৃত্যু : ২৮ ডিসেম্বর, ২০২০ মৃত্যুস্থান : নিউজিল্যান্ড মৃত্যুকালীন বয়স : ৬৪ বছর	তিনি নিউজিল্যান্ডের প্রাক্তন ক্রিকেটার ছিলেন। সমগ্র ক্রীড়া জীবনে তিনি ২৫ একদিবসীয় ম্যাচে ৬৩৩ রান এবং ১৯টি টেস্ট ম্যাচে ১২৯৬ রান সংগ্রহ করেছেন। তিনি অকল্যান্ড ক্রিকেটের প্রথম চিফ এগজিকিউটিভ ছিলেন।
মাইকেল কিন্দো	জন্ম : ২০ জুন, ১৯৪৭ মৃত্যু : ৩১ ডিসেম্বর, ২০২০ মৃত্যুস্থান : রাউরকেল্লা, ওড়িশা মৃত্যুকালীন বয়স : ৭৩ বছর	তিনি ভারতের প্রাক্তন হকি খেলোয়াড় ছিলেন। ১৯৭৫ সালে কোয়ালালামপুরে অনুষ্ঠিত হকি অলিম্পিকে ভারতীয় দলের সদস্য ছিলেন। ১৯৭২ সালে মিউনিখ অলিম্পিক গেমসে ব্রোঞ্জ জয়ী ভারতীয় হকি দলের সদস্য ছিলেন। ক্রীড়া ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তাঁকে ১৯৭২ সালে অর্জুন পুরস্কারে ভূষিত করা হয়েছে।
বুটা সিং	জন্ম : ২১ মার্চ, ১৯৩৪ মৃত্যু : ২ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : নতুন দিল্লি মৃত্যুকালীন বয়স : ৮৬ বছর	তিনি ভারতের একজন বিশিষ্ট রাজনীতিবিদ ও অভীজ্ঞ কংগ্রেস দলনেতা ছিলেন। ১৯৯৫-১৯৯৬ কেন্দ্রীয় অসামরিক বিমান চলাচল, উপভোক্তা বিষয়ক ও গণবণ্টন মন্ত্রী, ১৯৮২-১৯৮৪ সংসদ বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী, ২০০৭-২০১০ ন্যাশনাল কমিশন ফর সিডিউল কাস্টের চেয়ারম্যান, ২০০৪-২০০৬ বিহারের রাজ্যপাল এবং ১৯৮৬-১৯৮৯ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দায়িত্ব পালন করেছেন।
অনিল পানাচোরান	জন্ম : ২০ ডিসেম্বর, ১৯৬৯ মৃত্যু : ৩ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : কেরল মৃত্যুকালীন বয়স : ৫১ বছর	তিনি কেরলের একজন বিশিষ্ট মালয়ালম কবি ও সাহিত্যিক ছিলেন। পেশায় আইনজীবী এই ব্যক্তি দীর্ঘদিন মালয়ালম চলচ্চিত্র শিল্পে কাজ করেছেন। সম্প্রতি তিনি কোভিড-১৯ আক্রান্ত হয়ে মারা গেছেন। ২০০৮ সালে তিনি ফিল্ম ফেয়ার অ্যাওয়ার্ড এবং এশিয়া নেট ফিল্ম অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন।
বিলাস পাটিল আন্দালকর	জন্ম : ১৫ জুলাই, ১৯৩৮ মৃত্যু : ৪ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : মহারাষ্ট্র মৃত্যুকালীন বয়স : ৮২ বছর	তিনি ভারতের একজন বিশিষ্ট রাজনীতিবিদ ছিলেন। দক্ষিণ কারাদ বিধানসভা কেন্দ্র থেকে পরপর ৭ বার নির্বাচিত হয়ে মহারাষ্ট্র বিধানসভার সাংসদ হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি 'বিলাস কাকা' নামে পরিচিত। তিনি রাজ্য মন্ত্রীসভার আইন ও বিচার মন্ত্রকের ভারপ্রাপ্ত মন্ত্রীর দায়িত্ব পালন করে যথেষ্ট সাফল্যের পরিচয় দিয়েছেন।
বব ব্রেট	জন্ম : ১৩ নভেম্বর, ১৯৫৩ মৃত্যু : ৫ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : অস্ট্রেলিয়া মৃত্যুকালীন বয়স : ৬৭ বছর	তিনি অস্ট্রেলিয়ার একজন পেশাদারি টেনিস কোচ ছিলেন। ইতালির সান রেমোতে টেনিস অ্যাকাডেমি গড়ে তোলার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছেন। ১৯৮৭-১৯৯১ পর্যন্ত জার্মানির কিংবদন্তী টেনিস তারকা বরিস বেকারের ব্যক্তিগত কোচ ছিলেন। তাঁর প্রশিক্ষনাধীন সময়ে বরিস বেকার ৬টি টেনিস খেতাব জয়লাভ করেছেন।
এ মাধবন	জন্ম : ৭ ফেব্রুয়ারি, ১৯৩৪ মৃত্যু : ৫ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : কেরল মৃত্যুকালীন বয়স : ৮৬ বছর	তিনি বিশিষ্ট তামিল লেখক ও সাহিত্যিক ছিলেন। 'ইলাক্কিয়া ছুবাদুকাই' (ট্রেসেস অফ লিটারেচার) নামক প্রবন্ধ গ্রন্থের জন্য ২০১৫ সালে সাহিত্য অ্যাকাডেমি পুরস্কারে ভূষিত হয়েছেন। এছাড়াও সমগ্র জীবনে ৫০০টিরও বেশি ছোট গল্প এবং বিভিন্ন তামিল দৈনিক সংবাদপত্রে ১৫০টির বেশি আর্টিকেল রচনা করেছেন।
নেল সিহান	জন্ম : ২৭ অক্টোবর, ১৯৩৬ মৃত্যু : ৭ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : ওয়াশিংটন ডিসি মৃত্যুকালীন বয়স : ৮৪ বছর	তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের বিখ্যাত সাংবাদিক ছিলেন। 'দ্য নিউইয়র্ক টাইমস' পত্রিকায় দীর্ঘদিন কাজ করেছেন। সাংবাদিকতা পেশায় উল্লেখযোগ্য অবদানের জন্য তিনি ১৯৮৩ সালে পুলিৎজার প্রাইজে ভূষিত হয়েছেন। ১৯৫৯-১৯৬২ পর্যন্ত মার্কিন সেনাবাহিনীতে চাকরি করেছেন।

নিউজিল্যান্ডের প্রাক্তন ক্রিকেটার জন ফুলটন রিড প্রয়াত হলেন

নাম	জন্ম, মৃত্যু, মৃত্যুস্থান ও মৃত্যুকালীন বয়স	পরিচিতি
মাধব সিং সোলাঙ্কি	জন্ম : ৩০ জুলাই, ১৯২৭ মৃত্যু : ৯ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : গান্ধীনগর মৃত্যুকালীন বয়স : ৯৪ বছর	তিনি গুজরাটের প্রাক্তন মুখ্যমন্ত্রী ও অভীজ্ঞ কংগ্রেস দলনেতা ছিলেন। তিনি ১৯৭৬-৭৭ এবং ১৯৮০-৮৫ পর্যন্ত গুজরাটের মুখ্যমন্ত্রী এবং ১৯৯১-৯২ কেন্দ্রীয় বিদেশ মন্ত্রীর দায়িত্ব পালন করেছেন। নরেন্দ্র মোদির পূর্বে তিনিই ছিলেন সবচেয়ে বেশিদিন দায়িত্ব পালন করা গুজরাটের মুখ্যমন্ত্রী।
টি কে রাও	জন্ম : ১০ আগস্ট, ১৯৩৩ মৃত্যু : ১১ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : বিজয়ওয়াড়া মৃত্যুকালীন বয়স : ৮৭ বছর	তিনি ভারতের প্রোথিতযশা বক্তা ও পেশায় সাংবাদিক ছিলেন। সমগ্র জীবনে তিনি চার হাজারের বেশি ব্যক্তির ওপর জীবনী গ্রন্থ এবং ষোলো হাজারের বেশি বক্তব্য জনসমক্ষে উপস্থাপন করেছেন। পেশা ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তিনি প্রেসিডেন্ট গোল্ড মেডেল, পদ্মশ্রী, ওয়ার্ল্ড লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড, ন্যাশনাল সিটিজেন অ্যাওয়ার্ড প্রভৃতিতে ভূষিত হয়েছেন।
শশীকুমার এম চিত্রে	জন্ম : ৭ মে, ১৯৩৬ মৃত্যু : ১১ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : মুম্বাই মৃত্যুকালীন বয়স : ৮৪ বছর	তিনি একজন জনপ্রিয় জ্যোতির্বিজ্ঞানী এবং গণিতজ্ঞ ছিলেন। ২০০১ সালে মুম্বাইয়ের টাটা ইনস্টিটিউট অফ ফান্ডামেন্টাল রিসার্চের অধ্যাপক পদ থেকে অবসর গ্রহণ করেছিলেন। কর্মক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ২০১২ সালে পদ্মভূষণ, ১৯৯৫ সালে ভাইনুবাপু মেমোরিয়াল অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছিলেন।
কমল মুরারকা	জন্ম : ১৮ জুন, ১৯৪৬ মৃত্যু : ১৫ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : মুম্বাই মৃত্যুকালীন বয়স : ৭৪ বছর	তিনি ভারতের একজন বিশিষ্ট ব্যবসায়ী ও রাজনীতিবিদ ছিলেন। ১৯৯০-১৯৯১ পর্যন্ত চন্দ্রশেখর সিং-এর প্রধানমন্ত্রী থাকাকালীন সময়ে কেন্দ্রীয় পিএমও দপ্তরের প্রতিমন্ত্রী ছিলেন। ১৯৮৮ সালে রাজস্থান থেকে রাজ্যসভার সাংসদ নির্বাচিত হয়েছিলেন। ২০১২ সালে রাষ্ট্রীয় সমাজবাদী জনতা পার্টির প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন। এছাড়াও তিনি দীর্ঘদিন বিসিসিআই-এর ভাইস প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব পালন করেছেন।
উস্তাদ গুলাম মুস্তাফা খান	জন্ম : ৩ মার্চ, ১৯৩১ মৃত্যু : ১৭ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : মুম্বাই মৃত্যুকালীন বয়স : ৮৯ বছর	তিনি জনপ্রিয় ধ্রুপদ হিন্দুস্থানি কণ্ঠ সংগীতশিল্পী ছিলেন। তিনি মূলত রামপুর, সাহসাওয়ান ঘরানার হিন্দুস্থানি সংগীতের ক্ষেত্রে পারদর্শিতা দেখিয়েছেন। সংগীত ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য ১৯৯১ সালে 'পদ্মশ্রী', ২০০৬ সালে 'পদ্মভূষণ', ২০১৮ সালে 'পদ্মবিভূষণ' এবং ২০০৩ সালে 'সংগীত নাটক অ্যাকাডেমি' সম্মানে ভূষিত হয়েছেন।
ডক্টর ভি. শান্তা	জন্ম : ১১ মার্চ, ১৯২৭ মৃত্যু : ১৯ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : তামিলনাড়ু মৃত্যুকালীন বয়স : ৯৩ বছর	তিনি ভারতের বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ চিকিৎসক ছিলেন। চেন্নাইয়ের আদায়ার ক্যান্সার ইনস্টিটিউটের চেয়ারম্যান হিসাবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেছেন। কর্মক্ষেত্রে অসামান্য দক্ষতার জন্য ১৯৮৬ সালে 'পদ্মশ্রী', ২০০৬ সালে 'পদ্মভূষণ', ২০১৬ 'পদ্মবিভূষণ' এবং ২০০৫ সালে 'রমন ম্যাগসাইসাই অ্যাওয়ার্ডে' ভূষিত হয়েছিলেন।
মাতা প্রসাদ	জন্ম : ১৯২৬ সাল মৃত্যু : ২০ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : লক্ষ্ণৌ মৃত্যুকালীন বয়স : ৯৫ বছর	তিনি অরুণাচল প্রদেশের প্রাক্তন রাজ্যপাল এবং অভীজ্ঞ তথা বর্ষীয়ান কংগ্রেস দলনেতা ছিলেন। ১৯৮৮-১৯৮৯ সাল পর্যন্ত তিনি উত্তরপ্রদেশের গুরুত্বপূর্ণ মন্ত্রীর দায়িত্ব পালন করেছেন।
উন্নী কৃষ্ণাণ নাম্বোথিরি	জন্ম : ১৯ অক্টোবর, ১৯২৩ মৃত্যু : ২০ জানুয়ারি, ২০২১ মৃত্যুস্থান : কেরল মৃত্যুকালীন বয়স : ৯৮ বছর	তিনি জনপ্রিয় মালয়ালম চলচ্চিত্র অভিনেতা ছিলেন। ১৯৯৬ সালে তিনি 'দেশদানম' চলচ্চিত্রে অভিনয় করে অভিনয় জগতে প্রবেশ করেছিলেন। তিনি ৭৬ বছর বয়সে জাতীয় চলচ্চিত্র পুরস্কারে ভূষিত হয়েছিলেন।

খেলাধুলোর খবরাখবর

ব্রিসবেনে ঐতিহাসিক জয় ভারতের

২৭ নভেম্বর ২০২০ থেকে ১৯ জানুয়ারি ২০২১ পর্যন্ত অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত হয়ে গেল ভারত অস্ট্রেলিয়ার মধ্যে দ্বিপাক্ষিক ক্রিকেট প্রতিযোগিতা। এবারের এই প্রতিযোগিতায় ৩টি একদিবসীয়, ৩টি টি-২০ এবং ৪টি টেস্ট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। একদিবসীয় সিরিজে ২-১ ফলাফলে অস্ট্রেলিয়া সিরিজ জয়লাভ করেছিল। টি-২০ ক্রিকেটে ২-১ ফলাফলে ভারত অস্ট্রেলিয়াকে পর্যুদস্ত করে। দুই দেশের অনুষ্ঠিত ৪টি টেস্ট ম্যাচের মধ্যে প্রথম দুটিতে একে অপরের জয়লাভ করলেও তৃতীয় টেস্টে ম্যাচ ড্র হয়। ১৯ জানুয়ারি অ্যাডিলেডে অনুষ্ঠিত চূড়ান্ত তথা চতুর্থ টেস্টে ভারত অস্ট্রেলিয়াকে ৩ উইকেটে পরাজিত করে। অ্যাডিলেডের কলঙ্ক ব্রিসবেনে বদলে গেল বীরগাথায়। স্যার ডনের দেশে রংবাজির মশাল জ্বালাল টিম ইন্ডিয়া। শুভমন গিল, ঋষভ পন্থ, শার্দুল ঠাকুর, ওয়াশিংটন সুন্দরদের এমন ঔদ্ধত্যের কীর্তি ক্রিকেটের সুদীর্ঘ ইতিহাসে খুঁজে পাওয়া কঠিন। সিরিজের চতুর্থ টেস্টে খেলতে নামার আগে এগারোজন ফিট ক্রিকেটার নিয়ে প্রথম একাদশ গড়তে হিমশিম খাচ্ছিলেন কোচ রবি শাস্ত্রী। সেই দলটাই কি না প্রচণ্ড বিক্রমে বাস্তবের মাটিতে আছড়ে ফেলল পূর্ণ শক্তির অস্ট্রেলিয়াকে। ব্রিসবেনে তিন উইকেটে জিতে ২-১ ব্যবধানে পকেটে পুরল সিরিজ। ধরে রাখল বর্ডার-গাভাসকর ট্রফি। দিবাস্বপ্নের মতো লাগলেও সেই মহাকাব্যিক ইতিহাসেরই সাক্ষী থাকল গাথা। অজি বাহিনীর পয়মন্ত মাঠে ভারত শুধু প্রথমবার জয়ের স্বাদ পায়নি, প্রতিপক্ষকেও দিয়েছে কলঙ্কিত রেকর্ড হজমের অনুভূতি। দীর্ঘ ৩২ বছর পর এখানে কোনো টেস্ট ম্যাচ হারল অস্ট্রেলিয়া।

- **একনজরে এবারের সিরিজ:**

✓ টেস্টের চতুর্থ ইনিংসে কোনো উইকেটকিপারের এদিন ঋষভ পন্থের করা ৮৯ নটআউটের থেকে বেশি রান একবারই —অ্যাডাম গিলক্রিস্ট ১৪৯ নটআউট (১৯৯৯ সালে পাকিস্তানের বিরুদ্ধে) থেকে ছিলেন।

✓ এই নিয়ে টানা দু'বার অস্ট্রেলিয়ার মাটিতে সিরিজ জয় ভারতের।

✓ রান তাড়া করে জেতার ক্ষেত্রে ব্রিসবেনে ১৯ জানুয়ারি করা ৩২৯-৭ তৃতীয় সেরা (৪০৬ - ৪ এবং ৩৮৭ - ৪)।

✓ ২০১৭ সালে ঘরের মাঠে বর্ডার-গাভাসকর ট্রফি জেতার পর থেকেই তা ভারতের দখলে। শেষবার অস্ট্রেলিয়া এই ট্রফি জিতেছিল ২০১৪-১৫ সালে নিজেদের দেশে।

✓ অস্ট্রেলিয়ায় রান তাড়া করে জেতার ক্ষেত্রে ভারতের এই স্কোর পাঁচ নম্বরে।

✓ বিশ্বে মাত্র নয় জন ক্যাপ্টেন অন্তত ৫টি টেস্টে নেতৃত্ব দিয়েও অপরাজিত থেকেছেন। রাহানে সেই তালিকায় একমাত্র ভারতীয়।

✓ দীর্ঘ ৩২ বছর পর ব্রিসবেনে টেস্ট হারল অস্ট্রেলিয়া। ১৯৮৮ সালে অস্ট্রেলিয়াকে ব্রিসবেনে হারিয়েছিল রিচার্ডসের ওয়েস্ট ইন্ডিজ।

ইটালিয়ান সুপার কাপ জুভেন্তাসের

২০ জানুয়ারি ২০২১ তারিখে সিরি-এ'তে ইন্টার মিলানের কাছে ০-২ গোলে হারের পর দুরন্ত প্রত্যাবর্তন জুভেন্তাসের। ২০ জানুয়ারি নেপোলিকে ২-০ গোলে হারিয়ে ইটালিয়ান সুপার কাপ চ্যাম্পিয়ন হল ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর জুভেন্তাস। এই প্রতিযোগিতা সর্বাধিক নবমবার খেতাব জিতল। দ্বিতীয় স্থানে এসি মিলান সাতবার।

৬৭তম দাবা গ্র্যান্ড মাস্টার খেতাব লিওন মেন্দোনকা'র

৪। MSME গ্রাহকদের ওয়ান টাইম রিস্ট্রাকচারিং-এর সুবিধা প্রদানের উদ্দেশ্যে অনলাইন এপ্লিকেশন করার জন্য ব্যাঙ্ক অফ বরোদা কোন সংস্থার সঙ্গে চুক্তিবদ্ধ হল, যার মাধ্যমে MSME গ্রাহকরা 25 কোটি টাকা পর্যন্ত ঋণ গ্রহণের সুবিধা পাবেন? — সিডবি।

৫। ভারতীয় স্টেট ব্যাঙ্কের সহযোগিতায় কোন সংস্থা একটি কো-ব্র্যান্ডেড রূপে ডেবিট কার্ড চালু করল যে কন্ট্যাক্টলেস কার্ডটি সারা ভারতেই সর্বত্র কার্যকরী হবে? — ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন।

ডব্লিউবিসিএস প্ল্যানার

স্কুল কলেজে পড়ার সময় থেকেই প্রত্যেক ছাত্রছাত্রীর স্বপ্ন থাকে WBCS অফিসার হওয়ার। এই স্বপ্নকে বাস্তব রূপায়ণের জন্য দরকার লক্ষ্য স্থির রেখে সঠিক গাইডেন্সের মাধ্যমে WBCS পরীক্ষার প্রিলি, মেইন ও ইন্টারভিউ প্রত্যেকটি স্টেজ অতিক্রম করা। এই গাইডেন্সের সঠিক দিশা নিয়ে চিভার্সের সংখ্যায় ধারাবাহিক আলোচনা করছেন GSCE-র অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী।

সংকর ধাতুর গঠন ও ব্যবহার সংক্রান্ত তথ্যাবলি

সংকর ধাতু	গঠন	ব্যবহার
পিতল	তামা (Cu) (70%) + জিঙ্ক (Zn) (30%)	বাসনপত্র তৈরি করতে, ঘণ্টা তৈরি করতে
ব্রোঞ্জ	তামা (Cu) (90%) + টিন (Sn) (10%)	বাসনপত্র, কয়েন, ঘণ্টা তৈরি করতে
জার্মান সিলভার	তামা (Cu) (60%) + জিঙ্ক (Zn) (20%) + নিকেল (Ni)(20%)	বাসনপত্র, গয়না, হ্যান্ডেল তৈরি করতে
রোলড গোল্ড	তামা (Cu) (90%) + অ্যালুমিনিয়াম (Al) (10%)	কম দামের সোনার গয়না তৈরি করতে
গান মেটাল	তামা (Cu) (10%) + টিন (Sn) (1%) + জিঙ্ক (Zn) (1%) + সীসা (Pb)(88%)	বন্দুক, বিয়ারিং, ব্যারেল, গিয়ার তৈরি করতে
ডেল্টা মেটাল	তামা (Cu) (60%) + জিঙ্ক (Zn) (38%) + লোহা (Fe) (2%)	উড়োজাহাজের ডানা তৈরি করতে
মুনজ মেটাল	তামা (Cu) (60%) + জিঙ্ক (Zn) (40%) +	কয়েন তৈরি করতে
মোনেল মেটাল	তামা (Cu) (70%) + নিকেল (Ni) (30%)	ভাল্ভ, শ্যাফট পাম্প, হিট-এক্সচেঞ্জর তৈরি করতে
রোজ মেটাল	বিসমাথ (Bi) (25%) + সীসা (Pb) (25%) + টিন (Sn) (22%)	অটোমেটিক ফিউজ তৈরি করতে
ডিউরেলিয়াম	অ্যালুমিনিয়াম (Al) (64%) + তামা (Cu) (3%) + ম্যাগনেশিয়াম (mg) (2%)	বাসনপত্র, উড়োজাহাজের অংশ গাড়ির অংশ তৈরি করতে
সোলডার	সীসা (Pb) (50%) + টিন (Sn) (50%)	ঝালাই করতে, বৈদ্যুতিক তার তৈরি করতে
ম্যাগনেলিয়াম	অ্যালুমিনিয়াম (Al) (95%) + ম্যাগনেশিয়াম (mg) (5%)	উড়োজাহাজের কাঠামো তৈরি করতে
টাইপ মেটাল	টিন (Sn) + সীসা (Pb) + অ্যান্টিমনি (Sb)	প্রিন্টিং ইন্ড্রাস্ট্রিতে ব্যবহার হয়
বেল মেটাল	তামা (Cu) (77%) + টিন (Sn) (23%)	মূর্তি, ঘণ্টা তৈরি করতে
স্টেনলেস স্টিল	লোহা (Fe) (75%) + ক্রোমিয়াম (Cr)(15%) + নিকেল (Ni) (10%)	বাসনপত্র এবং শল্য চিকিৎসার দ্রব্যাদি
নিকেল স্টিল	লোহা (Fe) + নিকেল (Ni) + ক্রোমিয়াম (Cr)	বৈদ্যুতিক তার, অটোমোবাইলএবং যন্ত্রাংশ তৈরি করতে
ব্যাবিট মেটাল	টিন (Sn) (89%) + অ্যান্টিমনি (Sb) (7%) + তামা (Cu) (4%)	
নাইক্রোম	নিকেল (Ni) + ক্রোমিয়াম (Cr) + ম্যাঙ্গানিজ (Mn) + লোহা (Fe)	হেয়ার ড্রায়ার, হিট গান-এ গরম করার উপাদান হিসাবে ব্যবহৃত হয়
স্টিল	লোহা (Fe) + কার্বন (C)	জাহাজ, ব্রিজ তৈরি করতে
ম্যাঙ্গানিজ স্টিল	লোহা (Fe) + ম্যাঙ্গানিজ (Mn)	সিমেন্ট মিক্সার, সোভেল বাকেট তৈরি করতে
কয়েন মেটাল	কপার (Cu) (75%) + নিকেল (Ni) (25%)	কয়েন তৈরি করতে
উডস মেটাল	বিসমাথ (Bi) (50%) + সীসা (Pb) (25%) + টিন (Sn)(12.5%) + ক্যাডমিয়াম (Cd)(12.5%)	ফিউজ প্লাগ, অটোমেটিক স্প্রিংলার

Chiropody — Medical science of feet

মাথাপিছু আয় বৃদ্ধির ফলে দেশের জনসাধারণের জীবনযাত্রার মান উন্নত নাও হতে পারে যদি দেশে আয় বৈষম্য বৃদ্ধি পায়। ভারতের অর্থনীতির ক্ষেত্রে দেখা গেছে যে পরিকল্পনা কালে ভারতের আয় বৈষম্য বৃদ্ধি পেয়েছে এবং সেই কারণে মাথা পিছু আয় কিছুটা বৃদ্ধি পাওয়া সত্ত্বেও জনসাধারণের জীবনযাত্রার মান* সেই অনুপাতে বৃদ্ধি পায়নি। ভারতে আয় বণ্টনের বৈষম্য অনুসন্ধান করার জন্য অধ্যাপক মহলানবীশের নেতৃত্বে একটি কমিটি 1960 সালে গঠিত হয়। এই কমিটি 1964 সালে তার প্রতিবেদন পেশ করে। কমিটি রিজার্ভ ব্যাঙ্কের হিসেব করা তথ্য থেকে দেখায় যে গ্রামাঞ্চলের তুলনায় শহরাঞ্চলে আয় বৈষম্য আরও বেশি। রিজার্ভ ব্যাঙ্কের এই হিসেব ছাড়াও আয়েঙ্গার ও মুখাজী এবং National Council of Applied Economic Research বা NCAER আয় বণ্টনের বৈষম্যের হিসেব করেছেন এবং এই দুটি হিসেব থেকেও অনুরূপ প্রমাণ পাওয়া যায়।

বিভিন্ন কারণে ভারতে আয় বৈষম্য বৃদ্ধি পেয়েছে। সেগুলিকে এখন আমরা সংক্ষেপে উল্লেখ করতে পারি। **প্রথমত,** ভারতে বেকার সমস্যাই আয় বৈষম্যের একটি প্রধান কারণ। ভারতে অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সঙ্গে কর্ম সংস্থানের পরিমাণ বাড়েনি। তার ফলে অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সঙ্গে যে আয় সৃষ্টি হয়েছে সেই আয় অনেক লোকের মধ্যে বণ্টিত হয় নি। সেই জন্য আয় বৈষম্য বৃদ্ধি পেয়েছে। **দ্বিতীয়ত,** ভারতবর্ষে আয় করের হার খুব উঁচু। তার ফলে কর ফাঁকি দেওয়ার প্রবণতা খুব বেশি। উচ্চ আয় বিশিষ্ট লোকেরা কর ফাঁকির মাধ্যমে অতিরিক্ত অর্থ সঞ্চয় করছে। এর ফলেও আয় বৈষম্য বৃদ্ধি পেয়েছে। **তৃতীয়ত,** আয় বৈষম্য ধনতান্ত্রিক অর্থনীতির একটি মৌলিক বৈশিষ্ট্য। ভারতে মিশ্র অর্থনৈতিক কাঠামো গড়ে তোলা হলেও এখানে ধনতন্ত্রের বৈশিষ্ট্যগুলিই বিদ্যমান। সেইজন্য ধনতান্ত্রিক কাঠামোর সঙ্গে জড়িত আয় বৈষম্যের সমস্যা ভারতের অর্থনীতিতেও দেখা দিয়েছে। **চতুর্থত,** ভারতে আয় বৈষম্য বৃদ্ধির অপর একটি কারণ হল দ্রব্য মূল্য বৃদ্ধি। দ্রব্য মূল্য বৃদ্ধির ফলে সংগঠিত ক্ষেত্রেই বেতন বৃদ্ধি পায়। সরকারি কর্মচারী, ব্যাঙ্ক কর্মচারী, বিমা কর্মচারী ইত্যাদি সংগঠিত ক্ষেত্রে নিযুক্ত শ্রমিকদের বেতন মূল্যবৃদ্ধির সাথে সাথে বাড়ে কারণ মূল্য বৃদ্ধির সঙ্গে সঙ্গে অতিরিক্ত মহার্ঘ ভাতা এরা আদায় করে। কিন্তু জনসংখ্যার ব্যাপক অংশ যারা সংগঠিত ক্ষেত্রের বাইরে রয়েছে, মূল্যস্তর বৃদ্ধি পেলেও তাদের মজুরি বাড়ে না। তার ফলে আয় বৈষম্য বৃদ্ধি পায়। **পঞ্চমত,** সরকারের শিল্পনীতি, আমদানি নিয়ন্ত্রণ নীতি, লাইসেন্স দানের নীতি এগুলিও আয় বৈষম্য ঘটানোর জন্য দায়ী।

আয় বৈষম্য হ্রাস করার জন্য কয়েকটি ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। **প্রথমত,** আয় বৈষম্য কমানোর জন্য অধিক কর্মসংস্থান সৃষ্টি করা দরকার। **দ্বিতীয়ত,** কর ব্যবস্থার সংস্কার করা প্রয়োজন যাতে আয়ের পুনর্বণ্টন হয়। **তৃতীয়ত,** অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য ন্যূনতম মজুরি আইন কঠোর ভাবে রূপায়ণ করা প্রয়োজন। **চতুর্থত,** মূল্য স্ফীতি প্রতিরোধ করা দরকার। **পঞ্চমত,** ভূমি সংস্কার আইন কঠোরভাবে রূপায়িত করে উদ্বৃত্ত জমি বণ্টন করা দরকার।

❖ লরেঞ্জ রেখার সাহায্যে আয় বৈষম্যের পরিমাপ:

যে কোনো দেশের কেন্দ্রীয় সরকারের পাঁচটি মূল অর্থনৈতিক লক্ষ্যের মধ্যে অন্যতম হল আয়ের সমবণ্টন বজায় রাখা। আয় বণ্টনের বৈষম্য লরেঞ্জ রেখা ও আয় বৈষম্যের মাত্রা জিনি অনুপাতের মাধ্যমে প্রকাশ করা হয়। 1905 সালে আমেরিকান অর্থনীতিবিদ ম্যাক্স লরেঞ্জ প্রথম এই লরেঞ্জ রেখার ধারণা দিয়েছিলেন। লরেঞ্জ রেখা আঁকার সময় রেখাচিত্রের এক অক্ষে জনসংখ্যার ক্রম যৌগিক শতাংশ (Cumulative percentage of population) এবং অপর অক্ষে আয়ের ক্রম যৌগিক শতাংশ (Cumulative Percentage of national income) প্রকাশ করা হয়।

এই চিত্র অনুযায়ী যদি আয়ের পূর্ণ সমতা থাকে অর্থাৎ দেশের প্রতিটি জনসাধারণের আয় সমান হয় তাহলে দেশের মোট জনসংখ্যার দরিদ্রতম 20% এর কাছে থাকবে মোট জাতীয় আয়ের 20%। অপরদিকে, যদি আয় বৈষম্য থাকে তাহলে দরিদ্রতম 20% এর কাছে থাকবে জাতীয় আয়ের 5%।

আয় বৈষম্য থাকলে দরিদ্রতম 90% এর কাছে থাকবে জাতীয় আয়ের 55% এবং ধনীতম 10% জনসংখ্যার আয় হবে জাতীয় আয়ের 45%।

পূর্ণ সমতা রেখা (egalitarian line or line of equal distribution) এবং লরেঞ্জ রেখার মধ্যে যে পার্থক্য সেই পার্থক্যের দ্বারাই আয় বণ্টনের বৈষম্য পরিমাপ করা হয়।

❖ ভারতের জিনি অনুপাত:

কোনো দেশের জিনি অনুপাত বৃদ্ধির অর্থ হল যে কেন্দ্রীয় সরকারের রাজস্ব নীতি দরিদ্রের তুলনায় ধনীদের পক্ষে অধিক লাভজনক। সুতরাং, জিনির মান যদি বেশি হয় তাহলে সরকারের উচিৎ সমাজকল্যাণ মূলক যোজনায় খরচ বাড়ানো ও ধনীদের ওপর অধিক করভার চাপানো। ধনী-দরিদ্রের আয় বৈষম্য নিয়ন্ত্রণ করার জন্য জিনি অনুপাতের গুরুত্ব অপরিসীম। বিশ্ব ব্যাঙ্কের মার্চ, 2020-র রিপোর্ট অনুযায়ী ভারতের জিনি অনুপাত 0.35। বিশ্বব্যাঙ্কের মতে জনবহুল দেশ ভারতে সম্পদের অসম বণ্টনই জিনি অনুপাত বৃদ্ধির জন্য দায়ী। বর্তমানে, লেসোথো দেশটির জিনি অনুপাত বিশ্বের সমস্ত দেশের তুলনায় সর্বাধিক; এর মান 0.632। এই অনুপাত 0.4 এর বেশি হলে আয় বৈষম্যকে বিপদজনক বলে ধরা হয়।

পেমেন্টস ব্যাঙ্ক ও স্মল ফিনান্স ব্যাঙ্ক সংক্রান্ত তথ্যাবলী

পেমেন্টস ব্যাঙ্ক: ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক রূপায়িত ব্যাঙ্কিং ক্ষেত্রের এক অন্যতম মডেল হল পেমেন্টস ব্যাঙ্ক।

- ২০১৩ সালের ২৩ সেপ্টেম্বর আরবিআই নচিকেত মোরের নেতৃত্বে ক্ষুদ্র ব্যবসায়ী ও নিম্ন আয়ের গৃহস্থালির জন্য আর্থিক পরিষেবা প্রদান সম্পর্কিত এক কমিটি গঠন করে।
- ২০১৪ সালের ৭ জানুয়ারি নচিকেত মোর কমিটি ফাইনাল রিপোর্ট পেশ করে। সেই রিপোর্টে পেমেন্টস ব্যাঙ্ক গঠন করার সুপারিশ করা হয়।
- মোর কমিটির সুপারিশ মেনে ২০১৪ সালের ২৭ নভেম্বর আরবিআই ওই ব্যাঙ্ক গঠনের চূড়ান্ত গাইডলাইন প্রকাশ করে।
- মোট ৪২টি আবেদন পত্রের মধ্যে থেকে ১১টি সংস্থাকে সম্মতিপত্র প্রদান করা হয়।
- ২০১৫ সালের ১৯ আগস্ট ১১টি সংস্থা পেমেন্টস ব্যাঙ্ক গঠন করার অনুমতি পায়।
- ২০১৬ সালের নভেম্বর মাসে সারা দেশে এয়ারটেল পেমেন্টস ব্যাঙ্ক প্রথম কার্যকলাপ শুরু করে।
- ২০১৯ সালে ৪টি পেমেন্টস ব্যাঙ্ক RBI-এর কাছে তাদের অনুমতি পত্র ফেরত দেয়।
- বর্তমানে বাকি ৭টি পেমেন্টস ব্যাঙ্ক-এর মধ্যে ৪টি খুব বেশি পরিমাণে কার্যকরী, ২টি অল্প পরিমাণ কার্যকরী ও ১টি পেমেন্টস ব্যাঙ্ক কার্যকারীতা শুরুর মুখে।

❖ পেমেন্টস ব্যাঙ্কের বৈশিষ্ট্য:

যে যে পরিষেবা পেমেন্টস ব্যাঙ্ক প্রদান করতে পারে—

- এই ব্যাঙ্কগুলি গ্রাহকের কাছ থেকে সর্বাধিক ১ লক্ষ টাকা আমানত (সঞ্চয় আমানত/চাহিদা আমানত) গ্রহণ করতে পারে।
- এই ব্যাঙ্কগুলি সেভিংস অ্যাকাউন্টের পাশাপাশি কারেন্ট অ্যাকাউন্ট খুলতে পারে।
- এই ব্যাঙ্কগুলি অন্যান্য রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাঙ্কের মতো জমানো টাকার ওপরে সুদ প্রদান করে থাকে।
- পেমেন্ট ব্যাঙ্ক গ্রাহকদের জন্য ATM বা ডেবিট কার্ড প্রদান করে।
- এই ব্যাঙ্ক শাখা অফিসের মাধ্যমে, ATM কিংবা BCs (Business Correspondents) এর মাধ্যমে টাকা ট্রান্সফার করতে পারে।
- এই ব্যাঙ্কগুলি RBI-এর অনুমোদন সাপেক্ষে NEFT/IMPS/RTGS -এর মাধ্যমেও টাকা ট্রান্সফার করতে পারে।
- এই ব্যাঙ্কগুলি RBI-এর অনুমতি নিয়ে গ্রাহকদের জন্য মিউচুয়াল ফান্ড, ইন্সিয়োরেন্স প্রোডাক্ট, পেনশন প্রোডাক্ট, ফরেন এক্সচেঞ্জ প্রভৃতি ক্ষেত্রেও পরিষেবা প্রদান করতে পারে।
- পেমেন্ট ব্যাঙ্ক গঠন করতে গেলে ন্যূনতম ১০০ কোটি টাকা মূলধন প্রয়োজন।
- গ্রাহকদের Free Personal Accident Insurance প্রদান করতে পারে।
- গ্রাহকগণ মোবাইল বিল, DTH বিল, ইলেকট্রিক বিল, গ্যাসের বিল, ট্রেনের টিকিট বুকিং সহ অন্যান্য প্রয়োজনীয় বিল পেমেন্ট করতে পারে।
- ব্যাঙ্কগুলির তৈরি নির্দিষ্ট অ্যাপের মাধ্যমে গ্রাহকরা টাকা ট্রান্সফার করতে পারে।

যে যে পরিষেবা পেমেন্টস ব্যাঙ্ক প্রদান করতে পারে না—

- ক্রেডিট কার্ড প্রদান করতে পারে না।
- গ্রাহকদের লোন দিতে পারে না।
- প্রবাসী ভারতীয়রা পেমেন্টস ব্যাঙ্কের পরিষেবা নিতে পারে না।
- পেমেন্টর ব্যাঙ্কগুলি তাদের অধীনাধীন কোন Non Banking Financial Service শুরু করতে পারে না।
- সর্বোচ্চ একজন গ্রাহক একসঙ্গে ১ লক্ষ টাকার বেশি জমা করতে পারে না।

পেমেন্টস ব্যাঙ্কস	সদর কার্যালয়	প্রতিষ্ঠাকাল	বর্তমান পদাধিকারী
বেশী পরিমাণ কার্যকরী:			
এয়ারটেল পেমেন্টস ব্যাঙ্ক লিমিটেড	নতুন দিল্লি	২০১৬ সাল	অনুব্রত বিশ্বাস (এমডি এবং সিইও)
ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক লিমিটেড	নতুন দিল্লি	১ সেপ্টেম্বর, ২০১৮	জে ভেঙ্কটরামু (এমডি এবং সিইও)
ফিনো পেমেন্টস ব্যাঙ্ক লিমিটেড	নবি মুম্বাই	২০১৭ সাল	ঋষি গুপ্তা (এমডি এবং সিইও)
পেটিএম পেমেন্টস ব্যাঙ্ক লিমিটেড	নয়ডা, উত্তরপ্রদেশ	২০১৭ সাল	সতীশকুমার গুপ্তা (এমডি এবং সিইও)
অল্প পরিমাণ কার্যকরী:			
জিও পেমেন্টস ব্যাঙ্ক লিমিটেড	নবি মুম্বাই	২০১৮ সাল	এইচ শ্রীকৃষ্ণাণ (এমডি এবং সিইও)
NSDL পেমেন্টস ব্যাঙ্ক লিমিটেড	মুম্বাই	২০১৮ সাল	জি ভি নাগেশ্বর রাও (চেয়ারম্যান)

- Vodafone M-Pesa Ltd. এখন কার্যকলাপ শুরু করেনি।
- Aditya Birla Payments Bank, Tech Mahindra, Cholamandalam Distribution, Dilip Shantilal Shanghvi (Sunpharma) এই চারটি ব্যাঙ্ক তাদের অনুমতিপত্র RBI-এর কাছে ফেরত পাঠিয়েছে।

স্মল ফিনান্স ব্যাঙ্ক

স্মল ফিনান্স ব্যাঙ্ক হল ভারতীয় ব্যাঙ্কিং ক্ষেত্রের এমন একটি ব্যাঙ্ক যা নির্দিষ্ট প্রয়োজনের দিকে লক্ষ্য রেখে গ্রাহক সাধারণকে ব্যাঙ্কিং পরিষেবা প্রদান করে থাকে। সাধারণত ক্ষুদ্র ব্যবসায়ী, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, ক্ষুদ্র শিল্পোদ্যোগীদের কাছে ব্যাঙ্কিং পরিষেবা সহজে পৌঁছে দেওয়ার জন্য এই ব্যাঙ্কের প্রতিষ্ঠা হয়েছে। Companies Act-2013 অনুযায়ী এই ব্যাঙ্ক পাবলিক লিমিটেড কোম্পানি হিসাবে অন্তর্ভুক্ত হয় এবং Banking Regulation Act-1949-এর ২২ নং ধারানুযায়ী লাইসেন্স পেয়ে থাকে এবং Banking Regulation Act-1949, RBI Act-1934, Foreign Exchange Management Act, 1999, Payment and Settlement Systems Act-2007, Credit Information Companies (Regulation) Act-2005 ও Deposit Insurance and Credit Guarantee Corporation Act-1961 অনুযায়ী পরিচালিত হয়ে থাকে।

- ২০১৪ সালের ১৭ জুলাই RBI স্মল ফিনান্স ব্যাঙ্ক তৈরির ড্রাফ্‌ট প্রকাশ করে এবং বিশেষজ্ঞগণের মতামত চান।
- ২০১৪ সালের ২৭ নভেম্বর RBI স্মল ফিনান্স ব্যাঙ্ক গঠনের গাইড লাইন প্রকাশ করে।
- ২০১৫ সালের ১৬ জানুয়ারি এর মধ্যে আগ্রহী সংস্থাদের স্মল ফিনান্স ব্যাঙ্ক গঠনের আবেদনপত্র জমা দিতে বলা হয়।
- ২০১৫ সালের ফেব্রুয়ারি মাসে স্মল ফিনান্স ব্যাঙ্ক গঠনে আগ্রহী ৭২টি আবেদন সংস্থার নাম প্রকাশ করেন।
- আবেদনপত্রগুলি যাচাইয়ের জন্য একটি অ্যাডভাইজারি কমিটি গঠিত হয় Uasha Thorat এর নেতৃত্বে।
- ২০১৫ সালের ১৭ নভেম্বর ১০টি সংস্থাকে স্মল ফিনান্স ব্যাঙ্ক গঠনের অনুমতিপত্র প্রদান করা হয়।
- ২০১৬ সালের ২৪ এপ্রিল Capital Small Finance Bank ৪৭টি শাখাসহ প্রথম স্মল ব্যাঙ্কিং পরিষেবা শুরু করে।

❖ স্মল ফিনান্স ব্যাঙ্কের বৈশিষ্ট্য :

- এই ব্যাঙ্ক সেভিংস, কারেন্ট, ফিক্সড ডিপোজিট ও রেকারিং ডিপোজিট অ্যাকাউন্ট খুলতে পারে।
- এই ব্যাঙ্ক ক্ষুদ্র ব্যবসায়ী, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক, ক্ষুদ্র ও ছোট শিল্পোদ্যোগপতি এমনকী অসংগঠিত ক্ষেত্রের গ্রাহকদের ঋণদান প্রদান করতে পারে।
- বৃহৎ শিল্পোদ্যোগপতিদের ঋণদান করতে পারে না।
- ব্যাঙ্কিং ক্ষেত্রে ১০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন কোন ব্যক্তি বা পেশাদার এই ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠান গড়ে তোলার জন্য লাইসেন্সের আবেদন করতে পারে।
- ব্যক্তি মালিকানাধীন কোম্পানি কিংবা স্থানীয় বাসিন্দাদের দ্বারা পরিচালিত কোন সমিতিও এই ব্যাঙ্ক স্থাপন করার লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন।
- এই ব্যাঙ্ক RBI-এর অনুমতি সাপেক্ষে মিউচুয়াল ফান্ড, ইন্সিয়োরেন্স প্রোডাক্ট, পেনশন প্রোডাক্ট প্রভৃতির পরিষেবা প্রদান করতে পারে।
- RBI-এর নির্ধারিত নীতি অনুসরণ করে স্মল ফিনান্স ব্যাঙ্কগুলি একটি পূর্ণাঙ্গ ব্যাঙ্ক ইউনিটে রূপান্তরিত হতে পারে।
- সমস্ত স্মল ফিনান্স ব্যাঙ্কের এক-চতুর্থাংশ শাখা অফিস অ-ব্যাঙ্কিং এলাকায় স্থাপন করা উচিত।
- স্মল ফিনান্স ব্যাঙ্ক প্রতিষ্ঠা করতে ন্যূনতম ২০০ কোটি টাকা মূলধন প্রয়োজন।

স্মল ফিনান্স ব্যাঙ্ক	সদর কার্যালয়	প্রতিষ্ঠাকাল	Original Licensee	Tagline
ক্যাপিটাল স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড	জলন্ধর	২৪ এপ্রিল, ২০১৬	Capital Local Area Bank Ltd.	Vishwas Se Vikas Tak
ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড	চেন্নাই	৫ সেপ্টেম্বর, ২০১৬	Equitas Holdings Pvt. Ltd	It's Fun Banking
উৎকর্ষ স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড	বারাণসী	২৩ জানুয়ারি, ২০১৭	Utkarsh Microfinance Pvt. Ltd.	Aapki Umeed ka Khata
সূর্যোদয় স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড	নবি মুম্বাই	২৩ জানুয়ারি, ২০১৭	Suryoday Microfinance Pvt. Ltd.	A Bank of Smile
উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড	বেঙ্গালুরু	১ ফেব্রুয়ারি, ২০১৭	Ujjivan Financial Services Pvt. Ltd.	We believe in your belief
জনা স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিডেট	বেঙ্গালুরু	২৯ মার্চ, ২০১৮	Janalaskhmi Financial Services Pvt. Ltd.	Likho Apni Kahani
ESAF স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড	চেন্নাই/ত্রিশূর	১৭ মার্চ, ২০১৭	ESAF Microfinance	Joy of Banking
এইউ স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড	জয়পুর	১৯ এপ্রিল, ২০১৭	AU Financiers India Ltd	Chalo Aage Badhe
ফিনকেয়ার স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড	বেঙ্গালুরু	২১ জুলাই, ২০১৭	Disha Microfin Pvt. Ltd	A New Era in Smart Banking Begins
নর্থ-ইস্ট স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড	গুয়াহাটি	১৭ অক্টোবর, ২০১৭	RGVN North East Microfinance Ltd.	Your Door Step Banker

মানবদেহের অস্থি সংক্রান্ত তথ্যাবলী

	অস্থির প্রকৃতি/অবস্থান	অস্থির নাম	অস্থির সংখ্যা
মাথার মধ্যে মোট ২৯টি	ক্রেনিয়ালের হাড়/অস্থি **Cranial bones** (মোট ৮টি হাড়) *	ফ্রন্টাল	১
		পেরিয়েটাল	২
		টেম্পোরাল	২
		অক্সিপিটাল	১
		স্পেনয়েড	১
		এথময়েড	১
	মুখমণ্ডলের অস্থি **Facial bones** (মোট ১৪টি হাড়)	ম্যান্ডিবেল	১
		ম্যাক্সিল্লা	২
		প্যালাটাইন	২
		জাইগোম্যাটিক	২
		নাসাল	২
		ল্যাকরিমাল	২
		ভোমার	১
		ইনফেরিয়র নাসাল কনচে	২
	কানের অস্থি **Ear bones** (মোট ৬টি হাড়)	ম্যালিয়াস	২
		ইনকাস	২
		স্টেপিস	২
	গলার অস্থি **Throat bone** (মোট ১টি হাড়)	হাইওইড	১
মাথার নীচের অংশের মোট ৫৩টি	কাঁধের অস্থি **Shoulder bones** (মোট ৪টি হাড়)	সোল্ডার ব্লেড	২
		কলারবোন/ক্ল্যাভিকেল	২
	বক্ষের অস্থি **Thorax bones** (মোট ২৫টি হাড়)	স্টেরনাম	১
		রিবস	২৪
	মেরুদণ্ডের অস্থি **Vertebral column bones** (মোট ২৪টি হাড়)	সারভিক্যাল ভারটেব্রি	৭
		থোরাসিক ভারটেব্রি	১২
		লুম্বার ভারটেব্রি	৫
বাহুর মধ্যে মোট ৬টি	উর্ধ্ববাহুর অস্থি **Upper Arm bones** (মোট ২টি হাড়)	হিউমেরাস	২
	নিম্নবাহুর অস্থি **Forearm bones** (মোট ৪টি হাড়)	রেডিয়াস	২
		আলনা	২

	অস্থির প্রকৃতি/অবস্থান	অস্থির নাম	অস্থির সংখ্যা
হাতের অস্থি মোট ৫৪টি	হাতের তালুর অস্থি **Palm bones** (মোট ১০টি হাড়)	মেটাকরপালস	১০
	কব্জির অস্থি **Wrist bones** (মোট ১৬টি হাড়)	স্ক্যাফয়েড	২
		লুনাট	২
		ট্রিকুয়েট্রাল	২
		পিসিফর্ম	২
		ট্র্যাপেজিয়াম	২
		ট্র্যাপেজয়েড	২
		ক্যাপিটেট বোন	২
		হামেট	২
	হাতের আঙুলের অস্থি **Finger bones** (মোট ২৮টি হাড়)	প্রক্সিমাল ফালানজেস	১০
		ইন্টারমিডিয়েট ফালানজেস	৮
		ডিস্টাল ফালানজেস	১০
শরীরের নিম্নাংশের অস্থি মোট ১২টি	শ্রোণীচক্রের অস্থি **Pelvis bones** (মোট ৪টি হাড়)	স্যাক্রাম	১
		ককসিক্স	১
		হিপ বোন (ইলিয়াম, ইশ্চিয়াম এবং পিউবিস)	২
	পায়ের অস্থি **Leg bones** (মোট ৮টি হাড়)	ফেমার বা থাই বোন	২
		প্যাটেল্লা	২
		টিবিয়া	২
		ফিবুলা	২
পায়ের পাতার মোট ৫২টি	গোড়ালির অস্থি **Ankle bones** (মোট ২৪টি হাড়)	ক্যালকেনিয়াস (হিল বোন)	২
		টালুস	২
		ন্যাভিকুলার	২
		মেডিয়াল কিউনিফর্ম	২
		ইন্টারমিডিয়েট কিউনিফর্ম	২
		ল্যাটেরাল কিউনিফর্ম	২
		কিউবয়েড	২
		মেটাটার্সাল বোন	১০
	পায়ের পাতার অস্থি **Toe bones** (মোট ২৮টি হাড়)	প্রক্সিমাল ফালানজেস	১০
		ইন্টারমিডিয়েট ফালানজেস	৮
		ডিস্টাল ফালানজেস	১০

Chaology— The study of chaos or chaos theory

❖ অবস্থান :

- ভারত এশিয়া মহাদেশের একটি উল্লেখযোগ্য দেশ।
- ভারত অক্ষাংশগত দিক থেকে উত্তর গোলার্ধে এবং দ্রাঘিমাংশগত দিক থেকে পূর্ব গোলার্ধে অবস্থিত।
- অক্ষাংশগত অবস্থান → ৬°৪৫′ *উত্তর – ৩৭°৬′ উত্তর অক্ষাংশ।
- দ্রাঘিমাংশগত অবস্থান → ৬৮°৭′ পূর্ব – ৯৭°২৫′ পূর্ব দ্রাঘিমাংশ।
- ভারতের উত্তরতম বিন্দু হল 'ইন্দিরা কোল' (জম্মু ও কাশ্মীরে অবস্থিত)।
- ভারতের দক্ষিণতম বিন্দু হল ইন্দিরা পয়েন্ট, (৬°৪৫′ উত্তর অক্ষাংশ)। যেটি বৃহৎ নিকোবর দ্বীপপুঞ্জ অবস্থিত।
- ইন্দিরা পয়েন্টের পূর্বনাম হল পিগম্যালিয়ন পয়েন্ট/পার্সন পয়েন্ট।
- ইন্দিরা পয়েন্ট নিরক্ষরেখা (০°) থেকে ৮৭৬ কিমি দূরে অবস্থিত।
- ভারতের মূল ভূখণ্ডের সঙ্গে যুক্ত দক্ষিণতম স্থান হল কন্যাকুমারী (৮°৪′ উত্তর অক্ষাংশ)।
- ভারতের পূর্বতম বিন্দু হল– কিবিথু (অরুণাচল প্রদেশ)।
- ভারতের পশ্চিমতম বিন্দু হল– গুহর মতি (কচ্ছ, গুজরাট)।
- ইন্দিরা কোল হল সালতোরো পর্বতশ্রেণির অংশবিশেষ।

❖ আকার-আকৃতি ও সীমানা :

- এশিয়ার দক্ষিণভাগে ভারত মহাসাগরের উত্তরে তিনদিক সমুদ্র বেষ্টিত এই দেশটির আকার আক্ষরিক অর্থে ত্রিভুজাকার দেখালেও প্রকৃতপক্ষে চতুর্ভুজাকৃতি।
- এটি উত্তর-দক্ষিণে ৩২১৪ কিমি এবং পূর্ব-পশ্চিমে ২৯৩৩ কিমি বিস্তৃত।
- এর মোট ক্ষেত্রফল– ৩২,৮৭,২৬৩ বর্গকিমি।
- এর স্থলসীমানার মোট দৈর্ঘ্য– ১৫,২০০ কিমি।
- এর উপকূলীয় সীমানার মোট দৈর্ঘ্য– ৭৫১৬.৬ কিমি (লাক্ষাদ্বীপ ও আন্দামান নিকোবর-সহ)।
- স্থলসীমানা ১৭টি রাজ্য এবং উপকূলীয় সীমানা ১৩টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে স্পর্শ করে গেছে।
- উপকূলীয় সীমানার নিরিখে গুজরাট (রাজ্য হিসাবে) প্রথম স্থানে রয়েছে (১২১৪.৭ কিমি) এবং কেন্দ্রশাসিত অঞ্চল হিসাবে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ প্রথম স্থানে আছে।

❖ ভারতের বিভিন্ন রাজ্য কেন্দ্রশাসিত অঞ্চলের উপকূলীয় সীমানার তথ্যাবলী :

নং	রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল	উপকূলীয় দৈর্ঘ্য (কিমি)
১.	গুজরাট	১২১৪.৭
২.	অন্ধ্রপ্রদেশ	৯৭৩.৭
৩.	তামিলনাড়ু	৯০৬.৯
৪.	মহারাষ্ট্র	৬৫২.৬
৫.	কেরল	৫৬৯.৭
৬.	ওড়িশা	৪৭৬.৪
৭.	কর্ণাটক	২৮০.০
৮.	গোয়া, দমন ও দিউ	১৬০.৫
৯.	পশ্চিমবঙ্গ	১৫৭.৫
১০.	পুদুচেরি	৩০.৬
১১.	আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ	১৯৬২.০
১২.	লাক্ষাদ্বীপ	১৩২.০

- ভারতের সামুদ্রাঞ্চলিক সীমানা মূল উপকূলীয় ভূখণ্ড থেকে ১২ নটিক্যাল মাইল পর্যন্ত বিস্তৃত। সেই অঞ্চলে ভারতের পূর্ণ অধিকার রয়েছে।
- ভারতের মূল উপকূলীয় ভূখণ্ড থেকে ২৪ নটিক্যাল মাইল পর্যন্ত বিস্তৃত অঞ্চলকে Contiguous Zone বলা হয়। এই অঞ্চলে ভারতের আর্থিক অধিকার, দূষণ নিয়ন্ত্রণাধিকার, শুল্ক আদায়ের অধিকার জীবনযাপনের অধিকার রয়েছে।
- Contiguous Zone-এর বাইরে ২০০ নটিক্যাল মাইল পর্যন্ত অঞ্চল Exclusive Economic Zone হিসাবে পরিচিত। এই এলাকায় ভারতের পরীক্ষা-নিরীক্ষা, সংরক্ষণ, গবেষণা, খনিজ সম্পদের অনুসন্ধান এবং সামুদ্রিক শক্তি উৎপাদনের অধিকার রয়েছে।
- ভারতের বর্তমানে Exclusive Economic Zone-এর সীমা প্রায় ২.০২ মিলিয়ন বর্গকিমি বিস্তৃত।

❖ ভারতের স্থল-সীমান্তে অবস্থিত ভারতীয় রাজ্য/কেন্দ্রশাসিত ও প্রতিবেশী দেশ সংক্রান্ত তথ্যাবলী—

প্রতিবেশী দেশ	সীমান্ত সীমানার দৈর্ঘ্য (কিমি)	ভারতীয় কেন্দ্রশাসিত/রাজ্যের সংখ্যা	ভারতীয় সীমান্ত কেঃশাঃ অঞ্চল/রাজ্য
আফগানিস্তান	১০৬	১	জম্মু ও কাশ্মীর
পাকিস্তান	৩৩২৩	৫	জম্মু ও কাশ্মীর, পাঞ্জাব, রাজস্থান, গুজরাট, লাদাখ
চীন	৩৪৮৮	৫	জম্মু ও কাশ্মীর, হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ড, সিকিম, অরুণাচল প্রদেশ, লাদাখ
নেপাল	১৭৫১	৫	উত্তরাখণ্ড, উত্তরপ্রদেশ, বিহার, পশ্চিমবঙ্গ, সিকিম
ভুটান	৬৯৯	৪	সিকিম, পশ্চিমবঙ্গ, অসম, অরুণাচল প্রদেশ
বাংলাদেশ	৪০৯৬.৭	৫	পশ্চিমবঙ্গ, অসম, ত্রিপুরা, মেঘালয়, মিজোরাম

প্রতিবেশী দেশ	সীমান্ত সীমানার দৈর্ঘ্য (কিমি)	ভারতীয় কেন্দ্রশাসিত/রাজ্যের সংখ্যা	ভারতীয় সীমান্ত কেঃশাঃ অঞ্চল/রাজ্য
মায়ানমার	১৬৪৩	৪	অরুণাচল প্রদেশ, মণিপুর, নাগাল্যান্ড, মিজোরাম

❖ **ভারত সম্পর্কে কয়েকটি উল্লেখযোগ্য তথ্যাবলী:**

- কর্কটক্রান্তি রেখা ভারতের প্রায় মধ্যভাগ দিয়ে গেছে। যে যে রাজ্যের মধ্য দিয়ে এই রেখা গেছে তা হল— গুজরাট, রাজস্থান, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, ঝাড়খণ্ড, পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, মিজোরাম (৮টি রাজ্য)।
- ভারতের প্রমাণ সময় এলাহাবাদের নিকট নৈনি নামক স্থানের (বর্তমানে মির্জাপুর) দ্রাঘিমাংশের (৮২°৩০′) বিচারে নির্ধারিত হয়।
- ভারতের প্রমাণ সময় GMT-এর তুলনায় ৫ ঘণ্টা ৩০ মিনিট এগিয়ে।
- ভারতের একমাত্র কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরি (পণ্ডিচেরি) তিনটি রাজ্যের মধ্যে অবস্থিত। যথা— (১) পুদুচেরি (মেন) — তামিলনাড়ু (২) কারিকল — তামিলনাড়ু (৩) এনাম— অন্ধ্রপ্রদেশ এবং (৪) মাহে — কেরল। প্রসঙ্গত উল্লেখ্য, এই চারটি অঞ্চল ভারতের স্বাধীনতা প্রাপ্তির পূর্বে ফরাসীদের অধীনস্থ ছিল। ১৯৫৪ সালের ১ নভেম্বর ভারতের অন্তর্ভুক্ত হয়েছে।
- আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের প্রধান প্রধান দ্বীপগুলি হল— উত্তর আন্দামান, মধ্য আন্দামান, দক্ষিণ আন্দামান, লিটিল আন্দামান, কার নিকোবর, লিটিল নিকোবর, গ্রেট নিকোবর।
- আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের রাজধানী পোর্টব্লেয়ার দক্ষিণ আন্দামানে অবস্থিত।
- ভারতের একমাত্র জীবন্ত আগ্নেয়গিরি 'ব্যারেনদ্বীপ' মধ্য আন্দামানের পূর্বভাগে অবস্থিত।
- আন্দামান এবং নিকোবর দ্বীপপুঞ্জের মাঝে ১০° চ্যানেল অবস্থিত।
- দক্ষিণ আন্দামান ও লিটিল আন্দামানের মধ্যে 'ডানকান পাস' অবস্থিত।
- উত্তর আন্দামান এবং কোকো দ্বীপপুঞ্জের (মায়ানমার) মাঝে কোকো প্রণালী অবস্থিত।
- আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ 'Emerald Islands' নামেও পরিচিত।
- লাক্ষাদ্বীপে প্রবাল প্রাচীর লক্ষ্য করা যায়।
- মিনিকয় এবং মালদ্বীপের মধ্যে ৮° চ্যানেল অবস্থিত।
- মিনিকয় কে লাক্ষাদ্বীপের মূল অংশ থেকে আলাদা করেছে ৯° চ্যানেল।
- পক প্রণালী তামিলনাড়ু (ভারত) এবং শ্রীলঙ্কার মাঝে অবস্থান করছে।
- তামিলনাড়ু ও শ্রীলঙ্কার মাঝে আদম ব্রিজ অবস্থিত। পামবান দ্বীপ হল আদম ব্রিজের অংশবিশেষ।
- রামেশ্বরম পামবান দ্বীপে অবস্থিত।
- **ভারতের বিভিন্ন সীমান্ত লাইন—**
  (১) র‍্যাডক্লিফ লাইন— ভারত-পাকিস্তান, ভারত-বাংলাদেশ সীমানায় অবস্থিত। ১৯৪৭ সালে সিরিল র‍্যাডক্লিফ ভারত-পাকিস্তানের বিভাজিত সীমা নির্দেশক এই লাইন টেনেছিলেন। বাংলাদেশের পূর্ব পাকিস্তান থাকা পর্যন্ত এই লাইন কার্যকরী থাকবে।
- **ম্যাকমোহন লাইন**— ১৯১৪ সালে স্যার হেনরি ম্যাকমোহন ভারত-চীনের সীমানা হিসাবে ম্যাকমোহন লাইন কার্যকরী করেছিলেন।
- **ডুরান্ড লাইন**— ভারত-আফগানিস্তানের মাঝে এটি অবস্থিত। ১৮৯৬ সালে স্যার হেনরি মটিমার ডুরান্ড এটি কার্যকরী করেছিলেন।

ভারতের বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল সংক্রান্ত তথ্যাবলী

রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল	রাজধানী	আয়তন (প্রতি ১০০০ বর্গ কিমি)	ভারতের মোট আয়তনের নিরিখে (শতাংশ)	জনসংখ্যা ২০১১ সালের জনগণনা অনুযায়ী (মিলিয়ন)	জনঘনত্ব (প্রতি বর্গকিমি)
অন্ধ্রপ্রদেশ	অমরাবতী	১৬০.৩	৪.৯৪	৪৯.৩৮	৩০৮
অরুনাচল প্রদেশ	ইটানগর	৮৩.৭	২.৫	১.৩৮	১৭
অসম	দিসপুর	৭৮.৪	২.৩	৩১.১৬	৩৯৭
বিহার	পাটনা	৯৪.২	২.৯	১০৩.৮০	১১০২
ছত্তিশগড়	রায়পুর	১৩৬.০	৪.১	২৫.৫৪	১৮৯
গোয়া	পানাজি	৩.৭	০.১	১.৪৫	৩৯৪

রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল	রাজধানী	আয়তন (প্রতি ১০০০ বর্গ কিমি)	ভারতের মোট আয়তনের নিরিখে (শতাংশ)	জনসংখ্যা ২০১১ সালের জনগণনা অনুযায়ী (মিলিয়ন)	জনঘনত্ব (প্রতি বর্গকিমি)
গুজরাট	গান্ধীনগর	১৯৬.০	৬.০	৬০.৩৮	৩০৮
হরিয়ানা	চণ্ডীগড়	৪৪.২	১.৩	২৫.৩৫	৫৭৩
হিমাচল প্রদেশ	সিমলা	৫৫.৭	১.৭	৬.৮৫	১২৩
ঝাড়খণ্ড	রাঁচি	৭৯.৭	২.৪	৩২.৯৬	৪১৪
কর্ণাটক	বেঙ্গালুরু	১৯১.৮	৫.৮	৬১.১৩	৩১৯
কেরল	তিরুবনন্তপুরম	৩৮.৯	১.১	৩৩.৩৮	৮৫৯
মধ্যপ্রদেশ	ভোপাল	৩০৮.০	৯.৪	৭২.৫৯	২৩৬
মহারাষ্ট্র	মুম্বাই	৩০৭.৭	৯.৩	১১২.৩৭	৩৬৫
মণিপুর	ইম্ফল	২২.৩	০.৭	২.৭২	১২২
মেঘালয়	শিলং	২২.৪	০.৭	২.৯৬	১৩২
মিজোরাম	আইজল	২১.১	০.৬	১.০৯	৫২
নাগাল্যান্ড	কোহিমা	১৬.৬	০.৫	১.৯৮	১১৯
ওড়িশা	ভুবনেশ্বর	১৫৫.৭	৪.৭	৪১.৯৪	২৬৯
পাঞ্জাব	চণ্ডীগড়	৫০.৪	১.৫	২৭.৭০	৫৫০
রাজস্থান	জয়পুর	৩৪২.২	১০.৪	৬৮.৬২	২০১
সিকিম	গ্যাংটক	৭.১	০.২	০.৬০	৮৬
তামিলনাড়ু	চেন্নাই	১৩০.১	৩.৯	৭২.১৩	৫৫৫
তেলেঙ্গানা	হায়দরাবাদ	১১২.০	৩.৪৯	৩৫.১	৩১২
ত্রিপুরা	আগরতলা	১০.৫	০.৩	৩.৬৭	৩৫০
উত্তরপ্রদেশ	লক্ষ্ণৌ	২৩৮.৬	৭.২	১৯৯.৫৮	৮২৮
উত্তরাখণ্ড	দেরাদুন	৫৩.৫	১.৭	১০.১১	১৮৯
পশ্চিমবঙ্গ	কলকাতা	৮৮.৮	২.৭	৯১.৩৪	১০২৯
আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ	পোর্টব্লেয়ার	৮.২	০.২	০.৩৮	৪৬
চণ্ডীগড়	চণ্ডীগড়	০.১	০.০০৩	১.০৫	৯২৫২
দাদরা ও নগর হাভেলি	সিলভাসা	০.৫	০.০১	০.৩৪	৬৯৮
দমন ও দিউ	দমন	০.১	–	০.২৪	২১৬৯
দিল্লি	দিল্লি	১.৫	০.০৪	১৬.৭৫	১১২৯৭
লাক্ষাদ্বীপ	কাভারাত্তি	০.০৩	–	০.০৬	২০১৩
পুদুচেরি	পুদুচেরি	০.৫	০.০১	১.২৪	২৫৯৮
জম্মু ও কাশ্মীর	শ্রীনগর	৪২.২৪	—	১২.২৬	২৯০
লাদাখ	লেহ	৫৯.১৪	—	০.২৯৮	৪.৬

ভারতীয় সংসদের বিভিন্ন বিল সংক্রান্ত ধারণা

ভারতীয় সংসদে মোট চার ধরনের বিল পাশ করা যায়। ভারতের বিভিন্ন ধরনের বিলের প্রকৃতি—

বিলের নাম	ধারা	বিষয়
১. সাধারণ বিল	১০৭, ১০৮	অর্থনীতি ছাড়া অন্যান্য বিষয়
২. অর্থ বিল	১১০	কর, সরকারি ব্যয় সংক্রান্ত অর্থনৈতিক বিষয়
৩. অর্থনৈতিক বিল	১১৭(১), ১১৭(৩)	অর্থ বিলে থাকা বিষয় ছাড়া বাকি অর্থনৈতিক বিষয়
৪. সংবিধান সংশোধনী বিল	৩৬৮	সংবিধান সংশোধনী সংক্রান্ত বিষয়

সাধারণ বিল ও অর্থ বিলের পার্থক্য

বিষয়	সাধারণ বিল	অর্থ বিল
পেশ করা যায়	লোকসভা বা রাজ্যসভায়।	শুধুমাত্র লোকসভায়।
কে পেশ করতে পারেন?	মন্ত্রী বা সংসদের যে কোনো সদস্য।	কেবলমাত্র মন্ত্রীরা।
রাষ্ট্রপতির অনুমতি	প্রয়োজন নেই।	রাষ্ট্রপতির অনুমতি নিয়ে লোকসভায় পেশ করা যায়
রাজ্যসভার ভূমিকা	রাজ্যসভা সংশোধন এবং প্রত্যাখান করতে পারে। রাজ্যসভা সর্বাধিক ছয় মাস বিলকে নিজেদের কাছে রাখতে পারে।	রাজ্যসভা সংশোধন এবং প্রত্যাখান করতে পারে না। রাজ্যসভা সর্বাধিক ১৪ দিন নিজেদের কাছে বিল রাখতে পারে।
রাষ্ট্রপতির ভূমিকা	স্বাক্ষর করতে পারেন, পুনর্বিবেচনার জন্য পুনরায় সংসদে পাঠাতে পারেন এবং প্রত্যাখান করতে পারেন।	প্রত্যাখান করতে পারেন বা স্বাক্ষর করতে পারেন কিন্তু পুনর্বিবেচনার জন্য পুনরায় সংসদে পাঠাতে পারেন না।
সংসদের দুই কক্ষের যুগ্ম অধিবেশন	এই বিল পাশ করার জন্য সংসদের দুই কক্ষের যুগ্ম অধিবেশন আয়োজন করা যেতে পারে।	এই বিল পাশ করার জন্য যুগ্ম অধিবেশন আয়োজন করা যায় না।

সাধারণ বিল ও অর্থনৈতিক বিল পাশের বিভিন্ন পর্যায়

যে কোনো সাধারণ বিল সাধারণত পাঁচটি পর্যায়ের মাধ্যমে পাশ হয়।

পর্যায়	গুরুত্বপূর্ণ তথ্য
প্রথম পাঠ	কোন মন্ত্রী বা সংসদের যে কোনো সদস্য সংসদের যে কোনো কক্ষে এই বিল পেশ করতে পারেন। বিল পেশের আগে তিনি ছুটি নিতে পারেন সংসদের অধিবেশন থেকে। তিনি বিলের শিরোনাম এবং উদ্দেশ্যগুলি সকলকে পড়ে শোনান। এরপর বিলটি 'গেজেট অফ ইন্ডিয়াতে' প্রকাশ করা হয়। এই পর্যায়ে বিল সংক্রান্ত কোন আলোচনা করা যায় না। যদি বিলটি কোনো কারণে পেশ করার আগে 'গেজেট অফ ইন্ডিয়াতে' প্রকাশিত হয় তাহলে সেই মন্ত্রী বা সংসদের যে কোন সদস্য ছুটির জন্য আবেদন করতে পারবেন না।
দ্বিতীয় পাঠ	এই পর্যায়ে সংশ্লিষ্ট কক্ষের তরফ থেকে নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করা হয়ে থাকে—
	১. বিলকে স্থায়ীভাবে বিবেচনার জন্য একটি নির্দিষ্ট দিন ধার্য করা হয়।
	২. এরপর সংশ্লিষ্ট কক্ষের সিলেক্ট কমিটির কাছে বিলটিকে নিয়ে যাওয়া হয়। সিলেক্ট কমিটি বিলটিকে পূর্ণাঙ্গ পরীক্ষা করে এবং তারপর সিলেক্ট কমিটি বিলটির কিছু কিছু ধারা পরিবর্তন করতে পারে যদিও বিলের বিষয়বস্তু অপরিবর্তিত থাকবে। এরপর সিলেক্ট কমিটি বিলটিকে সংশ্লিষ্ট কক্ষে পাঠিয়ে দেয়। এরপর সংশ্লিষ্ট কক্ষের সদস্যরা বিলটিকে পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণ করে। বিলের প্রতিটি ধারা নিয়ে এই পর্যায়ে আলোচনা হয় এবং পৃথক পৃথক ভাবে ভোটাভুটি হয়। কক্ষের সদস্যরা নিজেরাও কিছু কিছু সংশোধনের প্রস্তাব দিয়ে থাকেন এবং তা যদি গ্রাহ্য করা হয় তাহলে তারা বিলের অংশ হয়ে ওঠেন।
	৩. এরপর বিলটিকে সংসদের দুই কক্ষের জয়েন্ট কমিটির কাছে পাঠানো হয়।
	৪. এরপর কক্ষের সদস্যরা চাইলে জনসাধারণের মতামতের জন্য বিলটির বিজ্ঞপ্তি প্রকাশ করা যেতে পারে।
তৃতীয় পাঠ	এই অংশে দুটি ঘটনা ঘটতে পারে। এক কক্ষের উপস্থিত এবং সংখ্যাগরিষ্ঠ সদস্যরা বিলটিকে পাশ করাবেন বা বিলটিকে প্রত্যাখ্যান করবেন। এই পর্যায়ে কোন রকম সংশোধন করা যাবে না।

Chirography — Study of handwriting or penmanship

সংসদের অপর কক্ষে	প্রথম কক্ষে পাশ হবার পর বিলটি সংসদের অপর কক্ষে যায় এবং সেখানেও বিলটির প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পাঠ পড়া হয়। দ্বিতীয় কক্ষের তরফ থেকে বিলের জন্য চারটি পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে—
	১. অপর কক্ষের সদস্যরা উপস্থিত থেকে সংখ্যাগরিষ্ঠ ভাবে বিলটিকে পাশ করাতে পারেন।
	২. সদস্যরা বিলটিকে প্রত্যাখ্যান করতে পারেন।
	৩. সদস্যরা বিলের মধ্যে কোনো সংশোধন যোগ করতে পারেন এবং পুনর্বিবেচনার জন্য সংসদের প্রথম কক্ষে বিলটিকে প্রেরণ করতে পারেন। যদি প্রথম কক্ষ দ্বিতীয় কক্ষের সংশোধনী মেনে নেয় তাহলে বলা হবে সংসদের উভয় কক্ষ বিলটি পাশ করিয়েছে।
	৪. অপর কক্ষ বিলটির কোন ব্যবস্থা গ্রহণ করল না।যদি অপর কক্ষ বিলটিকে ছয় মাস ফেলে রাখে তাহলে বিলটি পাশ করানোর জন্য রাষ্ট্রপতি সংসদের উভয় কক্ষের যুগ্ম অধিবেশন ডাকতে পারেন এবং সংসদের উভয় কক্ষের সদস্যরা যুগ্ম অধিবেশনে উপস্থিত থেকে সংখ্যাগরিষ্ঠভাবে বিলটিকে পাশ করাতে পারেন বা প্রত্যাখ্যান করতে পারেন।
রাষ্ট্রপতির ভূমিকা	সংসদের উভয় কক্ষে পাশ হওয়া বিল রাষ্ট্রপতির নিকট এলে রাষ্ট্রপতি তিন ধরনের পদক্ষেপ গ্রহণ করতে পারেন—
	১. তিনি বিলটিতে স্বাক্ষর করলেন এবং বিলটি আইনে পরিণত হল।
	২. তিনি বিলটিতে স্বাক্ষর করলেন না ফলে বিলটি আইনে পরিণত হল না।
	৩. তিনি বিলটিকে পুনর্বিবেচনার জন্য সংসদে পাঠাতে পারেন। সংসদের উভয়কক্ষের সর্বসম্মতিক্রমে যদি পুনরায় তাঁর কাছে বিলটি পাঠানো হয়, তখন তিনি বিলে স্বাক্ষর করতে বাধ্য থাকবেন এবং বিলটি আইনে পরিণত হবে।

অর্থ বিল পাশের বিভিন্ন পর্যায়

অর্থ বিল নিম্নলিখিত পর্যায়গুলির মাধ্যমে পাশ করা হয় :—

১.	অর্থ বিল শুধুমাত্র লোকসভায় রাষ্ট্রপতির অনুমতি নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী দ্বারা পেশ করা যায়।
২.	বিলটি লোকসভায় পাশ হতেই হবে কারণ বিলটি লোকসভায় পাশ না হওয়া মানে সরকারের বিরুদ্ধে সংসদে 'নোকনফিডেন্ট মোশন' জারি হওয়া।
৩.	লোকসভায় পাশের পর বিলটি রাজ্যসভায় যায়। রাজ্যসভা বিলটিতে কোনো সংশোধন করতে পারে না কেবলমাত্র পুনর্বিবেচনার জন্য লোকসভায় পাঠাতে পারে যা লোকসভা গ্রহণ করতেও পারে বা প্রত্যাখ্যান করতে পারে। এছাড়া রাজ্যসভা সর্বাধিক ১৪দিন বিলটি নিজেদের কাছে রাখতে পারে।
৪.	এরপর বিলটি রাষ্ট্রপতির কাছে এলে তিনি বিলটিতে স্বাক্ষর করতে পারেন বা প্রত্যাখ্যান করতে পারেন কিন্তু কখনোই পুনর্বিবেচনার জন্য লোকসভায় পাঠাতে পারেন না। বিলটিতে যদি রাষ্ট্রপতি স্বাক্ষর করেন তাহলে বিলটি আইনে পরিণত হয়।

সংবিধান সংশোধনী বিল পাশের বিভিন্ন পর্যায়

পেশ করা যায়	সংসদের যে কোন কক্ষে।
কে পেশ করতে পারেন	সংসদের যে কোন সদস্য বা মন্ত্রী।
বিল পাশ পদ্ধতি	তিনভাবে সংবিধান সংশোধনী বিল পাশ করা যেতে পারে।
	১. সংসদে সাধারণ সংখ্যাগরিষ্ঠতা অর্থাৎ 50% এর বেশি সদস্যের উপস্থিত ও ভোটদানের মাধ্যমে পাশ করা যেতে পারে।
	২. সংসদে বিশেষ সংখ্যাগরিষ্ঠতা অর্থাৎ $^2/_3$ সদস্যের উপস্থিত ও ভোটদানের মাধ্যমে পাশ করা যেতে পারে।
	৩. সংসদে বিশেষ সংখ্যাগরিষ্ঠতা অর্থাৎ $^2/_3$ সদস্যের উপস্থিতি ও ভোটদানের মাধ্যমে পাশ এবং দেশের অর্ধেক রাজ্যের বিধানসভায় সাধারণ সংখ্যাগরিষ্ঠতা অর্থাৎ 50% এর বেশি সদস্যের উপস্থিতি ও ভোটদানের মাধ্যমে পাশ করা যেতে পারে। এক্ষেত্রে বলে রাখা দরকার ২ ও ৩ নম্বরভাবে পাশ হওয়া বিল 368 ধারার সংবিধান সংশোধনীর মধ্যে পড়ে এবং ১ নম্বরভাবে পাশ হওয়া বিল 368 ধারার সংবিধান সংশোধনীর মধ্যে পড়ে না।
যুগ্ম অধিবেশন	এই বিল সংসদের উভয় কক্ষে আলাদা আলাদাভাবে পাশ হতে হয় এবং এই বিল পাশের জন্য কোন যুগ্ম অধিবেশন আয়োজন করা যায় না।
রাষ্ট্রপতির ভূমিকা	এই বিল সংসদের উভয় কক্ষে পাশ হয়ে রাষ্ট্রপতির কাছে এলে তিনি স্বাক্ষর করতে বাধ্য থাকবেন। তিনি কখনোই বিলটি প্রত্যাখ্যান করতে পারবেন না বা পুনর্বিবেচনার জন্য সংসদে পাঠাতে পারবেন না।

ভারতবর্ষের বিভিন্ন জলপ্রপাত

জলপ্রপাতের নাম	অবস্থান	উচ্চতা (ফুট)	নদীর নাম	গুরুত্বপূর্ণ তথ্য
কুঞ্চিকল	শিমোগা জেলা, কর্ণাটক	১৪৯৩	বরাহি	ভারতের উচ্চতম জলপ্রপাত
বরাহিপানি	ময়ূরভঞ্জ জেলা, ওড়িশা	১৩০৯	বুদ্ধবালঙ্গা	দ্বিস্তর বিশিষ্ট জলপ্রপাত
নোহালিখাই	পূর্ব খাসি পার্বত্য জেলা, মেঘালয়	১১১৫	নোহালিখাই	উচ্চতম নিমজ্জন ধরনের জলপ্রপাত
নোসিনগিথিয়াং বা মসমাই	পূর্ব খাসি পার্বত্য জেলা, মেঘালয়	১০৩৩	—	খণ্ডিত ধরনের জলপ্রপাত
দুধসাগর	গোয়া	১০১৭	মাণ্ডবী	চতুর্স্তরীয় জলপ্রপাত
কিনরেম	পূর্বখাসি পার্বত্য জেলা, মেঘালয়	১০০১	—	ত্রিস্তরীয় জলপ্রপাত
মিনমুটি	ওয়ানাদ জেলা, কেরল	৯৮৪	—	ত্রিস্তরীয় খণ্ডিত ধরনের জলপ্রপাত
থালায়ার	ডিন্ডিগুল জেলা, তামিলনাড়ু	৯৭৪	—	ঘোড়ার পুচ্ছের ন্যায় জলপ্রপাত
বজ্রাই	সাতারা জেলা, মহারাষ্ট্র	৮৫৩	—	ত্রিস্তরীয় এবং দ্বিতীয় উচ্চতম নিমজ্জন ধরনের জলপ্রপাত
বরকানা	শিমোগা জেলা, কর্ণাটক	৮৫০	সীতা	স্তরীভূত জলপ্রপাত
যোগ বা গেরোসোপ্পা (মহাত্মা গান্ধী জলপ্রপাত)	শিমোগা জেলা, কর্ণাটক	৮৩০	সারাবতী	ক্যাসকেড জাতীয় জলপ্রপাত
কান্দাদর	কেন্দুঝড় এবং সুন্দরগড় জেলা, ওড়িশা	৮০১	কাপরাণী	ঘোড়ার পুচ্ছের ন্যায় জলপ্রপাত
ভান্টাং	সেরচিপ জেলা, মিজোরাম	৭৫১	লউ	দ্বিস্তরীয় জলপ্রপাত
কুনে	পুনে জেলা, মহারাষ্ট্র	৬৬০	—	ত্রিস্তরীয় জলপ্রপাত
তুসেগার	সাতারা জেলা, মহারাষ্ট্র	৬৫৬	—	ত্রিস্তরীয় জলপ্রপাত
সোচিপাড়া	ওয়ানাদ জেলা, কেরল	৬৫৬	চালিয়ার	ত্রিস্তরীয় জলপ্রপাত
ম্যাগোড	উত্তর কানাড়া জেলা, কর্ণাটক	৬৫০	বেডটি	দ্বিস্তরীয় খণ্ডিত জলপ্রপাত
ঝোড়াম্ভা	ময়ূরভঞ্জ জেলা, ওড়িশা	৫৯৪	—	নিমজ্জন ধরনের জলপ্রপাত
হিবে	চিকমাগালুর জেলা, কর্ণাটক	৫৫১	—	দ্বিস্তরীয় জলপ্রপাত
ডুড়ুমা	ওড়িশা এবং অন্ধ্রপ্রদেশের সীমানায়	৫১৫	মচকুণ্ড	নিমজ্জন ধরনের জলপ্রপাত
পালানি	কুলু জেলা, হিমাচল প্রদেশ	৪৯০	—	ঝর্নাযুক্ত জলপ্রপাত
লোধ	লাটাহার জেলা, ঝাড়খণ্ড	৪৬৯	বুদ্ধ	দ্বিস্তরীয় জলপ্রপাত
বাহুতি	রেয়া জেলা, মধ্যপ্রদেশ	৬৫০	সেলার	দ্বিস্তরীয় এবং মধ্যপ্রদেশের উচ্চতম জলপ্রপাত
বিসফ	পূর্বখাসি জেলা, মেঘালয়	৪৪৩	—	ত্রিস্তরীয় জলপ্রপাত
চাঁচই	রেয়া জেলা, মধ্যপ্রদেশ	৪৩০	বিহাদ	রেয়া মালভূমি থেকে সৃষ্ট হয়েছে এই জলপ্রপাত
কেওটি	রেয়া জেলা, মধ্যপ্রদেশ	৪৩০	মাহানা	খণ্ডিত ধরনের জলপ্রপাত
কলহাটি	চিকমাগালুর জেলা, কর্ণাটক	৪০০	—	কর্ণাটকের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
বিডন	পূর্ব খাসি পার্বত্য জেলা, মেঘালয়	৩৯০	—	ত্রিস্তরীয় জলপ্রপাত, বিশপ জলপ্রপাতের যমজ জলপ্রপাত নামে পরিচিত
কেপা	উত্তর কানাড়া জেলা, কর্ণাটক	৩৮১	—	পাখা জাতীয় জলপ্রপাত
কোসালি	উদুপি, কর্ণাটক	৩৮১	—	ছয় স্তরীয় জলপ্রপাত
ডাব্বে	শিবামোগা, কর্ণাটক	৩৬০		কর্ণাটকের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
পাণ্ডবগড়	থানে, মহারাষ্ট্র	৩৫১		খণ্ডিত জলপ্রপাত

Chorology *— Science of the geographic description of anything*

জলপ্রপাতের নাম	অবস্থান	উচ্চতা (ফুট)	নদীর নাম	গুরুত্বপূর্ণ তথ্য
রজত প্রপাত	হোসেঙ্গাবাদ জেলা, মধ্যপ্রদেশ	৩৫১	—	ঘোড়ার পুচ্ছের ন্যায় জলপ্রপাত
বুন্দলা	হিমাচল প্রদেশ	৩৩০	বুন্দলা	হিমাচল প্রদেশের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
শিবসমুদ্রম	চিকমাগালুর জেলা, কর্ণাটক	৩২২	কাবেরি	খণ্ডিত জলপ্রপাত
লোহার ঘাঘরি	লাটাহার*জেলা, ঝাড়খণ্ড	৩২২	—	ক্যাসকেড জলপ্রপাত
হুদ্রু	রাঁচি জেলা, ঝাড়খণ্ড	৩২২	সুবর্ণরেখা	খণ্ডিত জলপ্রপাত
সুইট ফলস	উত্তর খাসি পার্বত্য জেলা, মেঘালয়	৩১৫	—	ঘোড়ার পুচ্ছের ন্যায় জলপ্রপাত
আগায়া গঙ্গাই	নামাকল, তামিলনাড়ু	৩০২	—	এক স্তরযুক্ত খণ্ডিত জলপ্রপাত
গাথা	পান্না জেলা, মধ্যপ্রদেশ	২৯৯	—	মধ্যপ্রদেশের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
তিরথগড়	বাস্তার জেলা, ছত্তিশগড়	২৯৯	মুগাবাহার	ঘোড়ার পুচ্ছের ন্যায় জলপ্রপাত
লাংসিয়াং	পশ্চিমখালি পার্বত্য জেলা, মেঘালয়	২৭৯	—	মেঘালয়ের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
তালাকোনা	চিতুর জেলা, অন্ধ্রপ্রদেশ	২৬৯	—	অন্ধ্রপ্রদেশের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
কাকোলাট	নওদা জেলা, বিহার	১৬০		ক্যাটার‍্যাক্ট জলপ্রপাত
আথিরাপল্লি	ত্রিশুর জেলা, কেরল	৮২	চালাকুড়ি	খণ্ডিত জলপ্রপাত
দশম	রাঁচি জেলা, ঝাড়খণ্ড	১৪৪	কাঞ্চি	ঝাড়খণ্ডের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
চুলিয়া	রাজস্থান	১১০০	চম্বল	রাজস্থানের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
কেম্পটি	উত্তরাখণ্ড	৮৮৫	—	উত্তরাখণ্ডের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
ধুঁয়াধার	জব্বলপুর, মধ্যপ্রদেশ	৯৯	নর্মদা	মধ্যপ্রদেশের গুরুত্বপূর্ণ জলপ্রপাত যা মার্বেল রক সৃষ্টি করেছে
এলিফ্যান্ট	মেঘালয়	৪০	—	মেঘালয়ের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
চিত্রকূট	বাস্তার জেলা, ছত্তিশগড়	৯৫	ইন্দ্রাবতী	ইহা ভারতের নায়াগ্রা নামে পরিচিত, বহু পর্যটকের সমাগম ঘটে দর্শনের জন্য
এন্না	ওড়িশা	৬০০	এন্না	ওড়িশার অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
রাকিমকুণ্ড	রোটাস মালভূমি, বিহার	৫৫১	গাইঘাটা	বিহারের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
ওড্ডা	মধ্যপ্রদেশ	৪৭৫	ওড্ডা	মধ্যপ্রদেশের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
ওকহারেন	রোটাস মালভূমি, বিহার	২৯৫	গোপাথ	বিহারের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
দুর্গাবতী	রোটাস মালভূমি, বিহার	২৬২	দুর্গাবতী	বিহারের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
পূর্বা	মধ্যপ্রদেশ	২৩০	টনস	মধ্যপ্রদেশের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
সাধনী	ঝাড়খণ্ড	১৯৭	শঙ্খ	ঝাড়খণ্ডের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
গোকাক	কর্ণাটক	১৮০	ঘাটপ্রভা	কর্ণাটকের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
ছুনছুনাকাটে	মহীশুর জেলা, কর্ণাটক	৬৫	কাবেরী	কর্ণাটকের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
হোগেনাক্কাল	ধর্মপুরী জেলা, তামিলনাড়ু	৬৬	কাবেরী	কর্ণাটকের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
কপিলধারা	মধ্যপ্রদেশ	৭৫	নর্মদা	মধ্যপ্রদেশের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
সহস্রধারা	উত্তরাখণ্ড	২৬	—	উত্তরাখণ্ডের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
জোনহা (গৌতমধারা)	ঝাড়খণ্ড	১৪১	রদ	ঝাড়খণ্ডের গুরুত্বপূর্ণ জলপ্রপাত
ভাজাচাল	ত্রিশুর জেলা, কেরল	৩৯০	চালাকুড়ি	কেরলের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
কিলিয়ুর	তামিলনাড়ু	৩০০	—	তামিলনাড়ুর অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত
গড়চায়নামালাকি	কর্ণাটক	১৪৭	মারকানডেয়া	কর্ণাটকের অন্যতম গুরুত্বপূর্ণ জলপ্রপাত

করোনা পরিস্থিতিতে সরকার/সংস্থা কর্তৃক গৃহীত কর্মসূচীসমূহ

অ্যাপস/কর্মসূচী/স্কিম সমূহ	রূপায়নকারী সরকার/সংস্থা
'Kill Corona' campaign	মধ্যপ্রদেশ
Ektu Khelo, Ektu Padho	ত্রিপুরা
Coronil and Swasari	পতঞ্জলি আয়ুর্বেদা লিমিটেড
Public Service Announcement	হু (WHO)
I-Lab (Infectious Diseases Diagnostics Lab)	অন্ধ্রপ্রদেশ মেড-টেক জোন
Air-Venti	মহারাষ্ট্র
Automated Ticket Checking & Managing Access	সেন্ট্রাল রেলওয়ে জোন
Pavitrapat Mask	ডিআইএটি পুনে
HEPA Air Filter Mask	ডিআরডিও
GermiKlean	ডিআরডিও
GermiBAN'	নিও ইনভেনট্রনিক্স
Corona kawach	কেন্দ্র সরকার
Operation shield	দিল্লি গভর্নমেন্ট
Raksha serve	ছত্তিশগড় পুলিশ
COVID care app	অরুণাচল প্রদেশ
Corona sahayata app	বিহার
Quarantine app	আইআইটি বোম্বাই
Caruna	সিভিল সার্ভিস অ্যাভিয়েশন
Arogya setu	কেন্দ্র সরকার
Samadhan	এমএইচআরডি
Bharat padhu online	এমএইচআরডি
Yukthi	এমএইচআরডি
iGot	কেন্দ্র সরকার
Pragyaam	ঝাড়খণ্ড
5T (tracing testing teamwork tracking treatment)	দিল্লি
Team 11	উত্তরপ্রদেশ
Mo Jeeban	ওড়িশা
NAADI	পুদুচেরি অ্যান্ড লাদাখ
Break the chain initiative	কেরালা
Namaste over handshake	কর্নাটক
Corona watch	কর্নাটক
Operation Namaste	ইন্ডিয়ান আর্মি
Self declaration	নাগাল্যান্ড

অ্যাপস/কর্মসূচী/স্কিম সমূহ	রূপায়নকারী সরকার/সংস্থা
Raj cop police	রাজস্থান
Lifeline UDAN	সিভিল অ্যাভিয়েশন মিনিস্ট্রি
VERAs COVID 19 monitoring system	তেলেঙ্গানা
JEEVAN Ventilator	ইন্ডিয়ান রেলওয়ে
Praan ventilator	আইআইএসসি ব্যাঙ্গালোর
Low cost (100Rs) PPE kit	আইআইটি কানপুর
Praan VAAYU ventilator	আইআইটি রুরকি এবং এআইআইএমএস ঋষিকেশ
Jeevan lite low-cost ventilator	আইআইটি হায়দরাবাদ
Unnayan mera mobile mera vidyadalaya	বিহার
Mo Pratibha	ওড়িশা
Digital stethoscope	আইআইটি বোম্বাই
Safe app	আইআইটি বোম্বাই
NASAL gel	আইআইটি বোম্বাই
Go Corona Go	আইআইএসসি ব্যাঙ্গালোর
Corona MUKTHI	হিমাচল প্রদেশ
Sampark O meter	আইআইটি রোপার
COVID Guard and COVID Care	মহারাষ্ট্র
Corona Care	ফোনপে
Walk through Mass Sanitizing tunnel	আহমেদাবাদ রেলওয়ে স্টেশন
3V safe tunnel	তেলেঙ্গানা
CHARAK (Mobile Doctor Booth)	মধ্যপ্রদেশ রেলওয়ে
COWIN 20	নীতি আয়োগ এবং ভারত সরকার
GoK Direct app	কেরালা
Mahakawach	মহারাষ্ট্র
Project ISSAC	আইআইটি গান্ধীনগর
Annapurna and Supply mitra	উত্তরপ্রদেশ
COVID control Mohali police	পাঞ্জাব
COBOT 19 chatbot	গোয়া
COVA	পাঞ্জাব

Ciselure — The art of chasing metal

অ্যাপস/কর্মসূচী/স্কিম সমূহ	রূপায়নকারী সরকার/সংস্থা
NAADI	পুদুচেরী
COBOT Robotics	ঝাড়খণ্ড
Jharkhand BAZAAR	ঝাড়খণ্ড
Tiranga *	কেরালা
Aptamitra	কর্নাটক
Washkaro	আইআইআইটি দিল্লি
Sampark Didi	উত্তরাখণ্ড
Aayu and Sehat sathi	রাজস্থান
Apurthi Suvidha	নয়ডা
SAIYAM	পুনে
Assess Koro Na	দিল্লি
Homeline (vegetables)	কর্ণাটক
COVID Warriors	কেন্দ্র সরকার
COVID Madat	মহারাষ্ট্র
ZERO CoV	এনআইটি সুরতকল
COVID 19 quarantine Monitor	তামিলনাড়ু
Aarogya Sanjeevani	আইআরডিএআই
Veggigo	ঝাড়খণ্ড
Mpower 1on1	মহারাষ্ট্র
E-sanjeevani opd	হিমাচল প্রদেশ
MCOV	মিজোরাম
COVID India Seva	মিনিস্ট্রি অফ হেলথ অ্যান্ড ওয়েলফেয়ার
CUP COVID 19	পাঞ্জাব
PRACRITI	আইআইটি দিল্লি
VITAL	এনএএসএ
COVID Pharma	মেডিক্যাল অ্যান্ড হেলথ ডিপার্টমেন্ট অফ অন্ধ্রপ্রদেশ
IITT formula	মধ্যপ্রদেশ
Plasma Therapy (1st to demand)	কেরালা
Plasma Therapy (1st to get approved)	দিল্লি
Totalayurvedacare.com	ব্যাঙ্গালোর
Plasma Therapy (1st govt hospital)	উত্তরপ্রদেশ
Corona killer box	আইআইটি কানপুর

অ্যাপস/কর্মসূচী/স্কিম সমূহ	রূপায়নকারী সরকার/সংস্থা
Ayur Raksha (clinic)	কেরালা
Ayur Raksha Programme	দিল্লি পুলিশ অ্যান্ড মিনিস্ট্রি অফ আয়ুষ
ATULYA	ডিআইএটি, পুনে
Unique Health Identification (UHID)	এআইআইএমএস দিল্লি
UV Blaster	ডিআরডিও, নিউ এজ ইনস্ট্রুমেন্ট, গুরুগ্রাম
Garud portal	সিভিল অ্যাভিয়েশন
Nigah	হিমাচল প্রদেশ
AYUSH KAVACH	উত্তরপ্রদেশ
COVID 19 Test Bus	মুম্বাই
Aarogya Setu IVRS	কেন্দ্র সরকার
Pranavayu Programme	ব্যাঙ্গালোর
DRUVS and NOTESCLEAN	RCI Campus, DRDO হায়দরাবাদ
AI based Attendence (AINA)	আরসিআই ক্যাম্পাস, ডিআরডিও হায়দরাবাদ
COVID kavach ELISA	ন্যাশনাল ইন্সটিটিউট অফ ভাইরোলজি, পুনে
iFeelyou	ইতালি (সোশ্যাল ডিসটেন্সিং)
RAIL BOT (R-BOT)	সাউথ সেন্ট্রাল রেলওয়ে জোন
Mitra Robots	ফরটিস হসপিটাল (ব্যাঙ্গালোর)
SUKOON COVID 19 (Beat the stress)	জম্মু অ্যান্ড কাশ্মীর
DIDI Vehicle	মধ্যপ্রদেশ
NAVRAKSHAK	ইন্ডিয়ান নেভি
VAMS safeguard software	ভিএএমএস গ্লোবাল, মুম্বাই (ফাস্ট কন্ট্যাক্টলেস ভিজিটর ম্যানেজমেন্ট)
Swiss COVID	সুইৎজারল্যান্ড (অ্যাপেল ও গুগল কন্ট্যাক্ট ট্রেসিং)
EXIT app	পশ্চিমবঙ্গ
Self Scan	পশ্চিমবঙ্গ
Sneher Paras	পশ্চিমবঙ্গ
Karmabhumi Portal	পশ্চিমবঙ্গ

জাতিগত আন্দোলন

আন্দোলন	অবস্থান	সাল	নেতা	বিবরণ
সত্য সাধক সমাজ	মহারাষ্ট্র	১৮৭৩	জ্যোতিবা ফুলে	ব্রাহ্মণদের আধিপত্যের বিরুদ্ধে প্রতিবাদ করতে এবং নিম্নবর্ণের মানুষদের শিক্ষিত করে তুলতে এই সমাজ কাজ করে। গুলামগিরি, সার্বজনিক সত্যধর্ম পুস্তক জ্যোতিবা ফুলের লেখা দুটি উল্লেখযোগ্য বই।
এসএনডিপি (শ্রী নারায়ণ পরিপালন যোগাম) মুভমেন্ট	কেরল	১৯০২-০৩	শ্রী নারায়ণ গুরু	নিম্নবর্ণের বিরুদ্ধে যে ধর্মীয় বাধা দেখা যেতো তার বিরুদ্ধে এই আন্দোলন শুরু হয়।
টেম্পল এন্ট্রি মুভমেন্ট	কেরল	১৯২৪	টি কে মাধবন, শ্রীনারায়ণ গুরু, এন কুমারন আসন	নিম্নবর্ণের মানুষেরা যাতে মন্দিরে প্রবেশ করতে পারে বিনা বাধায় তার জন্য এই আন্দোলন কাজ করেছে।
বহুজন সমাজ	সাতারা, মহারাষ্ট্র	১৯১০	মুকুন্দ রাও পাটিল	ব্রাহ্মণ জমিদারদের নিম্নবর্ণের মানুষদের প্রতি নির্যাতন বন্ধ করতে এই আন্দোলন শুরু হয়।
সেল্ফ রেসপেক্ট মুভমেন্ট	মাদ্রাজ	১৯২৫	ই ভি রামস্বামী	এই আন্দোলনে ব্রাহ্মণ ছাড়া বিবাহের পক্ষে কথা বলা হয়। নিম্নবর্ণের মানুষেরা যাতে মন্দিরে প্রবেশ করতে পারে তার জন্য জোর দেওয়া হয়।
হরিজন সেবক সংঘ	পুনে	১৯৩২	মহাত্মা গান্ধী	অস্পৃশ্যতা এবং সামাজিক বৈষম্যের বিরুদ্ধে প্রতিবাদ করতে এই সংঘ তৈরি হয়।
মুসলিম সামাজিক ধর্মীয় আন্দোলন				
ফেরজি মুভমেন্ট	ফরিদপুর, বাংলা	১৮০৪	হাজি সারিয়াতুল্লা, দুদু মিঞা	মুসলিম বর্ণের মানুষদের অ-ইসলামিক সামাজিক রীতিনীতি থেকে মুক্ত করতে এবং একেশ্বরবাদের ওপর জোর দিতে এই আন্দোলন চালু হয়।
দেওবন্দ মুভমেন্ট	দেওবন্দ	১৮৬৭	মহম্মদ কাশিম নানোতাভি, রশিদ আহমেদ গাংগোগী	পাশ্চাত্যের শিক্ষা এবং ইসলামদের বিরুদ্ধে এই আন্দোলন চালু হয়।
আলিগড় মুভমেন্ট	আলিগড়, উত্তরপ্রদেশ	১৮৭৫	স্যার সৈয়দ আহমেদ খান	মহামেডান অ্যাঙ্গলো-ওরিয়েন্টাল কলেজ প্রতিষ্ঠা হয় ১৮৭৫ সালে আলিগড়ে, যার পরে নাম হয় আলিগড় মুসলিম ইউনির্ভাসিটি। ভারতীয় মুসলিমদের আধুনিক শিক্ষার মাধ্যমে স্বাধীন করে তোলা এটিই ছিলো আন্দোলনের লক্ষ্য।
আহমদিয়া মুভমেন্ট	ফরিদকোর্ট	১৮৮৯-৯০	মিরজা গুলাম আহমেদ	যুবক যুবতীদের মধ্যে শিক্ষার প্রসার করতে এবং মুসলিম ধর্মের গোঁড়ামির বিরুদ্ধে প্রতিবাদ করতে এই আন্দোলন চালু হয়।
আহরার মুভমেন্ট	লাহোর	১৯২৯	—	আহমেদিয়া মুভমেন্টের বিরুদ্ধে এই আন্দোলন চালু করা হয়।
স্বামী নারায়ণ সম্প্রদায়	গুজরাট	১৮০০	স্বামী সহজানন্দ	বৈষ্ণবধর্মের প্রচার, নৈতিক আদর্শ প্রচার তৈরি করতে এই সম্প্রদায় তৈরি হয়েছে।
ব্রাহ্ম সমাজ	কলকাতা	১৮২৯	রাজা রামমোহন রায়	রাজা রামমোহন রায় দ্বারা প্রকাশিত জার্নাল হল— (১) সংবাদ কৌমুদী (১৮২১), (২) মিরাত উল আকবর।
ইয়ঙ্গ বেঙ্গল মুভমেন্ট	কলকাতা	১৮২৬-৩১	হেনরি লুইস ভিভিয়ান ডিরোজিও, তারাচন্দ্র চক্রবর্তী, কৃষ্ণমোহন ব্যানার্জি	সমাজে অমরত্বের বিরুদ্ধে প্রচার করতে। ডিরোজিও 'ইন্ডিয়া গেজেট' সঙ্গে যুক্ত ছিলেন।
ধর্মসভা	কলকাতা	১৮৩০	রাধাকান্ত দেব	ব্রাহ্ম সমাজের বিরুদ্ধে এই সভা তৈরি করা হয়েছিলো। পাশ্চাত্য শিক্ষা প্রচার করতেও এই সভা উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছিল।
নামধারী/কুকা মুভমেন্ট	পাঞ্জাব	১৮৪১-১৮৭১	ভাই বালক সিংহ, বাবা রাম সিংহ	শিখ সম্প্রদায়-এর মধ্যে সামাজিক এবং রাজনৈতিক সংস্কার আনার জন্য এই আন্দোলন চালু হয়।

Caliology — Study of bird's nests

আন্দোলন	অবস্থান	সাল	নেতা	বিবরণ
তায়ুনি মুভমেন্ট	ঢাকা, বাংলাদেশ	১৮৩৯	কারামাত আলি জৈনপুরি	ফৌরজি মুভমেন্ট এর বিরুদ্ধে এই আন্দোলন চালু করা হয়েছিলো।
রহনুমাই মজদয়সেন সভা	—	১৮৫১	এস. এস. বেঙ্গলি, নওরেজি ফরদোনজি, দাদাভাই নওরেজি	পারসি সম্প্রদায়ের সামাজিক ও আর্থিক অবস্থার উন্নতি ঘটানোর জন্য এই সভা চালু হয়।
ইন্ডিয়ান রিফর্ম অ্যাসোসিয়েশন	কলকাতা	১৮৭০	কেশবচন্দ্র সেন	বাল্যবিবাহ, মহিলাদের সামাজিক অবস্থার উন্নয়ন, বর্ণ বৈষম্যের বিরুদ্ধে জনসচেতনতা তৈরি করতে এই অ্যাসোসিয়েশন তৈরি হয়।
আর্য সমাজ	বোম্বে	১৮৭৫	দয়ানন্দ সরস্বতী (মূল শঙ্কর)	অন্যান্য ধর্মের চেয়ে হিন্দু ধর্মের উপরে জোর দেওয়া হয়েছিল, ব্রাহ্মণদের আধিপত্য খণ্ডন করা ছিলো এর অন্যতম উদ্দেশ্য।
থিওসোফিকাল সোসাইটি	প্রতিষ্ঠিত হয় নিউইয়র্কে, ভারতে হেড-কোয়ার্টার আদইয়ার, মাদ্রাজ	১৮৭৫	ম্যাডাম এইচ. পি. ব্লাভাউসকি, এইচ. এস ওলকট	এই সোসাইটি উপনিষদ থেকে অনুপ্রেরণা সংগ্রহ করেছে।
ডেকান এডুকেশান সোসাইটি	পুণে	১৮৮৪	মহাদেব গোবিন্দ রানাডে, ভি জি চিবদোনকর, জি জি আগরকর	পশ্চিম ভারতে শিক্ষা ও সংস্কৃতিতে অবদান করার জন্যে এই সোসাইটি চালু হয়।
সেবা সদন	বোম্বে	১৮৮৫	বেহেরামজি এম মালবারি	বাল্যবিবাহ, মহিলাদের বিরুদ্ধে শোষণ-এর প্রতিবাদে এই প্রতিষ্ঠান তৈরি করা হয়।
ইন্ডিয়ান ন্যাশানাল সোশ্যাল কনফারেন্স	বোম্বে	১৮৮৭	এম. জি. রানাডে, রঘুনাথ রাও	বহুবিবাহ ও কৌলিন্য প্রথার বিরুদ্ধে এই সংগঠন প্রতিবাদ গড়ে তুলেছিল।
দেব সমাজ	লাহোর	১৮৮৭	শিব নারায়ণ অগ্নিহোত্রী	ব্রাহ্মণদের মতোই এরা সতীদাহ প্রথা, বর্ণপ্রথা, জুয়ার বিরুদ্ধে প্রতিবাদ জানিয়েছিলেন।
মাদ্রাস হিন্দু অ্যাসোসিয়েসন	মাদ্রাজ	১৮৯২	ভি. পান্টুলু	দেবদাসী প্রথার বিরুদ্ধে এবং বিধবাদের ওপর অত্যাচারের প্রতিবাদ জানাতে এই অ্যাসোসিয়েশন চালু হয়।
সারভেন্টস অফ ইন্ডিয়া সোসাইটি	বোম্বে	১৯০৫	গোপাল কৃষ্ণ গোখলে	কৃষকদের দুর্ভিক্ষ থেকে মুক্তি এবং উপজাতি বর্গের মানুষদের সামাজিক ও আর্থিক অবস্থার উন্নতি ঘটানোর জন্যে এই সোসাইটি কাজ করেছিল।
পুণে সেবা সদন	জি কে দেবধার, রামাবাই রানাডে	১৯০৯	—	মহিলাদের জন্যে কর্মসংস্থান ও তাঁদের সামাজিক, আর্থিক অবস্থার উন্নতি ঘটাতে এই সদন কাজ করে।
নিস্কাম কর্ম মঠ	পুণে	১৯১০	ডি. কে কারভে	বিধবাদের সামাজিক উন্নতি ও শিক্ষার মাধ্যমে তাদের কর্মস্থানের সুযোগ করে দেওয়া হলো এই আন্দোলনের উদ্দেশ্য।
ভারত স্ত্রী মণ্ডল	কলকাতা	১৯১০	সরলা বালা দেবী চৌধুরানি	মহিলাদের শিক্ষা ও তাঁদের প্রগতির জন্যে এই সংস্থা কাজ করেছে।
সোশ্যাল সার্ভিস লিগ	—	১৯১১	নারায়ণ মলহর যোশী	সাধারণ মানুষদের আর্থিক ও সামাজিক উন্নতির জন্যে এই লিগ কাজ করেছে।
সেবা সমিতি	এলাহাবাদ	১৯১৪	হৃদয়নাথ কুঞ্জরু	সামাজিক সেবা, শিক্ষার মাধ্যমে বঞ্চিত শ্রেণিবর্গের উন্নতি ঘটানো ছিলো এর লক্ষ্য।
দ ইন্ডিয়ান ওমেনস অ্যাসোশিয়েসনস	মাদ্রাস	১৯১৭	অ্যানি বেসান্ত	ভারতীয় মহিলাদের আর্থিক ও সামাজিক উন্নতির জন্য এই অ্যাসোশিয়েসনস কাজ করেছে।

প্রাচীন ও মধ্যযুগের ইতিহাস সংক্রান্ত তথ্যাবলি

❖ মুঘল প্রদেশ/সুবা

সম্রাট	সুবা	রাজধানী	স্থাপনকাল
আকবর	কবুল সুবা	কবুল	১৫৭০-
	লাহোর	লাহের	১৫৮৫
	মুলতান	মুলতান	
	আজমেড়	আজমেড়	
	গুজরাট	আহমেদাবাদ	
	দিল্লি	দিল্লি	
	আগ্রা	আগ্রা	
	মাল্‌ওয়া	উজ্জয়িন	
	অবধ	ফৈজাবাদ (পরে লক্ষ্ণৌ)	
	ইলাহাবাদ	ইলাহাবাদ	
	বিহার	পাটনা	
	বাংলা	তান্ডা (১৫৭৪-৯৫)	
		রাজমহল (১৫৯৫-১৬১০, ১৬৩৯-৫৯)	
		ঢাকা (১৬১০-১৬৩৯, ১৬৬০-১৭০৩)	
		মুর্শিদাবাদ (১৭০৩-৫৭)	
	কাশ্মীর	শ্রীনগর	১৫৮৬
	বেরার	ইল্লিচপুর	১৫৯৬
	খন্দেশ	বারহানপুর	১৬০১
	আহমেদনগর	আহমেদনগর	১৬০১
		(১৬০১-১৬৩৬) পরিবর্তিত নাম	
		দৌলতাবাদ (১৬৩৬) পুনঃপরিবর্তিত নাম ঔরঙ্গাবাদ	১৬৩৬
জাহাঙ্গীর	উড়িষ্যা	কটক	১৬০৭
শাহজাহান	থট্ট	থট্ট	১৬৩৫
	কান্দাহার	কান্দাহার	১৬৩৮
	তেলেঙ্গানা	নান্দেদ	১৬৩৬
	বাল্খ	বাল্খ	১৬৪৬
	বাদাক্ষন	কান্দুজ	১৬৪৬
	বিদার	বিদার	১৬৫৬
	বিজাপুর	বিজাপুর	১৬৮৪
ঔরঙ্গজেব	গোলকোণ্ডা	হায়দ্রাবাদ (পরে হায়দ্রাবাদ)	১৬৮৭
	সিরা	সিরা	১৬৮৭
বাহাদুর শাহ	আর্কট	আর্কট	১৭১০

❖ মুঘল সামরিক বিভাগ

পদের নাম	ভূমিকা
১। দাখিল	১। সরকারি বেতনভুক্ত সেনা
২। অহদিস	২। উচ্চ সেনা বিভাগ
৩। সিলদার	৩। সৈনিকদের নিহতদের ঘোড়া ও সৈন্য সংগ্রহ করতেন
৪। বার্গির	৪। ঘোড়া বাহিনী
৫। বন্দুকচি	৫। রাইফেলধারী সৈনিক
৬। সমশিরবাহ	৬। অসি যোদ্ধা
৭। আর্টিলারি	৭। কামান বাহিনী

❖ মুঘল প্রশাসনিক বিভাগ

বিভাগ	পদের নাম	ভূমিকা
১। প্রদেশ/সুবা	১। সিপাহ সালার/নিগম	১। প্রধান কার্যনির্বাহী
	২। দেওয়ান	২। রাজস্ব আধিকারিক
	৩। মীর বক্সি	৩। প্রশাসনিক প্রধান
	৪। মীর সামান	৪। রাজকীয় নথি সংগ্রাহক
	৫। ওয়াকিয়া নিগর/ ওয়াকিয়ানবিশ	৫। রাজবার্তা প্রতিবেদক
